অবিতথাগীর্ভিরমোঘবাগ্ভিঃ ॥ ১৭ ॥

অভিরূপঃ সদৃশঃ কৈবল্যাদিতি অহং খলু জগদীশ্বরঃ নহি জগদীশ্বরোঽন্যঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥

দ্বিজেষু দেবা ইব ব্রাহ্মণাস্তেষাং কুলং ॥ ১৮ ॥

আগ্নীধ্রীয়ে অগ্নীধ্রপুত্রে ॥ ১৯ । ২০ ॥

হে বিষ্ণুদত্ত তদবরোধায়নে তদন্তঃপুরস্থলে যা মেরুদেবী তস্যাং বাতবসনানাং দিগ্বাসসাং দিগ্বাসসোবালা অপি ভবন্তীত্যত

প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন ॥

হে ঋষিগণ! তোমাদের বাক্য কখন ব্যর্থ হয় না, কিন্তু তোমরা আমার নিকট যে বড় অসুলভ বর যাচ্ঞা করিলে, এই রাজার আমার সদৃশ পুত্র হয় এই ত তোমাদের প্রার্থনা, ইহা ত সুলভ নহে ॥ ১৭

কারণ আমার দ্বিতীয় নাই, আমিই আমার সদৃশ, ইহাতে কি রূপে এই রাজার আমার সদৃশ পুত্র হইবে? আমি কি রূপে তোমাদের এ প্রার্থনা পূর্ণ করিব ॥ ১৮ ॥

অথচ তোমরা ঐ রূপ বর প্রার্থনা করিলে, যাহা হউক, ব্রাহ্মণের বাক্য মিথ্যা হওয়া উচিত হয় না যে হেতু ব্রাহ্মণগণ দেবতার তুল্য ও ব্রাহ্মণ কুল আমার মুখ ॥ ১৯ ॥

অতএব আমার সদৃশ ব্যক্তি দেখিতে না পাওয়াতে আমাকেই নাভির পুত্র হইয়া অবতীর্ণ হইতে হইল। হে রাজন্! ভগবানের এই সকল কথা নাভির বনিতা মেরুদেবী শুনিতেছিলেন এবং নাভিও সেই খানে দণ্ডায়মান ছিলেন, অতএব ভগবান্ ঋত্বিগ্দিগের প্রতি যে কথা বলিলেন তাহা ঐ রাজা কেও শুনাইয়া অন্তর্ধান হইলেন ॥ ২০ ॥

হে বিষ্ণুদত্ত পরীক্ষিৎ! মহর্ষিগণ যজ্ঞে ঐ প্রকারে প্রসন্ন করাতে নাভির প্রিয় করিতে ভগবানের ইচ্ছা হইল। তদনন্তর দিগ্বাসা, তপস্বি, জ্ঞানি, তথা নৈষ্ঠিক ব্রহ্মচারিদিগের ধর্ম্ম প্রদর্শনার্থ ঐ নাভি

ধায়নে মেরুদেব্যাং ধর্ম্মান্ দর্শয়িতু কামো বাতবসনানাং শ্রমণানামৃষীণামূর্দ্ধমন্থিনাং শুক্লয়া তনুবা অবততার ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভ দেবাবির্ভাবস্তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথ তমুৎপত্ত্যৈবাভিব্যজ্যমান ভগবল্লক্ষণং সাম্যোপশম বৈরাগ্যৈশ্বর্য্য মহাবিভূতিভিরনুদিন মেধমানানুভাবং প্রকৃতয়ঃ প্রজা ব্রাহ্মণা দেবতাশ্চাবনিতলসমবনায়াতিতরাং জগৃধুঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দিগ্বাসসাং পাষণ্ডি ব্যাবৃত্ত্যর্থমাহ শ্রমণানাং তপস্বিনাং ঋষীণাং জ্ঞানিনাং ঊর্দ্ধ মন্থিনাং নৈষ্ঠিকব্রহ্মচারিণাং ॥ ২১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থাদি ত্রিভিঃ প্রোক্তমৃষভস্যেহিতং মহৎ। লোকার্থং যেন সৎ কর্ম্ম নৈষ্কর্ম্ম্যঞ্চ নিদর্শিতং। চতুর্থে শত পুত্রস্য রাজ্যং তস্যোপবর্ণ্যতে। যস্য রাজ্যে জনঃ সর্ব্বঃ সন্তোষামৃতনির্বৃতঃ ॥ • ॥

অভিব্যজ্যমানানি ভগবল্লক্ষণানি পাদতলাদিষু বজ্রাঙ্কুশাদীনি যস্য মহাবিভূতিঃ সর্ব্বসম্পত্তিঃ সাম্যাদিভিঃ সহ বর্দ্ধমান প্রভাবং প্রকৃতয়োঽমাত্যাদয়ঃ। জগৃধুঃ অভিকাঙ্ক্ষিতম্ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মচারিণামপি। তচ্চরিতে তস্ত তস্ত দর্শয়িষ্যমাণত্বাৎ ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্ত তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সাম্যাদিভিঃ পূর্ব্বস্যৈবান্বয়ঃ বর্ম্মাদিভিঃ ঋষভঃ শ্রেষ্ঠ ইতি হেতোরিদং ঋষভ ইত্যেতন্নাম চকার ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আহ শ্রমণানাং তপস্বিনাং। তথা ভূতাঃ পাষণ্ডিনোপি ভবন্তীত্যত আহ ঋষীণাং শাস্ত্রোক্ত জ্ঞানবতাং তেষাং ব্রহ্মচর্য্যাদভ্রংশমাহ ঊর্দ্ধমন্থিনামূর্দ্ধরেতসাং শুক্লয়া শুদ্ধ সত্ত্ব রূপয়া তনুবা তন্বা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্থে পুত্রশতকং ভরতপ্রবরং প্রভুঃ। জনয়িত্বা ব্যধাদ্রাজ্যং প্রজানাং সার্ব্বকামিকং ॥ • ॥

জগৃধুরভিচকাঙ্ক্ষুঃ ॥ ১ ॥

রাজার অন্তঃপুরে তদীয় ভার্য্যা মেরু দেবীর গর্ব্ভে শুদ্ধসত্ত্ব মূর্ত্তি ধারণ পূর্ব্বক ঋষভ রূপে অবতীর্ণ হইলেন ॥ ২১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থাধ্যায়ে নাভিপুত্র ঋষভদেবের রাজ্যবর্ণন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! ভগবান্ ঋষভের জন্ম হইবামাত্র তাঁহার অঙ্গে ভগবল্লক্ষণ সকল অর্থাৎ পাদতলাদিতে বজ্রাঙ্কুশাদির চিহ্ন সুস্পষ্টরূপে প্রকাশ পাইতে আরম্ভ হইল এবং সর্ব্বত্র সমত্ব, উপশম, বৈরাগ্য, ঐশ্বর্য্য, মহৈশ্বর্য্য সহ তাঁহার প্রভাব দিন দিন বৃদ্ধিশীল হইতে লাগিল, তদবলোকনে আমাত্য বর্গ, ব্রাহ্মণ, দেবতা ও প্রজাগণের মনে এই অভিলাষ হইল, ইনিই যেন রাজা হইয়া অবনীতল পালন করেন ॥ ১ ॥

তস্য হ বাব ইত্থং বর্ষ্মণা বরীয়সা বৃহচ্ছ্লোকেন চৌজসা বলেন শ্রিয়া যশসা বীর্য্যশৌর্য্যাভ্যাঞ্চ পিতা ঋষভ ইতীদং নাম চকার ॥ ২ ॥

যস্য হীন্দ্রঃ স্পর্দ্ধমানো ভগবান্ বর্ষে ন ববর্ষ তদবধার্য্য ভগবানৃষভদেবো যোগেশ্বরঃ প্রহস্যাত্ম যোগমায়য়া স্বং বর্ষমজনাভং নামাভ্যবর্ষৎ ॥ ৩ ॥

নাভিস্তু যথাভিলষিতং সুপ্রজস্ত্বমবরুধ্যাতি প্রমোদভর বিহ্বলো গদ্গদাক্ষরয়া গিরা স্বৈরং গৃহীত নরলোক সধর্ম্মং ভগবন্তং পুরাণপুরুষং মায়াবিলসিতমতি র্বৎস তাতেতি সানুরাগ মুপলালয়ন্ পরাং নির্বৃতিমুপগতঃ ॥ ৪ ॥

বিদিতানুরাগমাপৌর প্রকৃতি জনপদো রাজা নাভি রাত্মজং সময়সেতুরক্ষায়ামভিষিচ্য ব্রাহ্মণেষু

শ্রীধরস্বামী ।

বর্ষ্মণা দেহেন তস্য বিশেষণ দ্বয়ং বরীয়সা শ্রেষ্ঠতমেন বৃহন্তঃ শ্লোকাঃ পদ্যানি কবীনাং যস্মিন্ তেনচ ওজস্তেজো বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যং উৎসাহঃ এতৈগুর্ণৈঃ অতিশ্রেষ্ঠত্বাৎ ঋষভঃ শ্রেষ্ঠ ইতি নাম চকার ॥ ২ ॥

যস্য বর্ষে মণ্ডলে ॥ ৩ ॥ অবরুধ্য প্রাপ্য স্বৈরমিচ্ছয়া গৃহীতো নরলোক সমান ধর্ম্মো মনুষ্যাকারো যেন তং অতএব মায়য়া স্বপুত্র ইতি বিলসিতা মতির্যস্য ॥ ৪ ॥

আপৌর প্রকৃতি পৌরান্ প্রকৃতিশ্চাভিব্যাপ্য বিদিতোনুরাগো যস্মিন্ কথম্ভূতোনাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয়ঃ পদং প্রমাণং

ক্রমসন্দর্ভঃ

সময় সেতুরক্ষায়াং নতু রাজত্বে ইতি জ্ঞেয়ং তদাহি তদুচিত গার্হস্থ্যাশ্রম পরিগ্রহাভাবাৎ রাজ্যাভিষেকস্তু পশ্চাৎ ব্রাহ্মণৈরেব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বর্ষ্মণা দেহেনেত্যস্য বিশেষণদ্বয়ং বরীয়স্যা শ্রেষ্ঠেন বৃহন্তঃ শ্লোকাঃ কবীনাং যস্মিন্ তেন বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যমুৎসাহঃ। ঋষভ ইতি শ্রেষ্ঠত্বাদিত্যর্থঃ ॥ ২ ॥

অস্য শ্রীঋষভদেবঃ নাভিস্তৎ পিতা তাভ্যাং রক্ষিতত্বাদজনাভসংজ্ঞমিত্যর্থঃ। বৃষ্ট্যাভাব আর্ষঃ ॥ ৩ ॥

অবরুধ্য প্রাপ্য মায়য়া পুত্র জ্ঞানেন বিলসিতা মতির্যস্য সঃ। শাম্ভবী শাম্বরী বুদ্ধ্যোরিতি ত্রিকাণ্ডশেষঃ ॥ ৪ ॥

আপৌর প্রকৃতি পৌরান্ প্রকৃতীশ্চাভিব্যাপ্য। বিদিতোঽনুরাগো যস্মিং স্তং কথং ভূতো নাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয়

মহারাজ! ঋষভদেবের শরীর কবিদিগের বর্ণনীয় ও অতিশয় শ্রেষ্ঠ হইল এবং তিনি স্বয়ং তেজঃ, প্রভাব, শক্তি, উৎসাহ, কান্তি ও যশঃ ইত্যাদি গুণে সর্ব্ব প্রধান হইলেন, তদ্দর্শনে তাঁহার পিতা নাভি তাঁহার নাম 'ঋষভ' রাখিলেন ॥ ২ ॥

হে রাজন্! ঋষভদেবের প্রভাবের কথা কি বলিব, একদা অমরাধিপ ইন্দ্র স্পর্দ্ধা করিয়া তাঁহার রাজ্য মণ্ডলে বর্ষণ করেন নাই, এই যোগেশ্বর ভগবান্ ঋষভ তাহা অবগত হইয়া হাস্য করতঃ যোগমায়া দ্বারা আপনার অজনাভ নামক মণ্ডলকে বৃষ্টি সমন্বিত করিয়াছিলেন ॥ ৩ ॥

সে যাহা হউক, অভিলাষানুরূপ সন্তান লাভ হওয়াতে নাভি রাজা হর্ষভরে বিহ্বল হইলেন এবং ভগবান্ পুরাণ পুরুষ, যিনি স্বেচ্ছাক্রমে মনুষ্য বিগ্রহ পরিগ্রহ করিলেন, তাঁহাকে স্নেহ বশতঃ বৎস! তাত! এই প্রকার সম্বোধন পূর্ব্বক সুমহৎ অনুরাগ সহকারে লালন পালন করিয়া সাতিশয় প্রীতি অনুভব করিতে লাগিলেন। হে রাজন্! নাভি রাজার এ প্রকার আচরণ অসম্ভব নহে, কারণ, যদিও সাক্ষাৎ ভগবান্ তাঁহার গৃহে অবতীর্ণ হইলেন, তথাচ মায়া দ্বারা "ইনি আমার পুত্র" তাঁহার এই রূপ দৃঢ় প্রত্যয় হইয়াছিল ॥ ৪ ॥

কিয়দ্দিনানন্তর নাভিরাজা দেখিলেন পুত্র ত যোগ্য হইল, পুরবাসী জন ও আমাত্য সকলও তাঁহার

পনিদায় সহ মেরুদেব্যা বিশালায়াং প্রসন্ননিপুণেন তপসা সমাধি যোগেন নরনারায়ণাখ্যং ভগবন্তং বাসুদেবমুপাসীনঃ কালেন তন্মহিমানমবাপ। যত্র হ পাণ্ডবেয় শ্লোকাবুদাহরন্তি ॥ ৫ ॥
কোনু তৎ কর্ম্ম রাজর্ষে র্নাভেরন্বাচরেৎ পুমান্। অপত্যতামগাৎ যস্য হরিঃ শুদ্ধেন কর্ম্মণা ॥ ৬
ব্রহ্মণ্যোঽন্যঃ কুতো নাভে র্বিপ্রা মঙ্গলপূজিতাঃ। যস্য বর্হিষি যজ্ঞেশং দর্শয়ামাসুরোজসা ॥ ৭ ॥
অথহ ভগবান্ ঋষভদেবঃ স্বং বর্ষং কর্ম্মক্ষেত্রমনুমন্যমানঃ প্রদর্শিত গুরুকুল বাসোলব্ধবরৈ গুরুভিরনুজ্ঞাতো গৃহমেধিনাং ধর্ম্মাননুশিক্ষমাণো জয়ন্ত্যামিন্দ্রদত্তায়ামুভয়বিধং কর্ম্ম সমা

শ্রীধরস্বামী।

যস্য সঃ আত্মজং ধর্ম্মমর্য্যাদা রক্ষার্থং অভিষিচ্য ব্রাহ্মণানামুৎসঙ্গে নিধায় বিশালায়াং বদরিকাশ্রমে প্রসন্নং পরানুদ্বেজকং নিপুণঞ্চ তীব্রং তেন উপাসীনঃ সেবমানঃ ॥ ৫ ॥
নাভে স্তৎ প্রসিদ্ধং কর্ম্ম অনু তদনন্তরং কোনু পুমান্ আচরেৎ ॥ ৬ ॥
মঙ্গলৈর্দক্ষিণাদিভিঃ পূজিতাঃ সন্তঃ ওজসা মন্ত্রবলেন ॥ ৭ ॥
অন্যেষাং গ্রহণায় প্রদর্শিতো গুরুকুল বাসোযেন অনুশিক্ষমাণঃ অনুশিক্ষয়ন্ উভয়বিধং শ্রুতিস্মৃতি লক্ষণং কর্ম্ম বিধিং অভিযুঞ্জন্

ক্রমসন্দর্ভঃ।

কর্ত্তব্য ইতি শেষঃ ॥ ৫। ৬ ॥
মঙ্গলমত্র সুখভাবঃ ॥ ৭। ৮। ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এব পদং আত্মজাভিষেকে প্রমাণং যস্য সঃ। সময়ানাং সদাচারাণাং যা যা মর্য্যাদা তদ্রক্ষণায় বিশালায়াং বদরিকাশ্রমে প্রসন্নেন সর্ব্বত্র প্রসাদবতা সর্ব্ব সুখদেনেত্যর্থঃ। নিপুণেন ফলসাধনসামর্থ্যেন। তস্যৈব মহিমা যত্র তং বৈকুণ্ঠং ॥ ৫ ॥
শুদ্ধেন কর্ম্মণা ভক্তিযোগেন ॥ ৬ ॥
মঙ্গলং যথাস্যাত্তথা দক্ষিণাদিভিঃ প্রসাদিতাঃ। ভক্তস্যাস্যমঙ্গলেনৈব কর্ত্রা পূজিতা ইতি বা ওজসা ভক্তিবলেন ॥ ৭ ॥
অনুমন্যমানো জানন্। প্রদর্শিতেত্যন্যেষাং গ্রহণায়েত্যর্থঃ। লব্ধবরৈ র্লব্ধ দক্ষিণৈঃ অনুশিক্ষমাণঃ শিক্ষয়ন্ উভয়বিধং শ্রুতি

প্রতি অনুরক্ত হইয়াছে অতএব ধর্ম্ম মর্য্যাদা রক্ষার্থ তাঁহাকে রাজ্যে অভিষেক পূর্ব্বক ব্রাহ্মণদিগের ক্রোড়ে স্থাপন করিয়া মেরুদেবীর সহিত বদরিকাশ্রমে প্রস্থান করিলেন এবং অনুদ্বেগকর অথচ কঠোর তপস্যা ও সমাধিযোগ অবলম্বন করিয়া নর নারায়ণ নামক ভগবান্ বাসুদেবের উপাসনা করত যথাকালে তাঁহার মহিমা প্রাপ্ত হইলেন। হে পাণ্ডবেয়! তদ্বিষয়ে মহর্ষিরা দুইটী শ্লোক পাঠ করিয়া থাকেন ॥ ৫ ॥

তাহার অর্থ যথা— রাজর্ষি নাভির সেই প্রসিদ্ধ কর্ম্ম তাঁহার পরে আর কোন্ পুরুষ করিতে পারিবে? তিনি অসামান্য মনুষ্য তাঁহার শুদ্ধ কর্ম্ম দ্বারা ভগবান্ হরি স্বয়ং পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন ॥ ৬

অপর সেই নাভি ভিন্ন অন্য ব্রহ্মণ্যই বা (ব্রহ্ম তেজঃ সম্পন্ন) কে আছে! তাঁহার যজ্ঞে ব্রাহ্মণ গণ দক্ষিণা দ্বারা পূজিত হইয়া মন্ত্র বলে ভগবান্ যজ্ঞপুরুষকে দর্শন করিয়াছিলেন ॥ ৭ ॥

সে যাহা হউক, ভগবান্ ঋষভদেব রাজ্যে অভিষিক্ত হইয়া আপনার বর্ষকে কর্ম্ম ক্ষেত্র বলিয়া মান্য করত অন্য লোকের উপদেশার্থ কিয়দ্দিন গুরুকুলে বাস করিলেন, পরে গুরুগণের অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক প্রত্যাগমন করিয়া লোকদিগকে ধর্ম্ম শিক্ষা প্রদান এবং শ্রুতি স্মৃতি উভয় বিধ কর্ম্ম বিধি অনুষ্ঠান করিতে লাগিলেন। ইন্দ্র তাঁহাকে জয়ন্তী নামে একটী কন্যা প্রদান করিয়াছিলেন। ভগবান্ ঋষভ দেব দেবদত্তা সেই ভার্য্যায় আত্মতুল্য গুণশালী একশত সন্তান উৎপন্ন করিলেন। হে রাজন্! সেই

স্বায়ম্ভিযুঞ্জমাত্মজামাত্মসমানানাং শতং জনয়ামাস। যেষাং খলু মহাযোগী ভরতো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠ গুণ আসীৎ যেনেদং বর্ষং ভারতমিতি ব্যপদিশন্তি ॥ ৮

তমনুকুশাবর্ত্ত ইলাবর্ত্তো ব্রহ্মাবর্ত্তো মলয়ঃ কেতু র্ভদ্রসেন ইন্দ্রস্পৃক্‌বিদর্ভঃ কীকট ইতি নব নবতি প্রধানাঃ ॥ ৯ ॥

কবি র্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ। আবির্হোত্রোথ দ্রবিড়শ্চমসঃ করভাজন ইতি ভাগবত ধর্ম্মদর্শনা নব মহাভাগবতা স্তেষাং সুচরিতং ভগবন্মহিমোপবৃংহিতং বসুদেব নারদ সম্বাদমুপশমায়নমুপরিষ্টাদ্বর্ণয়িষ্যামঃ ॥ ১০ ॥

যবীয়সাং একাশীতি র্জায়ন্তেয়াঃ পিতুরাদেশকরা মহাশালীনা মহাশ্রোত্রিয়া যজ্ঞশীলাঃ কর্ম্ম বিশুদ্ধা ব্রাহ্মণা বভূবুঃ ॥ ১১ ॥

ভগবানৃষভসংজ্ঞ আত্মতন্ত্রঃ স্বয়ং নিত্যনিবৃত্তানর্থ পরম্পরঃ কেবল আনন্দানুভব ঈশ্বর এব

শ্রীধরস্বামী।

অনুতিষ্ঠন্ জয়ন্ত্যামাত্মজানাং শতং জনয়ামাস ॥ ৮ ॥ তং ভরতমনুকুশাবর্ত্তাদয়ো নবপুত্রা নবতেঃ প্রধানাঃ শ্রেষ্ঠাঃ ॥ ৯ ॥

তদনন্তরং কবিপ্রমুখা নব ভাগবত ধর্ম্ম প্রদর্শকাঃ বসুদেব নারদয়োঃ সংবাদো যস্মিন্ উপরিষ্টাদেকাদশে ॥ ১০ ॥

মহাশালীনা অতিবিনীতাঃ ॥ ১১ ॥

কেবলঃ শুদ্ধঃ বিপরীতবৎ অনীশ্বরবৎ কর্ম্মাণি কুর্ব্বন্ ত্বয়ময়ৎ নিয়মিতবান্। স্বয়মম দিতিপাঠে নিতরাং অরময়ৎ। কর্ম্ম

ক্রমসন্দর্ভঃ।

কালেন সংহারকেণ অনুগতং উৎসন্নমিত্যর্থঃ ॥ ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মৃতি লক্ষণং উভয় লক্ষণমিতি পাঠঃ। সম্যগাম্নায়েন ব্রাহ্মণোপদেশেনাম্নাতমভ্যস্তং অভিযুঞ্জন্ অনুতিষ্ঠন্ আম্নায়োনিগমেপি চ। উপদেশেপীতি মেদিনী ॥ ৮ ॥

তং ভরতমনুভরতস্য কনিষ্ঠা ইত্যর্থঃ। নবতি প্রধানাঃ নবতে র্জ্যেষ্ঠা ইত্যর্থঃ। পুংস্বমার্ষং ॥

উপরিষ্টাদেকাদশস্কন্ধে ॥ ৯ । ১০ ॥ মহাশালীনা অতিবিনীতা ॥ ১১ ॥

বিপরীতবৎ অনীশ্বরোজীব ইব অতদ্বিদাং দ্বিতীয়ার্থে ষষ্ঠী ধর্ম্মমবিদুষ ইত্যর্থঃ। ধর্ম্মাদীনামবরোধেন প্রাপ্ত্যা হেতুনা স্বয়

শত পুত্রের মধ্যে ভরত জ্যেষ্ঠ, তিনি মহাযোগী ও শ্রেষ্ঠ গুণ সম্পন্ন ছিলেন, তাঁহারই নামে লোকে এই বর্ষকে ভারতবর্ষ বলিয়া থাকে ॥ ৮ ॥

মহারাজ! ঋষভদেবের অন্য যে নবাধিক নবতি সন্তান ছিল, তাহাদের মধ্যে কুশাবর্ত্ত, ইলাবর্ত্ত ব্রহ্মাবর্ত্ত, মলয়, কেতু, ভদ্রসেন, ইন্দ্রস্পৃক্, বিদর্ভ এবং কীকট এই নয়টী প্রধান, ইঁহারা নয়জনেই ঐ ভরতের অনুগত হইলেন ॥ ৯ ॥

হে রাজন্! ঐ নয় পুত্রের পরবর্ত্তী অন্য নয়জন অর্থাৎ কবি, হবি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রবিড়, চমস এবং করভাজন, ইঁহারা ভাগবত ধর্ম্ম প্রদর্শক ও মহাভাগবত, ইঁহাদের চরিত্র ভগবানের মহিমায় পরিবর্দ্ধিত করিয়া পশ্চাৎ (একাদশস্কন্ধে) বর্ণন করিব তাহাতেই বসুদেব ও নারদের সম্বাদ থাকিবে ॥ ১০ ॥

হে রাজন্! ঐ সকলের কনিষ্ঠ যে একাশীতি পুত্র তাঁহারা সকলেই পিত্রাজ্ঞা পালক, অতিশয় বিনীত, বেদজ্ঞ, যজ্ঞশীল ও বিশুদ্ধ কর্ম্ম সম্পন্ন এবং ব্রাহ্মণ হইলেন ॥ ১১ ॥

সে যাহা হউক, ভগবান্ ঋষভদেব যদিও আপনি আপনার প্রভু, সুতরাং অনর্থ পরম্পরা হইতে

বিপরীতবৎ কর্ম্মাণ্যারভমাণঃ কালেনানুগতং ধর্ম্মমাচরণেনোপশিক্ষয়ন্নতদ্বিদাং শম উপশান্তো মৈত্রঃ কারুণিকো ধর্ম্মার্থ যশঃ প্রজানন্দামৃতাবরোধেন গৃহেষু লোকান্নিয়মযৎ ॥ ১২ ॥

যদ্যচ্ছীর্ষণ্যাচরিতং তত্তদেবানুবর্ত্ততে লোকঃ ॥ ১৩ ॥

যদ্যপি স্ববিদিতং সকলধর্ম্মং ব্রাহ্মং গুহ্যং ব্রাহ্মণৈর্দর্শিতমার্গেণ সামাদিভিরুপায়ৈর্জন তামনুশশাস ॥ ১৪ ॥

দ্রব্যদেশ কাল বয়ঃ শ্রদ্ধর্ত্ত্বিগ্বিবিধোদ্দেশোপচিতৈঃ সর্ব্বৈরপি ক্রতুভির্যথোপদেশং শতকৃত্ব ইয়াজ ॥ ১৫ ॥

ভগবতর্ষভেণ পরিরক্ষ্যমাণ এতস্মিন্ বর্ষে ন কশ্চন পুরুষো বাঞ্ছত্যবিদ্যমানমিবাত্মনোঽন্যস্মাৎ

শ্রীধরস্বামী।

করণে হেতুঃ অনুগতং উৎপন্নং ধর্ম্মং স্বয়মাচরণেনাতদ্বিদামুপশিক্ষয়ন্। কথং ধর্ম্মাদীনাং অবরোধেন সংগ্রহেণ আনন্দো ভোগঃ অমৃতং মোক্ষঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ তেনানুচরিতং তত্তদনুচরিতং তত্তদনুবর্ত্ততে যতঃ ॥ ১৩ ॥

সকলোধর্ম্মো যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদরহস্যং। যদ্যপি স্বেনৈব বিদিতং তথাপি ব্রাহ্মণান্ পৃষ্টৈব করোতীত্যর্থঃ ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈর্যজ্ঞৈরিষ্টবান্ তত্র বয়ো যৌবনং যুবৈব ধর্ম্ম মন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানা দেবতোদ্দেশাঃ যথোপদেশং যথাবিধি ॥ ১৫ ॥

অন্যস্মাৎ সকাসাৎ আত্মনঃ কশ্চিদপি কিমপি কথঞ্চনাপি নবাঞ্ছতি ইচ্ছাহৃদয়ে দৃষ্টান্তঃ অবিদ্যমানং খ পুষ্পাদিকমিব ন চাপ্তদীয়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ময়ৎ নিয়মিতবান্। স্তুরমযদিতি চ পাঠঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ ॥ ১৩ ॥

সকলা ধর্ম্মা যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদোক্তং রহস্যং যদ্যপি স্বেনৈব বিদিতং তদপি ব্রাহ্মণৈর্দর্শিতেনৈব ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈঃ। বয়ো যৌবনং যুবৈব ধর্ম্ম মন্বিচ্ছেদিতি বচনাৎ বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ ॥ ১৫ ॥

কশ্চন কশ্চিদপি পুরুষোঽবিদ্যমানং খপুষ্পমিব কমপি আত্মনঃ স্বস্ত অন্যস্মাৎ সকাশাৎ নবাঞ্ছতি। ভর্ত্তরি ঋষভদেবে স্নেহা-

নিবৃত্ত এবং বিশুদ্ধ আনন্দ ও জ্ঞান স্বরূপ ঈশ্বর, তথাপি অনীশ্বরের তুল্য বিবিধ কর্ম্ম করিলেন, ইহার কারণ এই, আপনার সহিত যে ধর্ম্ম উৎপন্ন হইয়াছে, স্বয়ং আচরণ দ্বারা তাহা অনভিজ্ঞ লোকদিগকে শিক্ষা দিবেন। অপর তিনি স্বয়ং শান্ত ও দান্ত ছিলেন, তথাচ কারুণিকতা প্রযুক্ত ধর্ম্ম, অর্থ, যশঃ, প্রজা, ভোগ ও মোক্ষ সংগ্রহ দ্বারা গৃহের প্রতি লোকদিগকে নিয়মিত করিলেন ॥ ১২ ॥

হে রাজন্! যে হেতু শ্রেষ্ঠ লোকেরা যাহা যাহা আচরণ করেন অন্য লোকে তাহারই অনুবর্ত্তী হইয়া থাকে। এই কারণে ভগবান্ ঋষভদেব ঐ রূপ কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলেন ॥ ১৩ ॥

যদিও তিনি সর্ব্ব ধর্ম্ম প্রতিপাদক বেদরহস্য স্বয়ং অবগত ছিলেন তথাপি ব্রাহ্মণদিগের প্রদর্শিত বর্ত্ম দ্বারা সামাদি উপায় অবলম্বন পূর্ব্বক প্রজাপালনে প্রবৃত্ত হইলেন ॥ ১৪ ॥

তিনি সর্ব্ব প্রকার যজ্ঞ দ্বারা শতবার যথাবিধি যাগ করিয়াছিলেন তাঁহার সেই সকল যজ্ঞ যৎসামান্য হয় নাই, দ্রব্য, দেশ, কাল, যৌবন, শ্রদ্ধা, ঋত্বিক্, নানা দেবতার উদ্দেশ ইত্যাদি দ্বারা অতিশয় বৃদ্ধিশীল হইয়াছিল ॥ ১৫ ॥

মহারাজ! ভগবান্ ঋষভদেব এই ভারতবর্ষের ভর্ত্তা হইয়া সর্ব্ব প্রকারে ইহার রক্ষণাবেক্ষণ

কথঞ্চন কিমপি কর্হিচিদবেক্ষতে ভর্ত্তর্য্যনুসবনং বিজৃম্ভিত স্নেহাতিশয়মন্তরেণ ॥ ১৬ ॥

সকদাচিদটমানো ভগবানৃষভো ব্রহ্মাবর্ত্তগতো ব্রহ্মর্ষি প্রবর সভায়াং প্রজানাং নিশাময়ন্তী

নামাত্মজানবহিতাত্মনঃ প্রশ্রয় প্রণয়ভর সুযন্ত্রিতানপ্যুপশিক্ষয়ন্নিতি হোবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভ দেবানুচরিতে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীঋষভদেব উবাচ ॥

নায়ং দেহোদেহভাজাং নৃলোকে কষ্টান্ কামানর্হতে বিড্ভুজাং যে ।

শ্রীধরস্বামী ।

মবেক্ষতেঽপীত্যর্থঃ । ভর্ত্তরি ঋষভদেবে অনুক্ষণ মুল্লসিত স্নেহোদ্রেকং বিনা অন্যন্নবাঞ্ছতি ॥ ১৬ ॥

অবহিতাত্মনঃ সংযতচিত্তানপি প্রজানুশাসনার্থং উপশিক্ষয়ন্নিতিহ বক্ষ্যমাণমুবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমে মোক্ষধর্ম্মোপদেশৈঃ পুত্রানুশাসনং । উক্তং পারমহংস্যঞ্চ তস্য দ্বন্দ্বতিতিক্ষয়া ॥ ০ ॥

বিড্ভুজামপি যে সন্তি তান্ কষ্টান্ দুঃখদান্ কামান্ বিষয়ান্নার্হতে তদ্যোগ্যোঽয়ং মনুষ্যদেহো ন ভবতি দিব্যং উৎকৃষ্টং যেন

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

মহদিতি যুগ্মকং তত্র ব্রহ্মসৌখ্যস্য নির্বিশেষ সবিশেষতা ভেদেন দ্বৈবিধ্য প্রতিপাদকং মহতাং দ্বৈবিধ্যমাহ সমচিত্তাঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তিশয়ং কেবলমবেক্ষতে অন্তরেণান্তরাত্মনা অন্তরমবকাশাবধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ছিদ্রাত্মীয় বিনা বহিরবসর মধ্যেঽন্ত-রাত্মনি চেত্যমরঃ ॥ ১৬ । ১৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । পঞ্চমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

স্বভক্তিং স্বানুপাদিশ্য বিধায় ভরতং নৃপং । প্রব্রজ্য পঞ্চমে দেবোজড়চর্য্যামদীদৃশৎ ॥ ০ ॥

উপশিক্ষয়ন্ বাচেত্যুক্তং তত্র ভক্তিযোগে প্রবর্ত্তয়িতুং প্রথমং মনুষ্যদেহস্য পুরুষার্থ সাধনত্বং বিষয়ভোগানৌচিত্যঞ্চাহ নায় মিতি কষ্টান্ কষ্টপ্রদান্ কামান্ যোষিদ্দর্শন স্পর্শনাদীন্ নার্হতে নৈবার্হতি ইতি কুতঃ যে বিড়্ভুজামপি সন্তি কামার্হত্বে মনুষ্যদেহ

করিতে থাকিলে অত্রস্থ কোন পুরুষের অন্যের নিকট হইতে আপনার নিমিত্ত খপুষ্পের ন্যায় কিছুই প্রার্থনা করিতে ইচ্ছা হয় নাই এবং কোন পুরুষ অন্যদীয় বস্তুর প্রতি দৃক্পাত ও করেন নাই, ফলতঃ ঋষভদেবের রাজত্ব কালে প্রজারা আপনার স্বামির প্রতি অনুক্ষণ বৃদ্ধিশীল স্নেহাতিশয় ব্যতীত আর কেহ কিছুই বাঞ্ছা করিত না ॥ ১৬ ॥

ঐ ভগবান্ ঋষভদেব এক সময় দেশ পর্য্যটনার্থ নির্গত হইয়া ভ্রমণ করিতে করিতে ব্রহ্মাবর্ত্তদেশে উপনীত হইলেন। তথায় প্রধান প্রধান ব্রহ্মর্ষিদিগের সভায় প্রবিষ্ট হইয়া দেখিলেন আপনার সন্তান গণ উপস্থিত রহিয়াছেন। যদিও তাঁহাদের চিত্ত স্বভাবতঃ সংযত এবং বিনয় ও প্রণয় দ্বারা সুযন্ত্রিত, তথাচ প্রজানুশাসনার্থ তাঁহাদিগকে প্রজাদের সমক্ষে শিক্ষা দান করত কহিতে আরম্ভ করিলেন ॥ ১৭

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে ভগবান্ ঋষভ কর্ত্তৃক পুত্রদের প্রতি মোক্ষ ধর্ম্মোপদেশ এবং দ্বন্দ্ব ধর্ম্ম পরিত্যাগ নিমিত্ত পারমহংস্য জ্ঞান কথন ॥ ০ ॥

ঋষভদেব কহিলেন হে পুত্রগণ! যাহারা মনুষ্য লোকে জন্ম গ্রহণ করিয়া মানব দেহ প্রাপ্ত হই-

তপো দিব্যং পুত্রকা যেন সত্বং শুদ্ধেদ্যস্মাদ্ ব্রহ্মসৌখ্যং ত্বনন্তং ॥ ১ ॥
মহৎ সেবাং দ্বার মাহুর্বিমুক্তে স্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গং।
মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা বিমন্যবঃ সুহৃদঃ সাধবো যে ॥ ২ ॥
যে বা ময়ীশে কৃত সৌহৃদার্থা জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।

শ্রীধরস্বামী।

তপসা যস্মাৎ শুদ্ধসত্বাৎ অনন্তং ব্রহ্মসুখং ভবতি ॥ ১ ॥

মোক্ষবন্ধয়োর্নিদানমাহ মহৎসেবামিতি তমসঃ সংসারস্য দ্বারং যোষিতাং যে সঙ্গিনস্তেষাং সঙ্গং। মহতাং লক্ষণমাহ সার্দ্ধেন মহান্ত ইতি সাধবঃ সদাচারাঃ ॥ ২ ॥

ময়ি ঈশে কৃতং সৌহৃদমেবার্থঃ পুরুষার্থোযেষাং বা শব্দেনাস্য নিরপেক্ষস্যৈব অস্য লক্ষণত্বং দর্শয়তি দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয় বার্ত্তৈব ন ধর্ম্ম বিষয়া যেষু তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেষুচ রাতির্মিত্রং ধনং বা। রাতিদেষিতি পাঠান্তরে জায়াদি

ক্রমসন্দর্ভঃ।

অভেদ দর্শিনঃ। তেষাং সাধনান্যাহ। প্রশান্তা ইত্যাদিনা। উত্তরেষামপি সাধনান্যাহ জনেষিত্যাদিনা। যাবানর্থোমৎ সৌহৃদময় ভক্তি স্তাবান্ তদনুরূপ এব নত্বধিকন্যূনঃ অর্থো ধনং যেষাং তে ॥ ১। ২। ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শূকর দেহয়ো স্তুল্যত্বাপত্তেরিতি ভাবঃ। তেন শূকর দেহাদিভি র্যন্ন লভ্যতে তদেব মনুষ্য দেহেন লব্ধং যতনীয়ং তদেব মনুষ্যত্ব চিহ্নং কিং তত্রাহ তপ ইতি। তচ্চানাহার বর্ষাতপ সহনাদিকং বৃক্ষাদীনামপি বর্ত্তত ইতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ দিব্যমপ্রাকৃতং ভগবৎ সম্বন্ধীত্যর্থঃ। হে পুত্রকাঃ অনুকম্পায়াং কন্ সত্বমন্তঃকরণং ॥ ১ ॥

মনুষ্যদেহাদেবোদ্ধারোঽধঃ পাতশ্চ ভবতীতি তয়োঃ কারণমপি মনুষ্য দেহেঽস্তীত্যাহ মহদিতি বিমুক্তে র্বিবিধ মুক্তেঃ। ব্রহ্মসৌখ্যং ত্বনন্তমিতি পূর্ব্বোক্তে র্ব্রহ্ম সৌখ্যস্যচ নির্ব্বিশেষ সবিশেষ ব্রহ্ম সম্বন্ধিত্বেন দ্বৈবিধ্যান্মুক্তিরপি সাযুজ্যং ভক্তিমৎ পার্ষদত্বঞ্চেতি দ্বিবিধা বিশব্দাব্যাখ্যেয়া। মহান্তোপি দ্বিবিধা ব্রহ্মোপাসকা ভগবদুপাসকাশ্চ তেষাং লক্ষণং তত্রৈবাহ সমচিত্তাঃ অভেদ দর্শিনঃ অকুটিল চিত্তাশ্চ প্রশান্তাঃ প্রশমাদিযুক্তাঃ ভগবন্নিষ্ঠ বুদ্ধয়শ্চ। শমোমন্নিষ্ঠতা বুদ্ধেরিতি ভগবদুক্তেঃ। বিমন্যব ইত্যাদি বিশেষণত্রয়মুভয়ত্র তুল্যার্থং সাধবঃ পরদোষাগ্রাহিণঃ ॥ ২ ॥

উত্তরেষামসাধারণং লক্ষণং পুনরাহ ময়ি ঈশে কৃতং সৌহৃদং প্রীতিরেব অর্থঃ পুরুষার্থো যেষাং মৎপ্রীতেরন্যস্তু যে পুরুষার্থং ন মন্যন্ত ইত্যর্থঃ। বা শব্দেনান্য নিরপেক্ষত্বাত্তস্যৈব লক্ষণত্বং দর্শয়তীতি শ্রীস্বামিচরণাঃ। দেহম্ভরাণাং ভোজন পানাদ্যাসক্তানাং যা বার্ত্তা জীবিকাঃ কথা বা তাভিরেব যে দীব্যন্তি তেষু জনেষু জায়াদি যুক্তেষু গৃহেষুচ বিদ্যমানেষপি ন প্রীতিযুক্তাঃ। রাতি র্ধনং নমু তর্হি কিমর্থং তেষু গৃহেষু তিষ্ঠন্তীতি তত্রাহ। যাবত্তিরেব ধনাদিভিরর্থোমৎপাদসেবনাদ্যাত্মিকা ভক্তি

য়াছে, তাহাদের ঐ দেহে দুঃখদ বিষয় সকল ভোগ করা উচিত হয় না কারণ, ঐ সকল বিষয় বিষ্ঠাভোজি শূকর প্রভৃতিরও আছে। হে বৎস সকল! তপস্যাই একমাত্র উৎকৃষ্ট বস্তু, যে হেতু তদ্দ্বারা সত্ব শুদ্ধ হয় এবং সত্ব শুদ্ধ হইলে তাহা হইতে অনন্ত ব্রহ্ম সুখ হইয়া থাকে ॥ ১ ॥

হে পুত্রগণ! পণ্ডিতেরা মহৎ সেবাকে মুক্তির দ্বার এবং যোষিৎ সঙ্গিদিগের সঙ্গকে সংসারের কারণ বলিয়া থাকেন, বৎসগণ! কি প্রকার লোকদিগকে মহৎ বলে তাহাদের লক্ষণ বলি শ্রবণ কর। যে সকল ব্যক্তি সকলের সুহৃদ্, প্রশান্ত, ক্রোধ হীন এবং সদাচার, আর যাহাদের চিত্ত সর্ব্ব প্রাণিতে সমান তাঁহারাই মহৎ ॥ ২ ॥

অপর যে সকল ব্যক্তি আমি যে ঈশ্বর আমাতে সৌহৃদ্য করিয়া তাহাই পরমপুরুষার্থ বোধ করেন, যাঁহাদের বিষয়াসক্ত ব্যক্তি সকলে তথা পুত্র কলত্র ধনাদিযুক্ত গৃহে প্রীতি নাই এবং যাঁহারা

গৃহেষু জায়াত্ম জরাতিমৎসু ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ৩ ॥

নূনং প্রমত্তঃ কুরুতে বিকর্ম্ম যদিন্দ্রিয় প্রীতয় আপৃণোতি

ন সাধু মন্যে যত আত্মনোঽয়মসন্নপি ক্লেশদ আস দেহঃ ॥ ৪ ॥

পরাভবস্তাবদবোধজাতো যাবন্ন জিজ্ঞাসত আত্মতত্ত্বং।

যাবৎক্রিয়া স্তাবদিদং মনোবৈ কর্ম্মাত্মকং যেন শরীরবন্ধঃ ॥ ৫ ॥

এবং মনঃ কর্ম্মবশং প্রযুঙ্‌ক্তে অবিদ্যয়াত্মন্যুপধীয়মানে।

শ্রীধরস্বামী।

প্রদেষু। যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষামিতি মধ্যপদ লোপী সমাসঃ দেহনির্ব্বাহাধিক ধনস্পৃহাশূন্যা ইত্যর্থঃ ॥ ৩ ॥

কামান্নার্হতীতি যদুক্তং তদুপপাদয়তি নূনমিতি যদ্যদা ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে তদা প্রমত্তঃ সন্ বিকর্ম্ম পাপং নূনং কুরুতে যতোবিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহোজাতঃ তস্যৈব পুনঃ করনং সাধু ন মন্যে ॥ ৪ ॥

দেহাদের্নশ্বরত্বাৎ কিয়ানয়মনর্থ ইত্যাশঙ্ক্যাহ পরাভবোদেহাদিনা স্বরূপাভিভবঃ অজ্ঞানকৃত স্তাবত্তবতি তত্র হেতুঃ যাবৎক্রিয়াঃ স্যুঃ তাবদিদং মনোহি কর্ম্ম স্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

উক্তমুপসংহরতি পূর্ব্বকৃতং কর্ম্ম কর্ত্তৃভূতং মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি জীবন্মুক্ত কর্ম্ম ব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিকর্ম্মাত্র কাম্যং কর্ম্ম। দেহোপি মনুষ্যদেহ এব ॥ ৪। ৫ ॥

উপধীয়মানে যুজ্যমানে। যদাপ্যেবমাত্মতত্ত্ববোধাস্ত এব বোধস্তথাপি মৎপ্রীতিং বিনা সোঽপি ন সিদ্ধ্যতীত্যাহ প্রীতিবিতি ॥ ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

র্ভবেত্তাবন্ত এবোপাদেয়া যেষাং তে তাবদাদি পদানাং বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৩ ॥

ততো দ্বারাৎ যোষিৎসঙ্গিসঙ্গাৎ দেহিন এবমধঃ পাতঃ স্যাদিতি তং দর্শয়তি শোচতিচ নূনমিতি বিকর্ম্ম পরদারাদি গমন পাপং আপৃণোতি বিকর্ম্মণ্যেব ব্যাপৃতো ভবতি যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহোজাতঃ তস্যৈব পুনঃ করনং ন সাধু মন্যে দেহঃ কীদৃশঃ আত্মনো জীবস্য অসন্নপি বস্তুতো ন বর্ত্তমানোপি। অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ ॥ ৪ ॥

তর্হি পুণ্যং কর্ত্তব্যমিতিচেন্ন তস্যাপি সংসার হেতুত্বেন ক্লেশহেতুত্বাৎ তস্মাৎ পুণ্যপাপয়ো নির্বাসকং জ্ঞানমেবাভ্যসনীয় মেবেত্যাহ। পরাভবঃ কর্ম্ম পারতন্ত্র্যং তদেব জীবস্য বন্ধং। সচাজ্ঞান কৃত স্তাবদেব ভবতি যাবন্ন জিজ্ঞাসত ইতি জ্ঞানাগ্নিঃ সর্ব্ব কর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুনেত্যুক্তেঃ। যাবজ্জ্ঞানং নোদেতি তাবৎ কর্ম্মাণি ন নশ্যন্তি। যাবৎ ক্রিয়াঃ পুণ্য পাপ কর্ম্মাণি স্যু তাবদিদং মনোহি কর্ম্মাত্মকং কর্ম্ম স্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

কেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাদিত্যাহ। এবমিতি কর্ম্ম প্রাচীনমর্ব্বাচীনং বা কর্ত্তৃ মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ

লোক মধ্যে দেহ যাত্রা নির্ব্বাহ অপেক্ষা অধিক ধনে স্পৃহা শূন্য তাঁহারাই মহৎ ॥ ৩ ॥

হে পুত্রগণ! মনুষ্য যখন ইন্দ্রিয় প্রীতি নিমিত্ত ব্যাপৃত হয়, তখন প্রায়ই প্রমত্ত হইয়া বিরুদ্ধ কর্ম্ম (পাপ) করিয়া থাকে। একবার বিরুদ্ধ কর্ম্ম হইতে আত্মার এই ক্লেশদ দেহ উৎপন্ন হইয়াছে, পুনরায় সেই বিরুদ্ধ কর্ম্ম করা কি উচিত? আমি তাহা ভাল বলিয়া মানিতে পারি না ॥ ৪ ॥

বৎসগণ! পুরুষ যাবৎ আত্মতত্ত্ব জানিতে অভিলাষ না করে তাবৎ পর্য্যন্ত তাঁহার নিকট অজ্ঞান কৃত আত্ম স্বরূপের অভিভব হইয়া থাকে, কেন না, যে পর্য্যন্ত ক্রিয়া থাকে তাবৎ এই মনঃ কর্ম্ম স্বভাব হইয়া প্রকাশ পায়, সেই কর্ম্ম স্বভাব মনই দেহ বন্ধের কারণ ॥ ৫ ॥

অতএব পূর্ব্বকৃত কর্ম্মই মনকে আপনার বশবর্ত্তী অর্থাৎ পুনর্ব্বার কর্ম্ম করণে প্রবৃত্ত করায়।

প্রীতি র্নযাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবৎ ॥ ৬ ॥
যদা ন পশ্যত্যযথা গুণেহাং স্বার্থে প্রমত্তঃ সহসা বিপশ্চিৎ।
গতস্মৃতির্বিন্দতি তত্র তাপানাসাদ্য মৈথুন্যমগারমজ্ঞঃ ॥ ৭ ॥
পুংসঃ স্ত্রিয়া মিথুনী ভাবমেতং তয়োর্মিথো হৃদয় গ্রন্থিমাহুঃ।

শ্রীধরস্বামী।

ন কেবলং দেহযোগমাত্রং অনর্থান্তরঞ্চ ইত্যাহ যদা গুণানাং ইন্দ্রিয়াণাং ঈহাং চেষ্টাং অযথা মিথ্যা আত্মীয়া ন ভবতি ইতি বিপশ্চিদ্বিবেকী সন্ন পশ্যতি। নু পশ্যতীতি পাঠে অযথা আত্মীয়ত্বেনেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ স্বরূপ স্মৃতি শূন্যঃ সন্ অজ্ঞো মূঢ়ঃ মৈথুন সুখ প্রধানং গৃহং প্রাপ্য তাপান্ বিন্দতি ॥ ৭ ॥

নন্ন যথোপযোগং স্ত্রিয়া মিথুনীভূয় সুখমাত্রমনুভবতঃ কুতস্তাপাঃ স্যুঃ তত্রাহ পুংস ইতি প্রত্যেকং তয়োরেকৈকো হৃদয় গ্রন্থিবস্ত্যেব। এতং মিথো হন্যোন্যং স্থূলমন্যং হৃদয়য়োর্গ্রন্থিং দুর্ভেদং বদন্তি কুত ইত্যত আহ অতঃ অস্মাৎ মিথুনী ভাবাৎ প্রত্যেকং হৃদয়গ্রন্থিনাতু দেহেন্দ্রিয়মাত্রে অহং মমেতি মোহঃ অস্মাত্তু গৃহাদিভি র্বিষয়ভূতৈ র্মহামোহো ভবেদিত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কর্ম্মনিষ্ঠং করোতি এবমনেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাৎ যদ্বস্তু যদধীনং স্যাৎ তচ্চ তদাত্মকমেব ভবেদিত্যর্থঃ। জীবন্মুক্ত কর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি আত্মনি জীবে উপধীয়মানে যুজ্যমানে সতি উপধিরূপাধি র্লিঙ্গং তদধ্যাসাত্তদ্রূপী ক্রিয়মাণ ইত্যর্থঃ। কিঞ্চ সর্ব্ব কর্ম্ম নির্ম্মূলীকরণী ভক্তিরেবেত্যাহ প্রীতিরিতি ॥ ৬ ॥

এবঞ্চ ভক্তিমিশ্রস্য জ্ঞানস্য পরিপাক দশায়ামেব নৈষ্কর্ম্ম্যং নত্বপরিপাকদশায়ামিত্যাহ। যদা গুণেষু শব্দাদিষ্বর্থেষু ঈহাং বাঞ্ছাং অযথা অনর্থ রূপাং বিপশ্চিৎ জ্ঞানবানপি ন পশ্যেৎ। যদানু পশ্যতীতি পাঠে গুণানামিন্দ্রিয়াণামীহাং চেষ্টাং অযথা মমাত্মন এবেমং চেষ্টেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ সন্ তাপান্ বিন্দতি মৈথুনার্হমগারং প্রাপ্য স্বতিতাপানিত্যর্থঃ ॥ ৭ ॥

ইন্দ্রিয়চেষ্টানামাত্মীয়ত্বাভিমনন সদ্ভাবেপি স্বকুটুম্ব সঙ্গরতো যথা মোহ স্তথা তদ্রহিতস্য নেত্যাহ পুংস ইতি মিথো হৃদয় গ্রন্থিং মমেয়ং স্ত্রীত্যেকোয়ং গ্রন্থিস্তদুপরি মমায়ং পতিরিতি দ্বিতীয়োগ্রন্থিস্তেন পুংসা বৈরাগ্যেণ ত্যক্তুমিষ্টাপি স্ত্রী ন তং জহাতীতি বন্ধস্য গাঢ়ত্বং উপলক্ষণমেবং পিতা পুত্রয়োরপি জ্ঞেয়ং। কুটুম্ব রাহিত্যেতু বস্ত্রাসন পাত্রাদিষ্বাত্মীয়ত্বেনাভিমান সদ্ভাবেপি

যাবৎ অবিদ্যা দ্বারা উপাধিযুক্ত আত্ম স্বরূপ যে আমি বাসুদেব, আমাতে প্রীতি না করে তাবৎ দেহ যোগ হইতে মুক্ত হয় না ॥ ৬ ॥

হে পুত্রগণ! কেবল দেহ হইতে মুক্ত হয় না এতাবন্মাত্র নহে, অন্য অনর্থও বর্ত্তমান থাকে, পুরুষ যখন বিবেক যুক্ত হইয়া ইন্দ্রিয়গণের চেষ্টাকে অলীক বলিয়া না দেখে অর্থাৎ ঐ সকল আত্মার নহে এ রূপ নিশ্চয় না করে, তখন আত্ম স্বরূপ বিস্মৃত হওয়াতে মিথুন সুখ প্রাপক গৃহ প্রাপ্ত হইয়া সন্তাপ পায় ॥ ৭ ॥

হে বৎসগণ! সংসারাশ্রমে স্ত্রীর সহিত মিলিত হইলে সুখানুভব হয়, সন্তাপ বোধ হয় না, ইহা যাহারা কহে, তাহারা অতিশয় মূঢ়, যে হেতু স্ত্রী ও পুরুষ ইহাদের প্রত্যেকের জন্মাবধি এক একটা হৃদয়গ্রন্থি আছে, পুরুষ স্ত্রীর সহিত মিলিত হইলে তাহাদের পরস্পরের আর একটী হৃদয়গ্রন্থি হয়, তাহা অতি স্থূল ও দুর্ভেদ্য, প্রত্যেকের হৃদয় গ্রন্থি দ্বারা কেবল দেহ ও ইন্দ্রিয় সকলে "আমি আমার" এই রূপ জ্ঞান দ্বারা মোহ জন্মায় এই দুর্ভেদ্য হৃদয় গ্রন্থি হইতে পুত্র মিত্র ক্ষেত্র ধন ইত্যাদি বিষয়ে মোহ জন্মিয়া থাকে, অতএব সংসারাশ্রমে স্ত্রীর সহিত মিলন সুখের কারণ নহে, বরঞ্চ মহামোহের

অতোগৃহক্ষেত্র সুতাপ্তবিত্তৈর্জনস্য মোহোয়মহং মমেতি ॥ ৮ ॥
যদা মনো হৃদয়গ্রন্থিরস্য কর্ম্মানুবদ্ধো দৃঢ় আশ্লথেত।
তদা জনঃ সংপরিবর্ত্ততেঽস্মাম্মুক্তঃ পরং যাত্যতি হায়হেতুং ॥ ৯ ॥
হংসে গুরৌ ময়ি ভক্ত্যানুবৃত্ত্যা বিতৃষ্ণয়া দ্বন্দ্ব তিতিক্ষয়াচ।
সর্ব্বত্র জন্তোর্ব্যসনাবগত্যা জিজ্ঞাসয়া তপসেহানিবৃত্ত্যা ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

কদা তর্হি তস্য নিবৃত্তিরত আহ যদাঽস্য জনস্য কর্ম্মভি রনুবন্ধোদৃঢ়ো মনোরূপো হৃদয়গ্রন্থিঃ শিথিলোভবেৎ তদাস্মান্মিথুনীভাবাৎ নিবর্ত্ততে। ততশ্চ হেতুং অহঙ্কারং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

হেতুমন্তিহায়েত্যুক্তং তত্র পঞ্চ বিংশতি সাধনান্যাহ চতুর্ভিঃ হংসে ময়ি গুরৌ ভক্তিঃ সেবা অনুবৃত্তি স্তৎপরতা বিগততৃষ্ণয়া সর্ব্বত্র লোকান্তরেপি ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন ঈহা নিবৃত্ত্যা কাম্যকর্ম্ম ত্যাগেন ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ

হেতুমতিহায়েত্যুক্তং। তত্র চ প্রীতিরেব কারণমুক্তং। সাচ তত্র দ্বিধা প্রবর্ত্ততে স্বমাত্র পুরুষার্থানাং স্বদ্বারা মুমুক্ষূণান্তু জ্ঞানদ্বারেতি। কিন্ত্বন্যেচ্ছুত্বাৎ প্রীত্যাভাস এবৈষাং জ্ঞেয়ঃ। তত্রোভয়ত্রাপি গুরুভক্তিরপেক্ষত ইত্যাহ হংস ইতি চতুষ্কেণ। তত্র পূর্ব্বেষাং সাধনান্যাহ। বিতৃষ্ণয়েতি পঞ্চ পদ্যা ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিথোগ্রন্থ্যভাবান্ন তাদৃশোবন্ধ ইতি ভাবঃ। অতো মিথো হৃদয়গ্রন্থিতো হেতোঃ গৃহাদিভিরহং গৃহী মম গৃহমিত্যেবং মোহো ভবতি ॥ ৮ ॥

কদা তর্হি মুক্তিরত আহ যদা মনোরূপে হৃদয়গ্রন্থিরস্য জনস্য কর্ম্মভিরনুবন্ধোপি জ্ঞানবৈরাগ্যাভ্যাসেন শিথিলো ভবেত্তদা অস্মান্মিথুনীভাবান্নিবর্ত্ততে ততশ্চ হেতুমহঙ্কারাখ্যমুপাধিং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

ভক্তিমিশ্রজ্ঞানেন লিঙ্গ ভঙ্গমুক্ত্বা জ্ঞানমিশ্রয়া চ ভক্ত্যা পঞ্চবিংশত্যঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ চতুর্ভিঃ। তত্রাপি শুদ্ধ ভক্তানাং কেবলয়ৈব ভক্ত্যা পঞ্চদশাঙ্গয়া লিঙ্গ ভঙ্গমাহ প্রথমদ্বাভ্যাং হংসে পরমহংস স্বরূপে ময়ি গুরৌ ভক্ত্যেত্যাদিভিঃ অহমাখ্যং লিঙ্গং লিঙ্গদেহং ব্যপোহেদিত্যন্বয়ঃ। বিতৃষ্ণয়া নিষ্কামতয়া জিজ্ঞাসয়া ভক্তে র্ভজনীয়েশ্বরস্য চেতি শেষঃ। তপসা একাদশী কার্ত্তিকাদি ব্রতলক্ষণেন বিষ্ণু বৈষ্ণব সেবা নিবন্ধন স্বীয়ভোজন শয়নাদি সঙ্কোচ লক্ষণেনচ। ঈহা নিবৃত্ত্যা ব্যাপারান্তর রাহিত্যেন অহমেব দেবঃ প্রভুর্যেষাং তৈঃ সঙ্গাৎ নির্বৈরমদ্বেষ্টৃত্বং। সাম্যং অন্যস্য সুখ দুঃখয়োঃ স্বসুখ দুঃখ সাম্য ভাবনা উপশমঃ ক্রোধ শোকাদে স্তেষাং দ্বন্দ্বৈক্যং তেন দেহ গেহাদি স্বাত্মীয়ত্ব বুদ্ধেস্ত্যাগাসামর্থ্যেপি ত্যাগেচ্ছয়া অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন মদ্ভাববিচক্ষণেন মদীয় সত্তাদর্শনেন বিজ্ঞান বিরাজিতেন বিজ্ঞান জনকেনেত্যর্থঃ। অনুভব জনকত্বমেব জ্ঞানস্য বিরাজনমিতি ভাবঃ যোগেনাষ্টাঙ্গেন সত্বমুৎসাহঃ। ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১০। ১১। ১২। ১৩ ॥

উৎপাদক হওয়াতে আত্যন্তিক দুঃখের নিদান ॥ ৮ ॥

কিন্তু ইহাতে এমত মনে করিও না যে পুরুষ স্ত্রীর সহিত মিলিত হইলে তাহার ঐ ভাব কখনই নিবৃত্ত হয় না, যখন সেই ব্যক্তির কর্ম্ম দ্বারা অনুবন্ধ দৃঢ়তর মনোরূপ হৃদয়গ্রন্থি সেই মিথুনী ভাব হইতে নিবর্ত্ত হয়, তখন সংসারের হেতুভূত যে অহঙ্কার তাহা পরিত্যাগ করিয়া মুক্ত ও পরমপদ প্রাপ্ত হইতে পারে ॥ ৯ ॥

হে পুত্রগণ! অহঙ্কার ত্যাগ যে কোন প্রকারে হইতে পারে না, তাহা পরিত্যাগের পঁচিশটী কারণ আছে, বলি শুন। হংস ও গুরু স্বরূপ যে আমি আমাতে ভক্তি করণ, বিতৃষ্ণা, সুখ দুঃখাদি দ্বন্দ্ব সহিষ্ণুতা, ইহলোকে ও পরলোকে সর্ব্বত্র সকল প্রাণির দুঃখ দর্শন, তত্ত্ব জিজ্ঞাসা, তপস্যা, কাম্য কর্ম্ম পরিত্যাগ ॥ ১০ ॥

মৎকর্ম্মভির্মৎকথয়াচ নিত্যং মদ্দেব সঙ্গাদ্গুণকীর্ত্তনান্মে।
নির্বৈর সাম্যোপশমেন পুত্রা জিহাসয়া দেহ গেহাত্মবুদ্ধেঃ ॥ ১১ ॥
অধ্যাত্মযোগেন বিবিক্তসেবয়া প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন সধ্র্যক্।
সৎ শ্রদ্ধয়া ব্রহ্মচর্য্যেণ শশ্বদসংপ্রমাদেন যমেন বাচাং ॥ ১২ ॥
সর্ব্বত্র মদ্ভাব বিচক্ষণেন জ্ঞানেন বিজ্ঞান বিরাজিতেন।
যোগেন ধৃত্যুদ্যম সত্ত্ব যুক্তো লিঙ্গং ব্যপোহেৎ কুশলোহহমাখ্যং ॥ ১৩ ॥
কর্ম্মাশয়ং হৃদয়গ্রন্থিবন্ধমবিদ্যয়াসাদিতমপ্রমত্তঃ।

শ্রীধরস্বামী।

মদর্থৈঃ কর্ম্মভিঃ অহমেব দেবো যেষাং তৈঃ সঙ্গাৎ হে পুত্রাঃ দেহ গেহয়োরাত্মবুদ্ধেঃ অহং মমেতি বুদ্ধেঃ ॥ ১১ ॥

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন সধ্র্যক্ সম্যক্ অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাবো মদ্ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন বিজ্ঞান বিরাজিতেন অনুভব পর্য্যন্তেন জ্ঞানেন। যোগেন সমাধিনা ধৃত্যুদ্যম সত্ত্বযুক্তঃ ধৈর্য্য প্রযত্ন বিবেক যুক্তঃ সন্ অহঙ্কারাখ্যমুপাধিং ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

ততঃ সাধনাদুপরমেদিত্যাহ কর্ম্মাশয়েরতে যস্মিন্ যোগেন উপায়েন যদ্যপি ফলে সিদ্ধে সাধনোপরমঃ সিদ্ধএব তথাপি-

ক্রমসন্দর্ভঃ।

অপরেষামাহ। নির্ব্বৈরেতি দ্বাভ্যাং ॥

অতো লিঙ্গং ব্যপোহেদিতি পূর্ব্বোক্তৈরেশ্চ পৃথগ্যোজ্যং। যোগেন ধৃত্যুদ্যমসত্ত্বযুক্ত ইতি তুভয়ত্রৈব বিচক্ষণা তৃষ্ণা বিগমেনে-ত্যর্থঃ। জিজ্ঞাসয়া শাস্ত্রাদ্ভগবত্তত্ত্ববিচারেণ। তপসা ভগবৎ প্রীণন স্বধর্ম্মেণ। ঈহা নিবৃত্ত্যা ঐহিক পারলৌকিক কামনাস্থ্য নিবর্ত্তনেন। ততশ্চ নিত্যং মৎ কর্ম্মভির্মদর্চ্চন পাদসেবন লক্ষণৈরিত্যাদি। ব্রহ্মচর্য্যেণ কায়মনো বাগ্‌গতেন ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥

অত্র প্রীতি বীজং বিস্তৃণোতি সর্ব্বত্র মদ্ভাবেতি। যোগেন উপায়েন ধৃত্যাদি যুক্তঃ সন্ ॥ ১৩ ॥

অভিনিবেশার্থং তদেব সংক্ষিপ্য পুনরাহ কর্ম্মেতি অনেন পূর্ব্বোক্তেন যোগেন উপায়ৈকতরেণ তেনচ ন পুস্তক দর্শন মাত্রস্বোৎপ্রেক্ষিতেন অপিতু যথোপদেশং শ্রীগুরুশিক্ষিত প্রকারেণৈবেত্যর্থঃ। উপরমেতি। প্রীতি পুরুষার্থিনা অনুসঙ্গমাত্রেণ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ লিঙ্গ ভঙ্গার্থক সাধনাদুপরমেদিত্যাহ কর্ম্মেতি যথোপদেশং যোগেন গুরূপদেশমনতিক্রম্য যো যোগ উপায় স্তেন নতু পাণ্ডিত্যবলাৎ পুস্তক দর্শনমাত্রাদেব স্বোৎপ্রেক্ষিতেন কর্ম্মণাশেরতে যস্মিং স্তং বন্ধং ব্যপোহ্য নিরস্য যোগাদুপায়াৎ বিরমে দিতি লিঙ্গ ব্যপোহনার্থমেব বিরমেৎ নতু তৎপদার্থজ্ঞানার্থমিত্যর্থঃ। তদর্থস্তু ভক্তিং কুর্ব্বীতৈব। যদুক্তং ব্রহ্মভূতঃ প্রসন্না ত্মা ন শোচতি নকাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মিতত্ত্বত ইতি।

আমার নিমিত্ত কর্ম্ম করণ, আমার কথা কথন, যে সকল ব্যক্তি আমাকেই পরমারাধ্য দেব বলিয়া জানে, তাহাদের সহিত নিত্য সহবাস, আমার গুণকীর্ত্তন, নির্ব্বৈরতা, সমতা, উপশম; আত্মদেহ ও গৃহে "আমি আমার" এই রূপ বুদ্ধি পরিত্যাগের বাসনা ॥ ১১ ॥

অধ্যাত্ম শাস্ত্রের অভ্যাস, নির্জ্জন স্থানে অবস্থান, প্রাণ, ইন্দ্রিয়, মনঃ এ সকলের সম্যক্ প্রকারে জয়, সৎশ্রদ্ধা, ব্রহ্মচর্য্য, কর্ত্তব্য কর্ম্মের অপরিত্যাগ, বাক্য সংযম ॥ ১২ ॥

সর্ব্বত্র আমার চিন্তন করণে নিপুণ, অনুভব পর্য্যন্ত জ্ঞান, সমাধি, এই সকল দ্বারা ধৈর্য্য যত্ন ও বিবেক যুক্ত হইয়া অহঙ্কার নামক উপাধিকে নিরাকৃত করিবে ॥ ১৩ ॥

হে বৎস সকল! ঐ প্রকারে অহঙ্কার নিরস্ত হইলে, তাহার পরে কর্ম্ম সকলের আধার রূপ হৃদয় গ্রন্থি বন্ধন, যাহা অবিদ্যা দ্বারা উপস্থিত হইয়াছিল, প্রমাদ শূন্য হইয়া এই উপায় দ্বারা যেমন উপ-

অনেন যোগেন যথোপদেশং সম্যগ্ব্যপোহ্যোপরমেত যোগাৎ ॥ ১৪ ॥
পুত্রাংশ্চ শিষ্যাংশ্চ নৃপোগুরুঃ পিতা মল্লোককামো মদনুগ্রহার্থঃ।
ইত্থং বিমন্যুরনুশিষ্যাদতজ্জ্ঞানযোজয়েৎ কর্ম্মসু কর্ম্মমূঢ়ান্ ॥ ১৫ ॥
লোকঃ স্বয়ং শ্রেয়সি নষ্টদৃষ্টি র্যোর্থান্ সমীহেত নিকামকামঃ।
অন্যোন্যবৈরং সুখলেশহেতোরনন্তদুঃখঞ্চ ন বেদ মূঢ়ঃ ॥ ১৬ ॥
কস্তং স্বয়ং তদভিজ্ঞো বিপশ্চিদবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং।
দৃষ্ট্বা পুনস্তং সঘৃণঃ কুবুদ্ধিং প্রযোজয়েদুৎপথগং যথান্ধং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

যাবদ্দেহপাতং তাবত্তদভ্যাস শঙ্কা বারণায়োক্তং ॥ ১৪ ॥

কিঞ্চ পুত্রান্ পিতা শিষ্যান্ গুরুঃ নৃপশ্চ প্রজাঃ এবমনু শিক্ষয়েৎ মম লোকং যঃ কাময়তে। যদ্বা মদনুগ্রহ এবার্থো যস্য বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেপি কোপশূন্যঃ। অতজ্জ্ঞান্ তত্ত্বমবিদুষঃ শ্রেয়ো বুদ্ধ্যা কর্ম্মসু মূঢ়ান্ ন যোজয়েৎ ॥ ১৫ ॥

এতদুপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ নষ্ট দৃষ্টিত্বে হেতুঃ য ইতি নিকামং অতিশয়েন কামো যস্য ॥ ১৬ ॥

তমীদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোপি উৎপথেন গচ্ছন্তং অন্ধং যথা তেনৈব গচ্ছেতি কোব্রূয়াৎ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্ত্বাপোহিকায়াঃ প্রীতেরেব স্বয়ং সিদ্ধেঃ। মুমুক্ষূণাং তত্ত্বাপোহাতিরিক্তসাধ্যাভাবাৎ ॥ ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৎ পদার্থানুভাব সিদ্ধেপি ভক্তেঃ সর্ব্বথৈবাত্যাগ আত্মারামাশ্চ মুনয় ইত্যাদি প্রমাণাদ্ব্যাখ্যেয় এবেত্যতো ভক্তিভিন্নাদুপায়াদ্বিরমেদিতি কেচিদাহুঃ ॥ ১৪ ॥

এবং ভক্তে গুণভাবমত্তভূর্ত কৈবল্যাকোক্ত্বা ভক্তেরুপদেষ্টাপি কৃতার্থঃ স্যাদিত্যাহ পুত্রানিতি। বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেপি কোপশূন্যঃ। কর্ম্মসু নযোজয়েৎ কর্ম্মৈব কুরুতেতি নোপদিশেৎ। জোষয়েৎ সর্ব্ব কর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্নিতিতু জ্ঞানোপদেষ্টৃ বিষয়ং নতু ভক্ত্যুপদেষ্টৃ বিষয়মিতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

এতদেবোপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। অর্থান্ ভোগ্যপদার্থান্ দৃষ্টানদৃষ্টাংশ্চ নিকামমতিশয়েন কাম এব যস্য সঃ ॥ ১৬ ॥

তমেতাদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোপি উৎপথেন গচ্ছন্তমন্ধং কঃ খলু তেনৈব গচ্ছেতি বদেৎ ॥ ১৭ ॥

দেশ করিলাম, সেই প্রকারে সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়া শেষে ঐ উপায় হইতেও বিরত হইবে ॥ ১৪

হে পুত্রগণ! আমার লোক কামনা করিয়া আমার অনুগ্রহ রূপ প্রয়োজনোদ্দেশে পিতা পুত্রদিগকে, গুরু শিষ্যকে ও রাজা প্রজাবর্গকে ঐ প্রকার শিক্ষা দিবেন। কিন্তু উপদিষ্ট হইয়া যদি কেহ শিক্ষিত বিষয় না করে তাহাতে তাঁহারা যেন কোপ না করেন। অধিকন্তু যে সকল ব্যক্তি তত্ত্ব জানে না, শ্রেয়ো বোধে কর্ম্মেতেই মুগ্ধ হয়, তাহাদিগকে যেন পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত না করেন ॥ ১৫ ॥

যে ব্যক্তি অতিশয় কামনাযুক্ত অতএব আপনার মঙ্গল পথে নিতান্ত অন্ধ হইয়া কেবল অর্থ চেষ্টাতেই তৎপর হয় এবং সুখলেশার্থ পরস্পর বৈরতা করিতে চাহে, সে মূঢ় পরিণামে আপনার যে দুঃখ হইবে তাহা জানিতে পারে না ॥ ১৬ ॥

ঐ রূপ কুবুদ্ধি ব্যক্তি অবিদ্যায় বর্ত্তমান থাকে, তাহাকে দেখিয়া কোন্ দয়াশীল বিদ্বান্ মনুষ্য স্বয়ং জানিয়াও ঐ বিষয়েই পুনরায় প্রবর্ত্ত করাইবে অর্থাৎ কেহই তাহাতে নিয়োগ করিবে না। অন্ধ ব্যক্তি বিপথে গমন করিলে তাহাকে দেখিয়া কি কোন বিজ্ঞলোকে সেই পথে যাইতে উপদেশ দেন? ॥ ১৭ ॥

গুরু র্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।
দৈবং ন তৎ স্যাৎ ন পতিশ্চ স স্যাৎ ন মোচয়েদ্যঃ সমুপেত মৃত্যুং॥ ১৮॥
ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং তত্ত্বং হি মে হৃদয়ং যত্র ধর্ম্মঃ।

শ্রীধরস্বামী।

সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং ততো ভক্তিমার্গোপদেশেন,যো নমোচয়েৎ স গুর্ব্বাদিনভবেদিত্যর্থঃ। যদ্বা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ অতস্তস্য গুর্ব্বাদির্নস্যাদিতি নিষেধঃ ততশ্চ পিতা ন স স্যাদিতি পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যর্থঃ। দৈবং দেবতা ন স্যাদিতি পূজা ন গ্রাহ্যা ইত্যর্থঃ। এবমন্যদপি দ্রষ্টব্যং॥ ১৮॥

এবং মোক্ষ ধর্ম্মানুপদিশ্য ভ্রাতৃ শুশ্রূষণ লক্ষণ ধর্ম্মং স্পর্দ্ধাদি নিবৃত্তয়ে তেষাং জন্ম কথন পূর্ব্বকং আহ দ্বাভ্যাং। ইদং মনুষ্যাকারং শরীরং মম দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং মদিচ্ছা বিলসিতং নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ মে হৃদয়ং তু তত্ত্বং কিং তদ্ধৃদয়ং যত্র ধর্ম্ম

ক্রমসন্দর্ভঃ।

ব্যাবহারিক গুর্ব্বাদি পরিত্যাগেপি পরমার্থ পথিকানাং নদোষ ইত্যাহ। গুরুর্ন সস্যাদিতি টীকায়াং পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যত্র তেনেতি শেষঃ যত্নং ন কুর্য্যাদিত্যাদিকন্তু বক্তব্যং। কর্ত্তৃপ্রধানৈব বিবক্ষিতত্বাৎ॥ ১৮॥

আবেশাবতার তয়া প্রতীতস্য শ্রীঋষভদেবস্যাপি বিগ্রহ এবং যুজ্যতে। ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং মম শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্বং তদেব যত্রৈব ধর্ম্মো ভাগবত লক্ষণঃ তত্রৈব মে হৃদয়ং মনঃ যদস্মাত্তদ্বিপরীতাদি লক্ষণো ধর্ম্মো ময়া পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোহমিত্যর্থঃ অতএব বক্ত্রস্য শ্রীঋষভদেবস্য সর্ব্বান্তিম লীলাপি ব্যাজেনাস্থ র্ধাপনমেব প্রাকৃত লোক প্রতীত্যনুসারেণৈবতু তথা বর্ণিতং আত্মারামতা রীতি দর্শনার্থা তদুক্তং যোগিনাং সাম্পরায় বিধিমনুশিক্ষয়ন্নিতি অতঃ স্ব কলেবরং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং ভক্তেরুপদেষ্টারমভিনন্দ্য তদনুপদেষ্টৄণাং গুরুত্ববন্ধুত্বাদ্যভাবং তদ্ধেতুকং তেষাং ত্যাগং চাভিব্যঞ্জয়তি। সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং। জনং ভক্তিমার্গোপদেশেন যো ন মোচয়েৎ স গুর্ব্বাদি র্ন ভবেৎ ন ভবতি। বলিঃ শুক্রমিব তং গুরুং ত্যজেদেব তস্য প্রণত্যনুবৃত্ত্যাদ্যভাবেপি ন প্রত্যবায়ী স্যাদিতি ভাবঃ। এবং বিভীষণো রাবণমিব তং স্বজনং প্রহ্লাদো হিরণ্যকশিপুমিব তং পিতরং শ্রীভরতঃ কৈকেয়ীমিব তাং জননীং। খট্বাঙ্গ ইন্দ্রাদিমিব তদ্দৈবং। যাজ্ঞিকব্রাহ্মণী যাজ্ঞিক বিপ্রমিব তং পতিং ত্যজেদেবেত্যর্থঃ। যদ্বা স্যাদিতি বিধিলিঙা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ স তস্য গুর্ব্বাদি র্ন স্যাৎ প্রণত্যনুবৃত্ত্যাদিকং ন গৃহ্লীয়াদযদি গৃহ্লীয়াত্তর্হি প্রত্যবায়ী স্যাদিতি তেন চ যদি মোচয়িতুং ন শক্নুয়াৎ তর্হি গুরু র্ভবিতু মন্যং ন শিষ্যং কুর্য্যাৎ। স্বজনোভবিতুং বন্ধুতাং ন দধ্যাৎ পিতা ভবিতুং পুত্রোৎপত্তৌ ন যতেত। জননী ভবিতুং অন্যং গর্ত্তে ন দধ্যাৎ। দৈবং ভবিতুং পূজাং ন গৃহ্লীয়াৎ। পতির্ভবিতুং পাণিং ন গৃহ্লীয়াদিতি দ্যোতিতং॥ ১৮॥

যস্য ভক্তিঃ কর্ত্তব্যা স ক ভগবাংস্তথা ভক্তিপ্রাপ্ত্যর্থং ভাগবতসেবাচাপেক্ষণীয়েতি ক বা স ভাগবত ইতি যুষ্মাকমন্যোপি প্রয়াসো নাস্তি যতো গৃহএব ভগবানহং বঃ পিতা তথৈব গৃহএব ভাগবতোহয়ং বো ভ্রাতা বর্ত্তত ইত্যাহ ইদমিতি দ্বাভ্যাং ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্বং চিদানন্দ রূপং তদেব নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। চিদ্বস্তুন স্তত্বস্য যন্মূর্ত্তত্বং এতদেব দুর্ব্বিভাব্যত্বং অন্যেষাং পৃথিব্যাদীনাং তত্ত্বানাং দুর্ব্বিভাব্যত্বাভাবাদিতি ভাবঃ। হি নিশ্চিতং যত্র মে ধর্ম্মঃ মৎ প্রাপকো ভক্তিযোগস্তত্রৈব মে হৃদয়ং মনঃ। সাধবো হৃদয়ং মহ্যমিতি মদুক্তেঃ মে অধর্ম্মঃ মদ্ধর্ম্ম

বরং ঐ প্রকার সংসার প্রাপ্ত ব্যক্তিকে ভক্তিমার্গ উপদেশ দিয়া মুক্ত করা কর্ত্তব্য, যে ব্যক্তি ভক্ত্যুপদেশ দ্বারা তাঁহাকে মুক্ত না করেন, তিনি তাহার গুরু নহেন, পিতা নহেন, জননী নহেন, দেবতা নহেন এবং পতি নহেন॥ ১৮॥

হে পুত্রগণ! আমার এই মনুষ্যাকার শরীর অবিতর্ক্য অর্থাৎ আমার ইচ্ছা বিলসিত, ইহা প্রাকৃত মনুষ্যের তুল্য নহে। আর আমার হৃদয় তত্ত্ব স্বরূপ, উহাতে শুদ্ধসত্ত্ব গুণই বিরাজমান। যে হেতু

পৃষ্ঠে কৃতোমে যদধর্ম্ম আরাদতোহি মামৃষভং প্রাহুরার্য্যাঃ॥ ১৯॥
তস্মাদ্ভবন্তো হৃদয়েন জাতাঃ সর্ব্বে মহীয়াংসমমুং সনাভং।
অক্লিষ্টবুদ্ধ্যা ভরতং ভজধ্বং শুশ্রূষণং তদ্ভরণং প্রজানাং॥ ২০॥
ভূতেষু বীরুদ্ভ্য উদুত্তমা যে সরীসৃপাস্তেষু সবোধনিষ্ঠাঃ।
ততোমনুষ্যাঃ প্রমথা স্ততোপি গন্ধর্ব্ব সিদ্ধা বিবুধানুগা যে।

শ্রীধরস্বামী।

স্তৎ শুদ্ধং সত্ত্বমিত্যর্থঃ কুতঃ যদযস্মাৎ ময়াঽধর্ম্মো দূরাদেব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ অতএব মাং ঋষভং শ্রেষ্ঠং প্রাহুঃ॥ ১৯॥

ভবন্তশ্চ হৃদয়েন শুদ্ধ সত্ত্বময়েন জাতাঃ তস্মাৎ মৎসরং হিত্বা মহত্তমং সনাভং সোদরং ভজধ্বং নমু ত্বৎ পুত্রত্বাৎ ত্বাং বয়ং ভজেম রাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেদত আহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যা-দিতি ভাবঃ॥ ২০॥

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ পঞ্চভিঃ। ভূতেষু চেতনাচেতনেষু বিরোহন্তি ইতি বীরুধঃ

ক্রমসন্দর্ভঃ।

জিহাসুরিত্যত্র কলেবর শব্দস্য প্রপঞ্চ এবার্থঃ উপাসনা শাস্ত্রে তস্য তথা প্রসিদ্ধেঃ॥ ১৯॥

নমু জায়াত্মজ রাতি মৎ সু নপ্রীতিযুক্তা ইত্যনেন স্বসম্বন্ধি ভক্তিঃ পবিত্যাজিতৈব পুনঃ কথমুপদিশ্যতে। তত্রাহ মহীয়াং সমিতি। মহৎ সঙ্গং দ্বারমাহুরিত্যাদিনা তেষাং মহতাং সঙ্গ উপদিষ্টঃ তেষামপি মধ্যে শ্রেষ্ঠমিত্যর্থঃ। অতএবাক্লিষ্ট বুদ্ধ্যা সুখমেব মন্বেত্যর্থঃ॥ ২০॥

ভূতেষিত্যাদিকমুত্তরোত্তরশক্তি শ্রৈষ্ঠ্যাৎ দ্বিজদেবতানান্ত স্বাদরণীয়ত্বাচ্ছ্রৈষ্ঠ্যং বিবক্ষিতং তচ্চ স্বোপকারিত্বমননেন॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভিন্নোঽর্থঃ। আরাদ্দূরতএব পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোঽহং তত্র মে ন মন ইত্যর্থঃ। অতো হেতোর্মামৃষভং সর্ব্বশ্রেষ্ঠং॥ ১৯॥

হৃদয়েন উরসা জাতাঃ অতএব পুত্রা ঔরসা উচ্যন্তে ইত্যর্থঃ। সনাভং সোদরং ভরতং ভজধ্বং নমু গৃহেষু জায়াত্মজ রাতি মৎসু নপ্রীতিযুক্তা ইত্যনেন কলত্র পুত্র ভ্রাত্রাদিষ্বাসক্তিং নিষিদ্ধ্যাপি পুনস্তাং কিমিত্যুপদিশসীত্যত আহ মহীয়াংসং মহৎস্বপি শ্রেষ্ঠং মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তেরিত্যাদিনা ভক্তিহেতুত্বেন মহৎ সেবায়া ময়ৈবোক্তত্বাৎ। অক্লিষ্টবুদ্ধ্যেতি ভ্রাতৃত্বেন তুল্যৈরস্মাভিঃ কথময়ং ভজনীয় ইতি ব্যবহার দৃষ্টির্ন কার্য্যেতি ভাবঃ। নমু তব পরমেশ্বরত্বাৎ পিতৃত্বাচ্চ ত্বাং বয়ং ভজামঃ ভক্তি হেতুত্বেন নারদাদীন্ মহতঃ সেবে মহারাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেত্তত্রাহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি মন্মতমিতি ভাবঃ॥ ২০॥

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠমাহ চতুর্ভিঃ। ভূতেষু মধ্যে বিরোহন্তীতি বিরুধঃ স্থাবরা উত্তমা উচ্চৈরতিশয়েনোত্তমাঃ তেভ্যোপি সর্পন্তীতি সরীসৃপা জঙ্গমাঃ তেষপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং তে পশ্বাদয়ঃ। বিবুধানুগাঃ

আমি অধর্ম্মকে পশ্চাদ্ভাগে নিরাকৃত করিয়াছি। অতএব আর্য্য ব্যক্তিরা আমাকে ঋষভ (শ্রেষ্ঠ) বলিয়া থাকেন॥ ১৯॥

তোমরা সকলে আমার শুদ্ধ সত্ত্বময় হৃদয় দ্বারা উৎপন্ন হইয়াছ অতএব মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক স্থির চিত্ত হইয়া তোমাদের সহোদর এই মহত্তম ভরতের উপাসনা কর। বৎস সকল! ভরত তোমাদের জ্যেষ্ঠ সহোদর, ইহাঁর শুশ্রূষা করা তোমাদের কর্ত্তব্য, তাহাতেই তোমাদের প্রজা পালন প্রভৃতি কর্ত্তব্য কর্ম্ম সকল কৃত হইবে॥ ২০॥

হে পুত্রগণ! ব্রাহ্মণদিগের সেবা করাও তোমাদের কর্ত্তব্য, যে হেতু চেতনাচেতন ভূত সকলের মধ্যে স্থাবর শ্রেষ্ঠ, স্থাবর অপেক্ষা সর্পাদি সরীসৃপ প্রাণী শ্রেষ্ঠ, সরীসৃপ অপেক্ষা পশ্বাদি ভাল, পশ্বাদি

দেবাসুরেভ্যো মঘবৎপ্রধানা দক্ষাদয়ো ব্রহ্ম সুতাস্তু তেষাং।
ভবঃ পরঃ সোঽথ বিরিঞ্চিবীর্য্যঃ স মৎপরোঽহং দ্বিজদেবদেবঃ ॥ ২১ ॥
ন ব্রাহ্মণৈস্তুলয়ে ভূতমন্যৎ পশ্যামি বিপ্রাঃ কিমতঃ পরং নু।
যস্মিন্নৃভিঃ প্রহুতং শ্রদ্ধয়াহমশ্নামি কামং ন তথাগ্নিহোত্রে ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

স্থাবরাঃ উৎ উচ্চৈরতিশয়েন উত্তমাঃ। তেভ্যোপি যে সরীসৃপাঃ সর্পন্তি ইতি জঙ্গমা স্তে উদুত্তমা ইতি সর্ব্বত্রানুষঙ্গঃ। তেষপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং পশ্বাদীনাং তে কীটাদিভ্য স্ততস্তেষপি মনুষ্যাঃ। ততোপি প্রমথা ভূতপ্রেতাদয়ঃ। ততোপি গন্ধর্ব্ব স্ততঃ সিদ্ধা স্ততোঽন্যে বিবুধানুগাঃ কিন্নরাদয স্তেভ্যোঽসুরা দেবা অসুরেভ্যঃ সন্ধিরার্ষঃ। দেবাশ্চ মঘবৎ প্রধানা দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ ততোপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ। তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ স ভবশ্চ বিরিঞ্চস্য বীর্য্যং শক্তিঃ কারণং যস্য স বিরিঞ্চবীর্য্যঃ অতস্তজ্জনকত্বাৎ বিরিঞ্চ স্ততঃ পর ইত্যর্থঃ। স বিরিঞ্চো মৎপরঃ অহং পরোযস্য দ্বিজদেবা ব্রাহ্মণা এব দেবাঃ পূজ্যা যস্য সোঽহং ॥ ২১ ॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে সমং নপশ্যামি অতো ব্রাহ্মণাৎ পরং নু ভূতং কিং পশ্যামি ন কিঞ্চিৎ। বিপ্রা ইতি তত্রত্যানাং ব্রাহ্মণানাং সম্বোধনং সমস্যৈবাভাবাৎ অধিকং কুতস্যামিত্যর্থঃ। তত্র হেতুমাহ সার্দ্ধাভ্যাং। যস্মিন্ ব্রাহ্মণে শ্রদ্ধয়া প্রকর্ষেণ হুতমন্নাদি কামং যথেচ্ছং অহমশ্নামি ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তথৈবাহ যস্মিন্নিতি। তদ্দ্বারৈব মম তৃপ্তিঃ স্যাদিত্যর্থঃ ॥ ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিন্নরাদয়ঃ। তেভ্যোঽসুরা দেবাঃ অসুরেভ্যঃ সন্ধিরার্ষঃ। দেবাশ্চ মঘবৎ প্রধানাঃ দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। তত ইন্দ্রাদপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ সচ বিরিঞ্চবীর্য্যঃ ব্রহ্মপুত্রঃ পুংস্বমার্ষং তজ্জনকত্বাত্ততো ব্রহ্মা শ্রেষ্ঠ ইত্যর্থঃ। অত্র ব্রাহ্মণ ভক্তেঃ প্রক্রান্তত্বাৎ ব্রাহ্মণ্যেনৈবাংশেন ভবাদ্বিরিঞ্চস্য শ্রৈষ্ঠ্যং বৈষ্ণব তয়া ঐশ্বর্য্যেণ চ ভবস্যৈব তস্মাৎ শ্রৈষ্ঠ্যমিতি জ্ঞেয়ং। স ব্রহ্মা মৎপরঃ অহং পরো যস্যেতি ব্রহ্মতোপ্যহং শ্রেষ্ঠ ইত্যর্থঃ। দ্বিজেষু দীব্যন্তীতি দ্বিজদেবা বিপ্রা এব দেবা যস্য সঃ। মত্তোপি পূজ্যা ব্রাহ্মণা ইত্যর্থঃ ॥ ২১ ॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে হে বিপ্রাঃ অতো ব্রাহ্মণেভ্যঃ পরং কিং পশ্যামি নৈব পশ্যামীত্যর্থঃ। তত্র হেতুমাহ যস্মিন্নিতি সার্দ্ধেন ॥ ২২ ॥

অপেক্ষা মনুষ্য প্রধান, মনুষ্যদের অপেক্ষা ভূত প্রেতাদি প্রমথগণ উত্তম, প্রথমগণ অপেক্ষা গন্ধর্ব্বগণ শ্রেষ্ঠ, গন্ধর্ব্বগণ অপেক্ষা সিদ্ধগণ ভাল, সিদ্ধগণ অপেক্ষা দেবানুচর কিন্নরগণ উত্তম, কিন্নরগণ অপেক্ষা অসুরগণ প্রধান, অসুরগণ অপেক্ষা দেবতারা শ্রেষ্ঠ, দেবতাদের মধ্যে ইন্দ্র প্রধান, ইন্দ্র অপেক্ষা ব্রহ্ম-পুত্র দক্ষাদি উত্তম, দক্ষাদি অপেক্ষা ভগবান্ শঙ্কর মহৎ, ঐ শঙ্কর আবার ব্রহ্মার বলে বলবান, এ নিমিত্ত তাঁহা অপেক্ষা ব্রহ্মা শ্রেষ্ঠ, ব্রহ্মা আমার পরায়ণ, অতএব সেই ব্রহ্মা হইতে আবার আমি শ্রেষ্ঠ। আমিও ব্রাহ্মণদিগের পূজা করিয়া থাকি। অতএব ব্রাহ্মণেরা আমা অপেক্ষাও শ্রেষ্ঠ হও-য়াতে সর্ব্বপূজ্য, এ নিমিত্ত তোমরা অবশ্য তাঁহাদের সেবা করিবে ॥ ২১ ॥

অনন্তর অত্রস্থ ব্রাহ্মণদিগকে সম্বোধন পূর্ব্বক কহিলেন হে বিপ্রগণ। আমি কোন প্রাণিকে ব্রাহ্ম-ণের সমানও দেখি না, অতএব ব্রাহ্মণ অপেক্ষা কেহই শ্রেষ্ঠ নাই। ব্রাহ্মণদিগকে কেন শ্রেষ্ঠ বলি শ্রবণ কর। মনুষ্যেরা ব্রাহ্মণ মুখে শ্রদ্ধা পূর্ব্বক প্রকৃষ্ট রূপ হোম করিলে তাহাতে আমার যেমন তৃপ্তিকর ভোজন হয়, অগ্নিহোত্র যজ্ঞে সমর্পণ করিলে আমার তদ্রূপ তৃপ্তিকর আহার হয় না ॥ ২২ ॥

ধৃতা তনুরুশতী মে পুরাণী যেনেহ সত্বং পরমং পবিত্রং।
শমোদমঃ সত্যমনুগ্রহশ্চ তপস্তিতিক্ষানুভবশ্চ যত্র ॥ ২৩ ॥
মত্তোপ্যনন্তাৎ পরতঃ পরস্মাৎ স্বর্গাপবর্গাধিপতে র্ন কিঞ্চিৎ।
যেষাং কিমু স্যাদিতরেণ তেষামকিঞ্চনানাং ময়ি ভক্তিভাজাং ॥ ২৪ ॥
সর্ব্বাণি মদ্ধিষ্ণ্য তয়া ভবন্তি শ্চরাণি ভূতানি সুতা ধ্রুবাণি।

শ্রীধরস্বামী।

মে তনু মূর্ত্তির্বেদাখ্যা যেন ব্রাহ্মণেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥২৩
নিস্পৃহত্বমাহ মত্তোপি যেষাং ন কিঞ্চিৎ প্রার্থনীয়মস্তি তেষামিতরেণ রাজ্যাদিনা কিমু স্যাৎ ন কিমপি ॥ ২৪ ॥
তদেবং ব্রাহ্মণ সম্মানং বিধায় ইদানীং সর্ব্বভূত সম্মানং বিধত্তে সর্ব্বাণীতি। হে সুতাঃ সর্ব্বাণি জঙ্গমানি স্থাবরাণি চ ভূতানি

ক্রমসন্দর্ভঃ

সাচ কুতস্তত্রাহ ধৃতেতি। তদ্দ্বারেণৈব কারণং সত্বমিতি। সত্বমন্তঃকরণং পবিত্রং বিশুদ্ধং অনুগ্রহো ভূতদয়া তপঃ স্বধর্ম্মঃ অনুভবঃ শ্রীভগবতঃ ॥ ২৩ ॥
দ্বিজদেবত্বে কারণবিশেষমাহ মত্ত ইতি মত্তোঽপি সকাশাৎ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মম তনুর্বেদাখ্যা যেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥ ২৩ ॥
ততো মদ্ভক্তাঃ শ্রেষ্ঠাস্তে সর্ব্বত্র এবাধিক্যেনারাধনীয়া ইত্যাহ মত্তঃ সকাশাদ্যেষাং ন কিঞ্চিৎ প্রয়োজনং প্রার্থনীয়মস্তি অনন্তাদিত্যত এবানন্তৈশ্বর্য্যমাধুর্য্য গুণোঽহমেব প্রভুর্যেষাং প্রয়োজনত্বেন বর্ত্তে ইতি ভাবঃ। ইতরেণ ব্রহ্মাদিনা অকিঞ্চনানাং অহন্তাস্পদ মমতাস্পদয়োর্ম্মহমেব দত্তস্তাম্নবিদ্যতে কিঞ্চনাপি যেষামিত্যর্থঃ। ময়ি ভক্তিঃ প্রেমা তামেব ভজতাং প্রতিক্ষণং প্রাপ্নুবতামিত্যর্থঃ। অতএব তথা বুভূষুভিস্তে নিত্যমারাধনীয়া ইতি ভাবঃ। তৃতীয়োপি ব্রাহ্মণেভ্যোপি সকাশাদ্ভক্তাঃ শ্রেষ্ঠা উক্তাঃ শ্রীকপিলদেবেন যথা তস্মান্ময্যর্পিতাশেষক্রিয়ার্থাত্মা নিরন্তরঃ। ময্যর্পিতাত্মনঃ পুংসো ময়ি সংন্যস্ত কর্ম্মণঃ। ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাদিতি ॥ ২৪ ॥
স্পর্দ্ধাবজ্ঞাদি দোষ শান্ত্যর্থং সর্ব্বভূত সংমাননং বিধত্তে। সর্ব্বাণি ভূতানি মদ্ধিষ্ণ্যতয়া মদধিষ্ঠান তয়া হে সুতাঃ ধ্রুবাণি স্থাবরাণিচ ভবদ্ভিঃ সংভাবিতব্যানি ধ্যেয়ানি। বিবিক্তা মৎসরাদি দোষরহিতা দৃগ্দৃষ্টি র্যেষাং তৈঃ তদেব হিত্বা যুষ্মাভি র্মাহর্ণ

ফলতঃ যাঁহারা ইহলোকে আমার পরম রমণীয়া বেদময়ী মূর্ত্তি ধারণ করিয়াছেন এবং যাঁহাদের মধ্যে পরম পবিত্র সত্বগুণ এবং শম, দম, সত্য, অনুগ্রহ, তপস্যা, তিতিক্ষা ও প্রতাপ, এই অষ্টগুণ বিরাজ মান, সেই সকল ব্রাহ্মণ অপেক্ষা আমি কাহাকে শ্রেষ্ঠ দেখিব ॥ ২৩ ॥

অপর ব্রাহ্মণদিগের তুল্য কাহাকে নিঃস্পৃহও দেখিতে পাই না। আমি যে অনন্ত ও পরাৎপর এবং স্বর্গ ও অপবর্গের অধিপতি, আমার নিকটেও তাঁহাদের কিছুমাত্র প্রার্থনীয় নাই, ইহাতে তাঁহাদের রাজ্যাদি লিপ্সা কি রূপে সম্ভবিবে? কখনই প্রার্থনীয় হইতে পারে না। ফলতঃ তাঁহারা অকিঞ্চন, কেবল আমাতেই ভক্তি করিয়া থাকেন, তাঁহাদের কি রূপেই বা অন্য প্রার্থনীয় হইবার সম্ভাবনা হইবে ॥ ২৪ ॥

হে পুত্র সকল! স্থাবর জঙ্গম প্রভৃতি যে সমস্ত ভূত আছে সে সকলকেও আমার অধিষ্ঠান জানিয়া তোমরা ক্ষণে ক্ষণে সম্মান করিও, তৎকালে তোমাদের দৃষ্টি যেন মৎসরাদি দোষ শূন্য হয়, হে বৎস

সম্ভাবিতব্যানি পদেপদে বো বিবিক্ত দৃগ্ভিস্তদুহার্হণং মে ॥ ২৫ ॥
মনোবচোদৃক্ করণেহিতস্য সাক্ষাৎ কৃতং মে পরিবর্হণং হি।
বিনা পুমান্ যেন মহা বিমোহাৎ কৃতান্তপাশান্নবিমোক্তুমীশেৎ ॥ ২৬ ॥
শ্রীশুক উবাচ ॥
এবমনুশাস্যাত্মজান্ স্বয়মনুশিষ্টানপি লোকানুশাসনার্থং মহানুভাবঃ পরমসুহৃদ্ভগবানৃষভাপ দেশ উপশম শীলানামুপরত কর্ম্মণাং মহামুনীনাং ভক্তিজ্ঞান বৈরাগ্য লক্ষণং পারমহংস্যং ধর্ম্ম মুপশিক্ষমাণঃ স্বতনয় শতজ্যেষ্ঠং পরমভাগবতং ভগবজ্জন পরায়ণং ভরতং ধরণিপরিপালনা য়াভিষিচ্য স্বয়ং ভবন এবোর্ব্বরিত শরীমাত্র পরিগ্রহ উন্মত্ত ইব গগন পরিধানঃ প্রকীর্ণকেশ আত্মন্যারোপিতাহবনীয়ো ব্রহ্মাবর্ত্তাৎ প্রবব্রাজ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

মদধিষ্ঠান তয়া বোযুষ্মাভিঃ সম্মাননীয়ানি পদে পদে ক্ষণে ক্ষণে বিবিক্তা পূতা মৎসরাদি রহিতা দৃষ্টির্যেষাং তৈঃ তদেবহি মমার্হণং ॥ ২৫ ॥

সর্ব্ব কর্ম্মণামীশ্বরার্পণং বিধত্তে মনোবচো দৃশামন্যেষাঞ্চ করণানামীহিতস্য ব্যাপারস্য যে পরিবর্হণং আরাধনমেব সাক্ষাৎ কৃতং ফলং যেন পরিবর্হণেন বিনা কালপাশাদ্বিমোক্তুং নেশীত সমর্থো ন ভবেৎ ॥ ২৬ ॥

স্বতএব সুশিক্ষিতানপি লোকানুশাসনার্থং অনুশাস্য মুনীনাং পারমহংস্যং ধর্ম্মমুপশিক্ষয়িষ্যন্ ভরতমভিষিচ্য ঋষভ ইত্যপদেশো-নাম যস্য স ভগবান্ ব্রহ্মাবর্ত্তাৎ স্বদেশাৎ প্রবব্রাজ ইত্যন্বয়ঃ। উর্ব্বরিতোঽবশিষ্টঃ শরীরমাত্রং পরিগ্রহো যস্য ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদুহ তদপীত্যর্থঃ ॥ ২৫ ॥
সাক্ষাৎ কৃতং পুবতঃ করণং সমর্পণমিত্যর্থঃ ॥ ২৬ ॥ এবমিতি ভক্তিশিক্ষাত্র ভরতদ্বারা জ্ঞেয়া ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিতি পৃথগ্বাক্যমতো য ইত্যস্য ন পৌনরুক্ত্যং ॥ ২৫ ॥

সমাসেন ভক্তে র্লক্ষণং তাং চ বিনা নিস্তারাভাবং চ বদন্নুপসংহরতি। মনো বচোদৃশামন্যেষাঞ্চ করণানাং যথাবদীহিতস্য দেহব্যাপারস্যচ মে সাক্ষাৎ কৃতং সাক্ষান্মৎ সম্বন্ধিত্বেন যৎ করণং প্রবৃত্তি স্তদেব মে পরিবর্হণমারাধনমিত্যর্থঃ। যেন পরি-বর্হণেন বিনা ॥ ২৬ ॥

উপশিক্ষমাণঃ উপশিক্ষয়িষ্যন্ উর্ব্বরিতোঽবশিষ্টঃ শরীরমাত্র পরিগ্রহো যস্য সঃ ॥ ২৭। ২৮ ॥

গণ! সর্ব্বভূতের প্রতি সম্মান করাই আমার পূজা ॥ ২৫ ॥

এবং আমার পূজাই মনঃ বাক্য চক্ষুঃ ও অন্যান্য ইন্দ্রিয় ব্যাপারের সাক্ষাৎ ফল। আমার উপাসনা ব্যতীত কোন পুরুষ মহামোহময় কৃতান্তপাশ হইতে কদাপি মুক্ত হইতে পারে না ॥ ২৬ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! মহানুভাব পরম সুহৃদ্ ভগবান্ ঋষভদেব যদিও আপনার পুত্রগণ স্বয়ং সুশিক্ষিত তথাপি লোকদিগের অনুশাসনার্থ তাঁহাদিগকে ঐ প্রকার উপদেশ দিয়া আপনি উপ-শমশীল উপরতকর্ম্মা মহামুনিদিগের ভক্তিজ্ঞান বৈরাগ্য লক্ষণ পারমহংস্য ধর্ম্ম শিক্ষা করিবার মানসে আপনার শত পুত্রের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ পরম ভাগবত ভগবজ্জন পরায়ণ ভরতকে ধরণীতল পালনার্থ রাজ্যে অভিষিক্ত করিলেন, পরে তাঁহার শরীর মাত্র পরিগ্রহ অবশিষ্ট রহিল, অতএব উন্মত্তের ন্যায় নগ্ন বাসা ও বিমুক্ত কেশ হইয়া আহবনীয় অগ্নি আপনাতেই সংস্থাপন পূর্ব্বক প্রব্রজ্যাশ্রমে প্রবেশার্থ ব্রহ্মাবর্ত্ত দেশ হইতে প্রস্থান করিলেন ॥ ২৭ ॥

জড়ান্ধ মূক বধির পিশাচোন্মাদবদধূতবেশোঽভিভাষ্যমাণোপি জনানাং গৃহীতমৌনব্রত স্তূষ্ণীং বভূব ॥ ২৮ ॥

তত্র তত্র পুরগ্রামাকর খেট বাট শিবির ব্রজ ঘোষ সার্থ গিরি বনাশ্রমাদিষ্বনুপথমবনিচরাপসদৈঃ পরিভূয়মানো মক্ষিকাভিরিব বনগজস্তর্জনতাড়নাবমেহন ষ্ঠীবন গ্রাব শকৃদ্রজঃ প্রক্ষেপ পূতিবাত দুরুক্তৈ স্তদবিগণয়ন্নেব সৎ সংস্থান এতস্মিন্ দেহোপলক্ষণে সদপদেশ উভয়ানুভব

শ্রীধরস্বামী ।

অভিভাষ্যমাণোপি জনানাং মধ্যে জড়াদিবৎ বর্ত্তমানস্তূষ্ণীং বভূব অবধূতস্যেব বেশো যস্য ॥ ২৮ ॥

তত্র পুরাদিষ্বনুপথং মার্গে মার্গে অবনিচরাপসদৈ দুর্জনৈস্তর্জনাদিভিঃ পরিভূয়মাণোপি তদবিগণয়ন্নেব একচরঃ একাকী পৃথিবীং পরিবভ্রাম ইত্যন্বয়ঃ । তত্র পুরং পত্তনং গ্রামা হট্টহীনাঃ। আকরঃ খনিঃ খেটঃ কৃষীবল গ্রামঃ বাটাঃ পুষ্পাদিবাটিকাঃ শিবিরং সেনায়া নিবাসস্থানং ব্রজোগবাং ঘোষো গোপানাং সার্থো যাত্রিক জন সংঘাতঃ আশ্রমা ঋষীণাং তর্জ্জনং ভয়জননং তাড়নং প্রহারঃ মেহনং উপরি মূত্রণং ষ্ঠীবনং থূৎকৃত্য শ্লেষ্মপ্রক্ষেপঃ। গ্রাব্নাং শকৃতোরজসশ্চ প্রক্ষেপঃ পূতিবাতোঽধোবায়ুঃ দুরুক্তং শাপঃ এতৈঃ অগণনে দৃষ্টান্তঃ মক্ষিকাভিরিবেতি। তত্রৈব হেতুঃ অসতি মিথ্যাভূতে সংস্থানে সন্নিবেশে দেহ ইত্যুপলক্ষণং

ক্রমসন্দর্ভঃ ।

অসৎ সংস্থানামিত্যাদিকং লোকশিক্ষণায় ব্যঞ্জনমাত্রং ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং তত্ত্বমিত্যাদ্যুক্তেঃ ॥২৮।২৯।৩০।৩১।৩২।৩৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দুরত্যয়েঽধ্বন্যজয়া নিবেশিত ইতি যদুক্তং তদেব বন নিবেশন প্রকার কথনেন প্রপঞ্চয়তি । স এষ প্রসিদ্ধো জীবলোকঃ অয়ং বিষ্ণো র্মায়য়া অমুগমে অধ্বন্যাপতিতঃ ভবাটবীং গতঃ সন্ হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরাঃ সেবকাস্তেষামনুপ-দবীং তৈরনুষ্ঠিতং ভক্তিমার্গমদ্যাপি নাবরুন্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ । মায়ায়াঃ স্বকার্য্যদ্বারেণ সংসার মার্গপাত হেতুত্বমাহ দেহাত্ম মানিনাং সত্ত্বাদি গুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশল বিমিশ্র কর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভির্বিবিধ দেহাবলিভি-

ক্রমসন্দর্ভঃ ।

ইতি রাজোবাচেত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দুরধিগমং দার্ষ্টান্তানামনুক্তত্বাৎ । সমবেতেন সমুচিতেন অনুকল্পেন দার্ষ্টান্তবাচক শব্দেন ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । ত্রয়োদশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দস্যুক্রোষ্টু প্রভৃতিভিরুক্তৈঃ সহ চতুর্দ্দশে । ইহেন্দ্রিয় কুটুম্বাদ্যা স্তদ্দার্ষ্টান্তা নিরূপিতাঃ ॥ ০ ॥

স শ্রীশুকো হ স্পষ্টমুবাচ ॥ ১ ॥

সএষ প্রসিদ্ধো জীবলোকঃ সংসারাটব্যাং গতঃ সন্নদ্যাপি হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরা গুরুভজনাসক্তা ইত্যর্থঃ । তেষামনুকূলাং পদবীং নাবরুন্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ । তেন শ্রীগুরুচরণাশ্রয়ং বিনা সংসারাটব্যাং ভ্রমতোবেতি ভাবঃ । কীদৃশঃ দেহাত্মমানিনাং অধ্বন্যাপতিতঃ দুর্গাধ্ববৎ প্রসিদ্ধ দুর্গমার্গে ইব সত্ত্বাদি গুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশল বিমিশ্র কর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভি র্বিবিধ দেহাবলিভির্বিয়োগ সংযোগ তদুত্থ সুখ দুঃখ রূপস্থানাদেঃ সংসারস্য যোঽনু-

অতএব যাহা২ কহিলেন, তত্তাবতের অনুরূপ অর্থ কল্পনা করিয়া ঐ দুর্ব্বোধ্য বিষয় নির্দ্দেশ করিতে আজ্ঞা হউক ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশাধ্যায়ে রূপক রূপে বর্ণিত ভবাটবীর প্রকৃতার্থ কথন ॥ ০ ॥

রাজা পরীক্ষিতের ঐ রূপ প্রশ্নের উত্তর দানার্থ যোগিবর শুকদেব কহিলেন ॥ ১ ॥

মহারাজ ! পূর্ব্বে যে ব্যক্ত করিয়াছি দুর্গম-বর্ত্মে মায়া কর্ত্তৃক সংস্থাপিত বণিক্ সমূহ, তাহার অর্থ এই, সংসারাটবীতে জীবগণ অর্থোপার্জ্জন পর বণিক্ সমূহের তুল্য, তাহারা ভগবানের মায়ায়

দস্যুপমে হ্ধ্বন্যাপতিত ঈশ্বরস্য ভগবতো বিষ্ণো র্ব্বশবর্ত্তিন্যা মায়য়া জীবলোকোয়ং যথা বণিক্ সার্থোঽর্থপরঃ স্বদেহ নিষ্পাদিত কর্ম্মানুভবঃ শ্মশানবদশিবতমায়াং সংসারাটব্যাং গতো নাদ্যাপি বিফল বহু প্রতিযোগেহস্তত্তাপোপশমনীং হরিগুরুচরণারবিন্দমধুকরানু পদবী মবরুন্ধে ॥ ২ ॥

যস্যামু হ বা এতে ষড়িন্দ্রিয় নামানঃ কর্ম্মণা দস্যব এব তদ্যথা পুরুষস্য ধনং যৎ কিঞ্চিদ্ধর্ম্মৌপয়িকং বহুকৃচ্ছাধিগতং সাক্ষাৎ পরম পুরুষারাধন লক্ষণো যোসৌ ধর্ম্মস্তন্তু সাম্পরায় উদাহরন্তি

শ্রীধরস্বামী।

র্বিয়োগ সংযোগাদি র্যোহনাদি সংসার স্তদনুভবস্য দ্বারভুতেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ সংসার রূপে দুর্গম মার্গবৎ অসুগমে অধ্বন্যা পতিতঃ যথা বণিজাং সার্থঃ সমূহঃ অর্থার্জন পরঃ। স্বদেহনিষ্পাদিতানাং কর্ম্মণাং ফল দ্বারেণানুভবো যস্য বিফলাশ্চ বহু প্রতিযোগা বহুবিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ। তস্যাং সংসারাটব্যাং যে তাপাস্তেষামুপশমনীং নাশনীং ॥ ২ ॥

যস্যমিত্যাদি ব্যাচষ্টে যস্যাং ভবাটব্যাং দস্যু তুল্যা স্তেষাং কর্ম্ম দর্শয়তি তদ্যথেতি ধর্ম্মোপয়িকং ধর্ম্মকারণং তমেব স্বাভিপ্রেতং ধর্ম্মমাহ সাক্ষাদিতি। তন্তু সাম্পরায়ে পরলোকার্থমুদাহরন্তি তদ্ধর্ম্মাং ধর্ম্মার্হং ধনং দর্শনাদ্যাঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণাং বৃত্তয়ঃ সংকল্প

ক্রমসন্দর্ভঃ।

তদ্যথেতি তদ্দস্যুত্বং গদ্যত্রয়েণ দৃশ্যত ইত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভবস্তস্য। নতু জীবসংসারস্য মায়াকৃতত্বান্মায়াদেবীমেব জীবঃ প্রপদ্যতাং সৈব প্রসন্না তং বন্ধান্মোচয়িষ্যতি কিং হরি গুরুচরণ প্রপত্ত্যা তত্রাহ বিষ্ণোর্ব্বশবর্ত্তিন্যা মায়য়েতি সংসারমোচনেন তস্যাঃ স্বাতন্ত্র্যমিতি ভাবঃ। যদুক্তং দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে। ইতি গীতায়াং অত্র শ্লোকে এবং কারেণ সমুচ্চয় পক্ষোঽপি নিরস্তঃ কৃতঃ বিফলাশ্চ বহু বিপ্রতিযোগা বহু বিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ ॥ ২ ॥

যস্যামিমে ইতি ব্যাচষ্টে। যস্যামুহেতি যথা পুরুষস্য বহু কৃচ্ছাধিগতং ধর্ম্মোপযোগি ধনং দস্যবোবিলুম্পন্তি তত্তথা ইন্দ্রিয় নামানঃ ষড়েতে কর্ম্মণা স্বস্বব্যাপারেণ দর্শনাদিনা অজিতাত্মনো জনস্য ধনং বিলুম্পন্তীত্যন্বয়ঃ। তৎ পদস্য বৈয়র্থ্যাভাবায় ব্যবহিতান্বয়ঃ যোঢ়ব্যঃ। ধনমেব কিমিত্যপেক্ষায়ামাহ সাক্ষাদিতি। সাম্পরায়ে পরলোকার্থং তদ্ধর্ম্মাং ভগবৎ সেবার্হ মিত্যর্থঃ।

সংসারমার্গে পতিত হইয়াছে। অতএব গুরুরূপী যে ভগবান্ হরি, তাঁহার চরণারবিন্দের মকরন্দ সেবি সেবকদের পদবী অর্থাৎ ভাগবত জনের অনুষ্ঠিত ভক্তি মার্গ অদ্যাপি প্রাপ্ত হইতেছে না। হে রাজন্! সংসারমার্গ সুগম নহে, যে সকল ব্যক্তি দেহে আত্মাভিমান করে তাহাদের সত্বাদি বিশেষ২ গুণ দ্বারা বিভক্ত কর্ম্ম সকল কুশল অকুশল ও উভয় মিশ্রিত হয়। তাহাতে বিবিধ দেহাবলি নির্ম্মিত হওয়াতে তদ্দ্বারা সংযোগ বিয়োগাদি রূপ অনাদি সংসার হয়, সেই সংসার অনুভবের দ্বার স্বরূপ ছয় প্রকার ইন্দ্রিয়, তাহাতে ঐ সংসার মার্গ দুর্গম মার্গের তুল্য অতিশয় অসুগম হইয়াছে। হে রাজন্! ঐ রূপ দুর্গম পথের পথিক হইতে কাহারও প্রবৃত্তি হইবে না এমত বলিতে পার না, ভগবান্ বিষ্ণুর মায়া দ্বারা মুগ্ধ হইয়া সকলেই তাহাতে স্থাপিত হয় এবং স্ব স্ব দেহ দ্বারা নিষ্পাদিত কর্ম্ম সকলের ফল ভোগ করে। তাহাদের চেষ্টা কখন সফল কখন বা বহু২ বিঘ্ন দ্বারা বিফল হইয়াথাকে। হে রাজন্! ঐ রূপ ভবাটবীতে যে বিবিধ তাপ আছে, ভগবচ্চরণারবিন্দ সেবিদিগের পদবী, সে সকলের বিনাশ করণে সক্ষম। কিন্তু ভগবানের মায়া বশতঃ জীবলোকের তাহা সহজে লভ্য হয় না ॥ ২ ॥

সে যাহা হউক, এই সংসারাটবীতে ছয়টী দস্যু আছে এই যে উল্লেখ করিয়াছি তাহার অর্থ এই, সেই ছয়টী ইন্দ্রিয়, তাহারাই কর্ম্ম দ্বারা দস্যু তুল্য, যে হেতু সংসারে বহু কষ্ট উপস্থিত হইলেও পুরুষ ধর্ম্মের উপযোগি যে কিছু ধন প্রাপ্ত হয়, পণ্ডিতেরা যাহাকে ধর্ম্ম স্বরূপ বলিয়া থাকেন, সে

তদ্ধর্ম্ম্যং ধনং দর্শন স্পর্শন শ্রবণাস্বাদনাবঘ্রাণ সংকল্প সমবসায় গৃহগ্রাম্যোপভোগেন কুনাথ স্যাজিতাত্মনো যথা সার্থস্য তথা বিলুম্পন্তি ॥ ৩ ॥

অথচ যত্র কৌটুম্বিকা দারাপত্যাদয়ো নাম্না কর্ম্মণা বৃকশৃগালা এবানিচ্ছতোতিকদর্য্যস্য কুটুম্বিন উরণক বৎ সংরক্ষ্যমাণং মিষতোঽপহরন্তি ॥ ৪ ॥

যথা হ্যনুবৎসরং কৃষ্যমাণমপ্যদগ্ধবীজং ক্ষেত্রং পুনরেবাবপনকালে গুল্ম তৃণ বীরুদ্ভির্গহ্বরমিব ভবতি এবমেব গৃহাশ্রমঃ কর্ম্মক্ষেত্রং যস্মিন্নহি কর্ম্মাণ্যুৎসীদন্তি যদয়ং কামকরণ্ড এষ আবসথঃ তত্র রতোদংশমশকসমাপসদৈর্ম্মনুজৈঃ শলভ শকুন্ত তস্কর মূষিকাদিভিরুপরুধ্যমান বহিঃ

শ্রীধরস্বামী।

ব্যবসায়োবন্তঃকরণস্থ এতৈ গৃহে যো গ্রাম্য উপভোগ স্তেন কুনাথস্থ কুবুদ্ধে রজিতাত্মনো বিলুম্পন্তি। যথা চৌরাঃ কুপালকস্থ অনবহিতাত্মনঃ সার্থস্থ ধনং হরন্তি তদ্বৎ ॥ ৩ ॥

গোমায়বো যত্র ইত্যেতদ্ব্যাচষ্টে অথচেতি অথ চেত্যর্থান্তরোপন্যাসে কর্ম্মণাবৃত্তে নতু বৃকাঃ শৃগালাঃ অতিকদর্য্যস্থ অতিলুব্ধস্থ ॥৪

প্রভূত বীরুৎ তৃণগুল্ম গহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে যথাহীতি। ন দগ্ধানি বীজানি যস্মিন্ যদ্যস্মাৎ যোঽয়ং আবসথ আশ্রম এব কামানাং করণ্ডঃ যথা কর্পূর ভাজনে কর্পূর ক্ষয়েপি পরিমলো নক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ নকর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ। দংশমসক তুল্যৈরপসদৈ নীচৈঃ শলভাদিভিশ্চ উপরুধ্যমানঃ পীড্যমানঃ বহিঃ প্রাণোবিত্তং যস্থ তথা বিধোপ্যস্মিন্নধ্বনি পরিভ্রমন্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সংকল্পো মনসঃ সমবসায়ো ব্যবসায়ঃ সচ বুদ্ধের্ব্যাপারঃ। যথা কুনাথস্থ কুনায়কস্থ অজিতাত্মনঃ অবশীকৃতাত্মীয়লোকস্থ বণিক্ সার্থস্থ চৌরা হরন্তি তথা ॥ ৩ ॥

গোমায়বো যত্রেত্যেতদ্ব্যাচষ্টে। অথচেতি অপহরতশ্চেত্যর্থঃ। সংরক্ষ্যমাণা অন্ন বস্ত্রাদিভির্যয়া বয়মবশ্যপাল্যাএব ভবামেতি ন্যায়গিষেণ অপহরন্তীত্যস্য কর্ম্মপদঃ পূর্ব্বোক্তং স্বার্থিকময় গুড় ঘৃতাদি সংপুটং জ্ঞেয়ং। অত্র দস্যূনাং গোমায়ূনাঞ্চ দুর্ব্বারত্বস্যাধিক্য ন্যূনত্বাভ্যাং ভেদোজ্ঞেয়ঃ। ৪ ॥

প্রভূত বীরুত্তৃণ গুল্ম গহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে। যথেতি। এষ আবসথঃ আশ্রমো যদযস্মাৎ কামানাং করণ্ড ইতি। যথা হিঙ্গু ক্ষয়েপি গন্ধোনক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ ন কর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ ॥

কঠোরদংশৈরিত্যেতদ্ব্যাচষ্টে। অত্রেতি অপসদৈর্নীচৈরুপরুধ্যমানঃ পীড্যমানোবহিঃ প্রাণোবিত্তং যস্য সঃ। কচিচ্চ

অনবহিত হইলে, যেমন সঙ্গিলোকে সঙ্গির ধন হরণ করে, তাহার ন্যায় ঐ সকল ইন্দ্রিয় দস্যু দর্শন, স্পর্শন, শ্রবণ, আস্বাদন, আঘ্রাণ, সংকল্প, ইত্যাদি দ্বারা তাহার ঐ ধন হরণ করিয়া লয়, সে ব্যক্তি অজিতাত্মা ও গৃহ মধ্যে গ্রাম্য বস্তু উপভোগে আসক্ত থাকে, এজন্য সে কিছুই জানিতে পারে না ॥ ৩

অপর হে রাজন্! "তথায় বহু ২ গোমায়ু আছে" এই যাহা উল্লেখ করিয়াছি তাহার তাৎপর্য্য এই, সংসারে পরিবার সংক্রান্ত যে সকল স্ত্রী পুত্রাদি তাহারাই কার্য্যতঃ শৃগাল ও বৃক স্বরূপ, যে হেতু অতি লুব্ধ কুটুম্বী পুরুষ মেষ শাবক তুল্য যে সমস্ত বস্তু রক্ষা করেন, তাঁহার ইচ্ছা না হইলেও ঐ সকল ব্যক্তিরা ছল পূর্ব্বক তাহা অপহরণ করিয়া লয় ॥ ৪ ॥

আর ভবাটবী মধ্যে "ভূরি ২ তৃণ গুল্মে আচ্ছন্ন দুর্গম গহ্বর আছে" ইত্যাদি যাহা বলিয়াছি তাহার অর্থ এই, যেমন প্রতি বৎসর ক্ষেত্র কর্ষণ করিলেও তত্রস্থ বীজ সকল দগ্ধ না হওয়াতে পুনরায় বপন সময়ে তৃণ, গুল্ম, লতা, ইত্যাদি দ্বারা তাহা দুর্গম গহ্বর তুল্য হয়, তাহার ন্যায়, এই গৃহাশ্রম কর্ম্ম সকলের ক্ষেত্র স্বরূপ, ইহাতেও কর্ম্ম সকল একেবারে উৎসন্ন হয় না, কারণ এই গৃহ কাম কর্ম্ম সক-

প্রাণঃ ক্বচিৎ পরিবর্ত্তমানোঽস্মিন্নধ্বন্যবিদ্যা কাম কর্ম্মভিরুপরক্তমনসানুপপন্নার্থং নরলোকং গন্ধর্ব্বনগরমুপপন্নমিতি মিথ্যা দৃষ্টিরনুপশ্যতি ক্বচিদাতপোদকনিভান্ বিষয়ানুপধাবতি পান ভোজন ব্যবায়াদি ব্যসনলোলুপঃ॥ ৫ ॥

ক্বচিচ্চাশেষদোষনিষদনং পুরীষ বিশেষং তদ্বর্ণ গুণ নির্ম্মিত মতিঃ সুবর্ণমুপাদিৎসত্যগ্নিকামকাতর

শ্রীধরস্বামী।

অবিদ্যাদিভিরুপরক্তেন মনসা গন্ধর্ব্বপুর তুল্যং অঘটমানং নরলোকং সত্য ত্বয়া মিথ্যাদৃষ্টিরনুপশ্যতি প্রপশ্যতীতি প্রশঙ্ক সূচিতমর্থান্তরং দর্শয়তি তত্রচ গন্ধর্ব্বপুরে ক্বচিদাতপোদকং মৃগতৃষ্ণা জলং তত্তুল্যান্ বিষয়ান্ উপধাবতীতি॥ ৫ ॥

ক্বচিৎ ক্বচিচ্চাগুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিচ্চাশেষাণাং দোষাণাং নিষদনং স্থানং পুরীষবিশেষং অগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতো বর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা তদ্বিষয়া মতির্যস্য সঃ। সুবর্ণমুপাদাতুমিচ্ছতি অগ্নিকামেন কাতরঃ পরবশঃ উল্মুক সদৃশং পিশাচমিব শীতাতুরোহি অরণ্যে হ্যগ্নিবজ্জাজ্বল্যমানং ততস্ততো ধাবন্তমুল্মুক পিশাচমগ্নিবুদ্ধ্যা অনুধাবতি নতু তং

ক্রমসন্দর্ভঃ।

বহু কৃচ্ছ্রাধিগতং যৎকিঞ্চিৎ পুরুষধনং বর্ত্ততে তৎ সাক্ষাদ্ধর্ম্মৌপম্যিকং ভবতি কোসৌ ধর্ম্মস্তত্রাহ সাক্ষাৎ পরমেবেতি॥ ৪ ॥ ৫ ॥

পুরীষবিশেষং সুবর্ণমুপাদিৎসতীত্যনেনাগ্নিকামেতি দৃষ্টান্তেন চ সুবর্ণান্তরং যাথার্থ্যং দর্শয়তি। তচ্চ শ্রীভগবদ্ভূষণাদিময়ং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদিতি। পরিবর্ত্তমানঃ পরাবৃত্য পরামৃশন্ উপরক্তং যন্মন স্তেন ন উপপন্নোর্থোবিত্তং যতস্তং নরলোকং রঞ্জক নৃপাদিকং পশ্যতি ততশ্চ তদুপাসনয়া বাঞ্ছিত বিত্তাদিকং উপপন্নমিতি গন্ধর্ব্ব নগরমিব তমনুপশ্যতি। ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদুপলক্ষিতমর্থান্তরং দর্শয়তি আতপোদকং মৃগতৃষ্ণা তত্তুল্যান্ বিষয়ানুপধাবতি॥ ৫ ॥

ক্বচিৎ ক্বচিচ্চাগুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিচ্চেতি পুরীষ বিশেষমগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতোবর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা তদ্বিষয়া মতি র্যস্য সঃ। সুবর্ণমিতি পরকীয়দ্রব্যমাত্রস্যোপলক্ষণং আদাতুমিচ্ছতি নরকে পতিতুমিচ্ছতি ইতি ভাবঃ। শীতাদিত্রাণার্থমরণ্যে ভ্রমন্নগ্নিকামেন কাতরো যথা উল্মুকতুল্যং পিশাচমগ্নিবুদ্ধ্যা ধাবতি গর্ত্তমিতি

লের করণ্ড (পেটারি) ফলতঃ যেমন কর্পূর পাত্রের কর্পূর ক্ষয় হইয়া গেলেও তাহার পরিমল ক্ষয় হয় না, তাহার ন্যায় কর্ম্ম সকল বিনষ্ট হইলেও বাসনা ক্ষীণ না হওয়াতে একেবারে উৎসন্ন হয় না। সে যাহা হউক, এই গৃহাশ্রমে যে পুরুষ রত হয় তাহার বহিঃ প্রাণ অর্থাৎ ধন সম্পত্তি দংশ মশক তুল্য নীচ ব্যক্তিরা এবং শলভ শকুন্ত মূষিক প্রভৃতির তুল্য তস্করেরা পীড়ন করিয়া লয়, তথাপি ঐ পুরুষ গৃহাশ্রমের পথে পরিভ্রমণ করিতে, ক্ষান্ত হয় না, বরং মিথ্যা দৃষ্টি হওয়াতে অবিদ্যা কাম ও কর্ম্ম দ্বারা উপরক্তমনা হইয়া গন্ধর্ব্ব নগর তুল্য অঘটমান নরলোককে সত্য রূপে অবলোকন করে। অপর কোন স্থানে পান, ভোজন, গ্রাম্য ধর্ম্ম (স্ত্রীসঙ্গ) ইত্যাদি বিষয়ের নিমিত্ত লোলুপ হইয়া মৃগ তৃষ্ণার জলতুল্য বিষয় সকলের প্রতি ধাবমান হয়॥ ৫ ॥

"আর কোন২ স্থানে উল্মুকাকার গ্রহ দেখিয়া তাহার সুবর্ণ উপাদেয় বোধে তদর্থ সস্পৃহ হয়" এই যাহা উল্লেখ করিয়াছি তাহার মর্ম্ম এই, যেমন শীতার্ত্ত ব্যক্তি অগ্নিকামী হওত অরণ্যে অগ্নিবৎ জাজ্বল্যমান পিশাচ বিশেষকে দেখিয়া, ধাবমান সেই পিশাচের পশ্চাৎ পশ্চাৎ দৌড়িয়া যায়, তাহার ন্যায় এই সংসারে পুরুষ কোথাও সুবর্ণ প্রাপ্ত হইতে ইচ্ছা করিয়া দৌড়িয়া বেড়ায়, কিন্তু ঐ বস্তু অশেষ দোষের আস্পদ, পবিত্রও নহে, বিষ্ঠা বিশেষ, কারণ শ্রুত আছে অগ্নির পুরীষে সুবর্ণ হয়, পুরুষের তদর্থ ইচ্ছা হইবার কারণ এই,স্বর্ণ তুল্য লোহিত বর্ণ যে রজোগুণ, তাহাতে তাহার চিত্ত অভি-

ইবোল্মুকপিশাচং ॥ ৬ ॥

অথ কদাচিন্নিবাস পানীয় দ্রবিণাদ্যনেকাত্মোপজীবনাভিনিবেশ এতস্যাং সংসারাটব্যামিতস্ততঃ পরিধাবতি ॥ ৭ ॥

ক্বচিচ্চ বাত্যৌপম্যয়া প্রমদয়ারোহমারোপিত স্তৎকাল রজসা রজনীভূতা ইবাসাধুমর্য্যাদো রজস্বলাক্ষো দিগ্দেবতা অতিরজস্বলমতি র্ন বিজানাতি ॥ ৮ ॥

ক্বচিৎ সকৃদবগত বিষয় বৈতথ্যঃ স্বয়ং পরাভিধ্যানেন বিভ্রংশিত স্মৃতিস্তয়ৈব মরীচিতোয়প্রায়াং

শ্রীধরস্বামী।

প্রাপ্নোতি কথঞ্চিৎ প্রাপ্তশ্চেৎ তর্হি তেন ভক্ষিতঃ সন্ ম্রিয়তে এবং সুবর্ণমনুপধাবন্নপীত্যর্থঃ ॥ ৬ ॥

নিবাসতোয় দ্রবিণেত্যেতদ্ব্যাচষ্টে অথেতি। নিবাসাদিষু অনেকেষু আত্মন উপজীব্যেষু অভিনিবেশোযস্য ॥ ৭ ॥

ক্বচিচ্চ বাত্যোত্থিত ইত্যেতদ্ব্যাচষ্টে কচিচ্চেতি। আরোহমঙ্কং তস্মিন্ কালে যদ্রজোরাগ স্তেন স্বদৃষ্ট্যাবরকেণ রজস্যাং রাত্রৌ ভূতা ইব দ্রুম্বপাঠে রজনীভূত স্তমোময় ইব অতীব রজসাচ্ছন্ন মতিঃ অতএব রজোব্যাপ্ত চক্ষুরিব দিক্ষু স্থিতা মর্য্যাদাতিক্রম সাক্ষিভূতা দেবতা ন জানাতি ॥ ৮ ॥

অনুপাদেয়মেব উপাদেয় তয়া গৃহ্লাতি ইতি প্রক্রম সাজাত্যাদুত্তরশ্লোক চতুর্থ পাদং প্রথমং ব্যাচষ্টে কচিৎ সকৃদিতি। ক্বচিদা-

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞেয়ং। সাক্ষাদস্যৌপম্যিকমিত্যাদ্যুক্তত্বাৎ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবঃ ॥ ৬ ॥

নিবাসতোয়দ্রবিণাত্ম বুদ্ধিরিত্যেতদ্ব্যাচষ্টে অথেতি ॥ ৭ ॥

কচিচ্চ বাত্যোত্থিতেত্যেতদ্ব্যাচষ্টে। বাত্যয়া সহৌপম্যমুপমা যস্যাস্তয়া আরোহমঙ্কং। তস্মিন্ কালে যদ্রজঃ রজস্বলাঃ কামবেগ স্তেন স্বদৃষ্ট্যাচ্ছাদকেন স্পষ্টা অপি দিগ্দেবতা বহ্নি সূর্য্যাদ্যা রজনীভূতা অদৃশ্যা ইব রজস্বলাক্ষোঽন্ধ ইব রজস্বলমতিঃ কামান্ধীকৃত মতিঃ পশ্যন্তীরপি তা নজানাতি রজনীভূত ইতি পাঠে তমোময়ঃ ॥ ৮ ॥

অত্র কচিৎ ক্রমেণ কচিৎ ক্রমোল্লঙ্ঘনেন কচিৎ পৌনরুক্ত্যেনাপি ব্যাখ্যানং নাবগণনীয়ং নহি মহাটব্যাঃ সর্ব্বএব পন্থা ঋজু কর্ত্তুং শক্য ইতি অত্র স্বপ্রৌঢ়িমপহায় যথাস্থিতমেব ব্যাখ্যায়তে। মরীচিতোয়ান্যভিধাবতি কচিদিত্যেতদ্ব্যাচষ্টে। কচিদিতি

ভূত থাকে ॥ ৬ ॥

হে রাজন্! "নিবাস জল ধন" ইত্যাদি যাহার উক্তি করিয়াছি তাহার তাৎপর্য্য এই, নিবাস জল ধন ইত্যাদি যে সকল বস্তু আপনার উপজীব্য, তদর্থ অভিনিবিষ্ট হইয়া পুরুষ এই সংসার গহনে ইতস্ততঃ দৌড়িয়া বেড়ায় ॥ ৭ ॥

অপর কোথাও "রজোব্যাপ্ত নেত্র হওয়াতে বাত্যায় উত্থিত ধূলি করণক ধূম্রা দিক্ দেখিতে পায় না" এই যাহা বলিয়াছি তাহার অর্থ এই, সংসার মধ্যে কখন ২ বাত্যার তুল্য যে প্রমদা তাহা কর্ত্তৃক ক্রোড়ে আরোপিত হয়, তাহাতে তৎকালে যে অনুরাগ জন্মে তাহার দ্বারা ধূলি দূষিত নয়ন তুল্য হইয়া মর্য্যাদা অতিক্রমণ করে, রাত্রি কালীন ভূতের ন্যায় দিগ্দেবতা সকল মর্য্যাদাতিক্রমের সাক্ষি স্বরূপ হইয়া যে বর্ত্তমান আছেন সে তাহা জানিতে পারে না ॥ ৮ ॥

অপর কোন স্থানে সূর্য্য কিরণে জল বোধ করিয়া তাহার প্রতি ধাবমান হয়, ইত্যাদি যাহা উক্ত হইয়াছে তাহার মর্ম্মার্থ এই, সংসার মধ্যে পুরুষ কখন ২ আপনিই এক ২ বার বিষয় সকলকে ব্যর্থ

স্তানেবাভিধাবতি ॥ ৯ ॥

ক্বচিদুলূকঝিল্লীস্বনবদতিপরুষ রভসাটোপং প্রত্যক্ষং পরোক্ষম্বা রিপুরাজকুলনির্ভৎসিতেন অতিব্যথিতকর্ণমূলহৃদয়ঃ ॥ ১০ ॥

স যদা দুগ্ধ পূর্ব্ব সুকৃত স্তদা কারস্করাদ্যপুণ্যদ্রুম লতা বিষোদ পান বদুভয়ার্থ শূন্য দ্রবিণান্ জীবন্মৃতান্ স্বয়ং জীবন্ ম্রিয়মাণ উপধাবতি ॥ ১১ ॥

একদা অসৎ প্রসঙ্গাৎ নিকৃতমতির্ব্যুদক স্রোতঃস্খলনবদুভয়তোপি দুঃখদং পাষণ্ডমভিয়াতি ॥ ১২

শ্রীধরস্বামী ।

তপোদকনিভানিত্যত্র মিথ্যা বিষয়ে লম্পটত্বমুক্তং। নিবাস তোয়েত্যত্র তদর্জ্জন প্রয়াস উক্তঃ অত্রতু বাধিতেষপি পুনঃ প্রবৃত্তি রুচ্যত ইতি অপৌনরুক্ত্যং স্বয়মেব সকৃদবগতং বিষয়াণাং বৈতথ্যং বিফলত্বং যেন। পরাভিধ্যানেন দেহাভিনিবেশেন বিভ্রংশিতা স্মৃতি র্যস্ত তয়ৈব বিভ্রংশিতয়া স্মৃত্যা স্মৃতি ভ্রংশাদেবেত্যর্থঃ ॥ ৯ ॥

অদৃশ্য ঝিল্লী স্বনেত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদুলূকেতি। অতিপরুষো রভস উৎসাহ স্তেনাটোপঃ সংভ্রমো যথা ভবতি এবং রিপুণাং রাজকুলস্যচ নির্ভৎসিতেনাতিব্যথিতং কর্ণমূলং হৃদয়ঞ্চ যস্য ॥ ১০ ॥

অপুণ্য বৃক্ষানিত্যেতদ্ব্যাচষ্টে স যদেতি। দুগ্ধং উপভুক্তং পূর্ব্ব সুকৃতং যেন কারস্করো বিষতিন্দুকঃ তৎ প্রমুখা যেঽপুণ্য দ্রুমা স্তথা বিধা লতাশ্চ বিষোদপানাশ্চ বিষকূপা স্তত্তুল্যান্ দৃষ্টাদৃষ্ট প্রয়োজনশূন্যধনান্ ॥ ১১ ॥

ক্বচিদ্বিতোয়াঃ সরিত ইত্যেতদ্ব্যাচষ্টে। একদা ক্বচিদসতাং প্রসঙ্গাৎ নিকৃতা বঞ্চিতা মতি র্যস্য সঃ। নিরুদক নদীগর্ভ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সকৃদেকবারং অবগতং বিষয়াণাং বৈতথ্যং নৈষ্ফল্যং যেন সঃ। তদপি তানেব বিষয়ান্ মরীচিতোয় প্রায়ান্ পুনঃ পুনরভিধাবতি পরাভিধ্যানেন দেহাভিনিবেশেন বিভ্রংশিতা স্মৃতি র্যস্য সঃ। তয়ৈব বিভ্রংশিতয়া স্মৃত্যা স্মৃতি ভ্রংশাদেবেত্যর্থঃ ॥ ৯ ॥

অদৃশ্য ঝিল্লীস্বনেনেত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদুলূকেতি অতিপরুষোরভস উৎসাহ স্তেনাটোপঃ সংভ্রমো যত্র তদ্যথাস্যাত্তথানির্ভৎসনেন ॥ ১০ ॥

অপুণ্যবৃক্ষানেতদ্ব্যাচষ্টে স যদেতি দুগ্ধমুপভুক্তং পূর্ব্ব সুকৃতং যেন সঃ। কারস্করোবিষতিন্দুকঃ। তৎ প্রমুখা যে ঽপুণ্য দ্রুমা স্তথা বিধা লতাশ্চ বিষকূপাস্তত্তুল্যান্ দৃষ্টাদৃষ্ট প্রয়োজন শূন্য ধনান্ ॥ ১১ ॥

ক্বচিদ্বিতোয়াঃ সরিত ইত্যেতদ্ব্যাচষ্টে। একদা অসতাং প্রসঙ্গান্নিকৃতা বঞ্চিতা মতি র্যস্য সঃ নিরুদক নদীগর্ত্তপাতে যথা

বলিয়া নিশ্চয় করে কিন্তু দেহে অভিমান প্রযুক্ত অবিলম্বে স্মৃতি ভ্রষ্ট হইয়া যায়, তাহাতে মৃগ তৃষ্ণার জল তুল্য সেই সকল বিষয়ের নিমিত্ত পুনরায় ধাবমান হয় ॥ ৯ ॥

মহারাজ! " কোন ২ স্থানে ঝিল্লী নামক কীট বিশেষের ধ্বনিতে কর্ণশূল" এই যাহা বলিয়াছি, তাহার তাৎপর্য্য এই, সংসার মধ্যে কোথাও ঝিল্লী তুল্য অতি কর্কশ বিষয়ে উৎসাহ হেতু প্রত্যক্ষ ও পরোক্ষ রিপুকুলের ভর্ৎসনায় পুরুষের কর্ণশূল ও হৃদয়ের বেদনা উপস্থিত হয় ॥ ১০ ॥

অপর "যে সকল বৃক্ষের ছায়া পাপের কারণ" এই যাহা বলিয়াছি, তাহার অর্থ এই, সংসারে যখন পুরুষের পূর্ব্ব সুকৃত উপভুক্ত হয় তখন বিষতিন্দুক প্রভৃতি অপুণ্য বৃক্ষ লতা ও বিষকূপ তুল্য দৃষ্টাদৃষ্ট প্রয়োজন শূন্য ধন উপজীব্য করিয়া স্বয়ং ম্রিয়মাণ হওত জীবন্মৃত লোকের নিকট দৌড়িয়া যায় ॥ ১১

হে রাজন্! সংসারাটবীতে বণিক্ সমূহ "কখন ২ জল শূন্য জলাশয়ে গমন করে" এই উক্তির তাৎপর্য্য বলি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। সংসার মধ্যে কখন ২ অসৎ সঙ্গ বশতঃ পুরুষের বুদ্ধি বঞ্চিত হয়, তাহাতে নিরুদক নদীর গর্ত্তে পতিত হইলে যেমন তৎক্ষণাৎ মস্তক ফুটিয়া যায়, পরেও ক্লেশ

যদাতু ক্ষুৎপিপাসাদিত পরবাধয়াঙ্ক আত্মনে নোপনমতি তদাহি পিতৃ পুত্র বর্হিস্মতঃ পিতৃ পুত্রান্ বা খলু ভক্ষয়তি ॥ ১৩ ॥

ক্বচিদাসাদ্য গৃহং দাববৎ প্রিয়ার্থ বিধুরমসুখোদর্কং শোকাগ্নিনা দহ্যমানো ভৃশং নির্বেদমুপগচ্ছতি ॥ ১৪ ॥

ক্বচিৎ কালবিষমিতরাজকুলরক্ষসাপহৃত প্রিয়তম ধনাসুর্ম্মৃতক ইব বিগত জীবলক্ষণ আস্তে ॥ ১৫

কদাচিন্মনোরথোপগত পিতৃপিতামহাদ্যসৎসদিতি স্বপ্ন নির্বৃতিং ক্ষণমনুভবতি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

পাতে যথা সদ্যঃ শিরঃ স্ফুটতি পশ্চাদপি চ তদ্বেদনানুবর্ত্ততে এবমিহচ পরত্রচ দুঃখদং ॥ ১২ ॥

পরস্পরং বা লষতে নিরন্ন ইত্যেতদ্ব্যাচষ্টে যদাত্বিতি। অন্ধঃ অন্নং নোপনমতি নোপতিষ্ঠতে পিতৃ পুত্রাণাং বর্হিঃ কুশঃ তদ্বতঃ পিতুঃ পুত্রাণাম্বা কুশাদি তৃণমাত্রমপি যেষু পশ্যতি তান্ ভক্ষয়তি বাধতে ইত্যর্থঃ। পিতৃ পুত্র বর্হিষ্ঠানিতি পাঠঃ সুগমঃ ॥ ১৩ ॥

আসাদ্যদাবমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদাসাদ্যেতি ॥ ১৪ ॥

ক্বচ যক্ষৈ হৃর্তাসুবিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিৎ কালেন বিষমিতং প্রতিকূলতাং নীতং যদ্রাজকুলং তদেব রক্ষ স্তেনাপহৃতা প্রিয়তম ধনরূপা অসবো যস্য বিগতানি জীবলক্ষণানি হর্ষাদীনি যস্য শূরৈ হৃর্তস্ব ইত্যপ্যনেনৈব ব্যাখ্যাতং ॥ ১৫ ॥

ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্ট ইত্যেতদ্ব্যাচষ্টে কদাচিন্মনোরথ প্রাপ্তং পিত্রাদ্যসদেব সদিতি মত্বা পূর্ব্বং গন্ধর্ব্বপুরবদঘটনাম দর্শন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সদ্যঃ শিরঃ স্ফুটতি পশ্চাদপি বেদনানুবর্ত্ততে এবমিহচ পরত্র চ দুঃখদং ॥ ১২ ॥

পরস্পরঞ্চালষতে নিরন্ন ইত্যেতদ্ব্যাচষ্টে। পরবাধয়া পরপীড়ন প্রদয়াপি জীবিকয়া অন্ধঃ অন্নং নোপনমতি নোপতিষ্ঠতি পিতুঃ পুত্রাণাং বা কুশাদি তৃণমাত্রমপি যেষু পশ্যতি তান্ ভক্ষয়তি রাজদ্বারাৎ পদাতিকানানীয় পীড়য়তি ॥ ১৩ ॥

আসাদ্য দাবমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদাসাদ্যেতি ॥ ১৪ ॥

ক্বচ যক্ষৈর্হৃর্তাসুরিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিৎ কালেতি বিগতানি জীবন লক্ষণানি হর্ষাদীনি যস্য সঃ শোকমূর্চ্ছিতো বা ॥ ১৫ ॥

ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্ট ইত্যেতদ্ব্যাচষ্টে কদাচিদিতি। মনোরথ প্রাপ্তং পিত্রাদিকং অসৎ মৃতমপি সৎ পুনঃ পরলোকাদা

হয়, তাহার ন্যায় পুরুষ পাষণ্ডের নিকট গমন করিয়া ইহকালে ও পরকালে দুঃখ পায় ॥ ১২ ॥

অপর "কখন ২ নিরন্ন হইয়া পরস্পরের নিকট অন্ন যাচ্ঞা করে" ইত্যাদি যাহা উল্লেখ করিয়াছি, তাহার তাৎপর্য্য এই, সংসার মধ্যে পুরুষ যখন ক্ষুধা পিপাসায় পীড়িত ও তজ্জন্য ক্লেশে অন্ধ হওয়াতে, আপনার অন্ন উপস্থিত দেখিতে না পায়, তখন যে সকল ব্যক্তিতে পিতা পুত্রের কুশাদি দর্শন করে তাঁহাদিগকে, কখন বা পিতৃ পুত্রকে, বাধা দেয় ॥ ১৩ ॥

অপর "কখন ২ দাবানলের নিকট গিয়া অগ্নিতে সন্তপ্ত হওত বিষাদ করে" এই যাহা বলিয়াছি, তাহার অর্থ এই যে গৃহ দাবানল তুল্য এবং প্রিয় বস্তুর নিমিত্ত সন্তপ্ত, অতএব ইহাতে সুখের লেশ মাত্র নাই; পুরুষ ইহা প্রাপ্ত হইয়া শোকানলে দগ্ধ হওত সাতিশয় সন্তপ্ত হয় ॥ ১৪ ॥

হে রাজন্! "কখন ২ যক্ষগণ প্রাণ তুল্য ধন হরণ করাতে নির্ব্বেদ প্রাপ্ত হয়" এই যাহা বলিয়াছি তাহার মর্ম্ম এই, সংসার মধ্যে কখন ২ রাজগণ কালবশতঃ প্রতিকূল হইয়া রাক্ষস তুল্য ব্যবহার করত প্রিয়তম ধন রূপ প্রাণ হরণ করিয়া লয়, তাহাতে পুরুষকে মৃতকের তুল্য জীবনের লক্ষণে বিরহিত হইয়া থাকিতে হয় ॥ ১৫ ॥

রাজন্! "কোথাও গন্ধর্ব্বপুরে প্রবেশ করিয়া নির্বৃত তুল্য হওত মুহূর্ত্তকাল আহ্লাদ আমোদ

কচিদ্গৃহাশ্রম কর্ম্মচোদনাতিভর গিরিমারুরুক্ষমাণো লৌকিকব্যসনকর্ষিতমনাঃ কণ্টক শর্করাক্ষেত্রং প্রবিশন্নিব সীদতি ॥ ১৭

কচিচ্চ দুঃসহেন কায়াভ্যন্তর বহ্নিনা গৃহীতসারঃ স কুটুম্বায় ক্রুধ্যতি ॥ ১৮ ॥

সএব পুনর্নিদ্রাজগর গৃহীতোঽন্ধে তমসি মগ্নঃ শূন্যারণ্য ইব শেতে নান্যৎ কিঞ্চ ন বেদ শব ইবাপবিদ্ধঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

মুকুং ইদানীং তন্নিমিত্ত সুখাসক্তিরুচ্যতে ইতি ভেদঃ ॥ ১৬ ॥

চলন্ কচিদিত্যেতদ্ব্যাচষ্টে। কচিদ্গৃহাশ্রমে যাঃ কর্ম্মচোদনা স্তাসামতিভরো ঽতিবিস্তারঃ স এব গিরিস্তমারুরুক্ষন্ তদন্তং গন্তুমিচ্ছন্ ॥ ১৭ ॥

পদে পদে ঽভ্যন্তর বহ্নিনা ইতি ব্যাচষ্টে কচিচ্চ দুঃসহেনেতি ॥ ১৮ ॥

কচিন্নিগীর্ণ ইত্যেতদ্ব্যাচষ্টে স এবেতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গতমিতি মম্বা স্বপ্নে ইব নির্বৃতিং ॥ ১৬ ॥

চলন্ কচিদিত্যেতদ্ব্যাচষ্টে কচিদ্গৃহাশ্রমে যা কর্ম্মচোদনাস্তাভিঃ প্রাপ্তোযোঽতিভরো ঽশ্বমেধাদির্বিবাহাদির্ব্বা সএব গিরি স্তমারুরুক্ষন্ তদন্তং গন্তুমিচ্ছন্ লোকানাং প্রতিবেশিজনানাং ব্যসনং তাদৃশ বৃহৎ কর্ম্মাসক্তি স্তেন কর্ষিতমনাঃ। এতে স্বপ্রতিষ্ঠার্থং বৃহৎ কর্ম্ম কুর্ব্বন্তি অহং কথং ন করোমীতি বিক্ষুব্ধচিত্তঃ ॥ ১৭ ॥

পদে পদে ঽভ্যন্তর বহ্নিনেত্যেতদ্ব্যাচষ্টে। কচিদ্দুঃসহেনেতি গৃহীত সারঃ দগ্ধধৈর্য্যঃ ॥ ১৮ ॥

কচিন্নিগীর্ণ ইত্যেতদ্ব্যাচষ্টে স এবেতি অপবিদ্ধঃ স্বজনৈস্ত্যক্তঃ ॥ ১৯ ॥

করে” ইত্যাদির তাৎপর্য্য এই পুরুষ কখন ২ পিতৃ পিতামহ প্রভৃতি অতীত ব্যক্তিদিগকে চিন্তাযোগে প্রাপ্ত হইয়া তাঁহারা যেন বর্ত্তমান আছেন এই রূপ মনে করত ক্ষণকাল স্বপ্ন তুল্য সুখ অনুভব করে ॥ ১৬ ॥

অপর “কোথাও চলিতে ২ পদে কণ্টকাদি বিদ্ধ হওয়াতে পর্ব্বতারোহণের বাসনায় বিমনস্কের ন্যায় হইয়া থাকে” ইহার অর্থ এই, গৃহাশ্রমে যে সকল কর্ম্মের বিধি আছে তাহা অতি বিস্তার অতএব সে সকল পর্ব্বত তুল্য অতি দুর্গম, তাহার অন্ত প্রাপ্ত হইতে ইচ্ছুক হওয়াতে পুরুষের মনঃ কখন ২ লৌকিক ব্যসনে কর্ষিত হয় সুতরাং কণ্টক ক্ষেত্রে প্রবেশ কারির ন্যায়, অবসন্ন হইয়া পড়ে ॥ ১৭ ॥

আর “কখন ২ কুটুম্বী পুরুষ অভ্যন্তরবর্ত্তি অনল দ্বারা পীড়িত হওয়াতে ক্ষণে ২ লোকের উপরে ক্রুদ্ধ হয়” এই যাহা বলিয়াছি তাহার তাৎপর্য্য এই, বহু কুটুম্ব যুক্ত পুরুষ স্বচ্ছন্দ ভোজনাভাবে দেহাভ্যন্তর বর্ত্তি দুঃসহ জঠরাগ্নিতে পীড়িত হইয়া ধৈর্য্য বিসর্জন পূর্ব্বক কখন ২ কুটুম্বের উপর ক্রোধ প্রকাশ করে ॥ ১৮ ॥

অপর “সংসারাটবীতে কোথাও অজগর সর্প কর্তৃক গিলিত হইয়া কিছুই জানিতে পারে না” এই যাহা বলিয়াছি, তাহার মর্ম্ম এই যে, সংসার মধ্যে পুরুষ কখন ২ নিদ্রারূপ অজগরের বশতাপন্ন হয়, নিদ্রার সময় শূন্যাগারের ন্যায় ঘোরান্ধকারে নিমগ্ন হইয়া শয়ন করিয়া থাকে, কিছুই জানিতে পারে না, অতএব তাহাকে পরিত্যক্ত শব তুল্য বোধ হয় ॥ ১৯ ॥

কদাচিদ্ভগ্নমানদংষ্ট্রো দুর্জ্জনদন্দশূকৈরলব্ধনিদ্রাক্ষণো ব্যথিতহৃদয়েনানুক্ষীয়মাণবিজ্ঞানো
ঽন্ধকূপেঽন্ধবৎ পততি ॥ ২০ ॥

কর্হিচিৎ স্ম কাম মধুলবান্ বিচিন্বন্ যদা পরদার পরদ্রব্যাণ্যবরুন্ধানো রাজ্ঞা স্বামিভির্ব্বা
নিহতঃ পতত্যপারে নিরয়ে ॥ ২১ ॥

অথচ তস্মাদুভয়থাপি হি কর্ম্মাস্মিন্নাত্মনঃ সংসারাবপনমুদাহরন্তি ॥ ২২ ॥

মুক্তস্ততো যদি বন্ধাদ্দেবদত্ত উপাচ্ছিনত্তি তস্মাদপি বিষ্ণুমিত্র ইত্যনবস্থিতিঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

দষ্টঃ স্ম শেতে ইতি ব্যাচষ্টে কদাচিদিতি । মানোগর্ব্ব এব দংষ্ট্রা পরপীড়াকরত্বাৎ ভগ্না মানদংষ্ট্রা যস্য অতএব ন লব্ধো নিদ্রায়াঃ ক্ষণোপি যেন ॥ ২০ ॥

কর্হি স্বচিৎ ক্ষুদ্ররসানিত্যেতদ্ব্যাচষ্টে কর্হি চিৎ স্ম কাম মধুলবান্ ইতি যদা নিহতো ভবতি তদা সদ্য এব নিরয়ে পততি ॥২১ ॥

প্রসঙ্গাত্তস্য কর্ম্মণঃ সংসার হেতুত্বং স্ফুটয়তি অথ চেতি । যস্মাদেবং তস্মাৎ অথ অনন্তরমেব উভয়থা ইহচ পরত্রচ । অস্মিন্ প্রবৃত্তিমার্গে সংসারস্যাবপনং জন্মক্ষেত্রং কর্ম্মোদাহরন্তি ॥ ২২ ॥

তত্রাতিকৃচ্ছ্রং প্রতিলব্ধমান ইত্যেতদ্ব্যাচষ্টে মুক্ত ইতি । যদি বন্ধান্মুক্তো ভবতি তর্হি ততঃ সকাশাৎ অন্যোহরতি তস্মাদ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দষ্টঃ স্ম শেতে ইতি ব্যাচষ্টে কদাচিদ্ভগ্নেতি ॥ ২০ ॥

কর্হি স্বচিৎ ক্ষুদ্র রসানিত্যেতদ্ব্যাচষ্টে কর্হি স্বচিৎ কামেতি ॥ ২১ ॥

অথচেতি যস্মাদেবং তস্মাদুভয়থাপি পাপ প্রকারেণ পুণ্য প্রকারেণ চ কর্ম্ম অস্মিন্ জগতি ॥ ২২ ॥

তত্রাতিকৃচ্ছ্রং প্রতি লব্ধমান ইত্যেতদ্ব্যাচষ্টে মুক্ত ইতি বন্ধাৎ তৎ স্বামি দত্ত বন্ধ প্রহারাদে র্যদি দ্রব্যাদি ব্যয়েন মুক্তঃসন্ তদ্দারান্ সংভোক্তুং প্রাপ্নোতি তদা দেবদত্তঃ অন্যঃ কশ্চিল্লম্পটঃ । তত আচ্ছিদ্য ভুঙ্ক্তে তস্মাদপ্যন্য ইতি ন কোপি প্রকামং

রাজন্ ! “ভবাটবীর কোন ২ স্থানে অন্ধ লোকেরা অন্ধকূপে পড়িয়া নিমগ্ন আছে” এই যাহা বলিয়াছি তাহার অর্থ এই, সংসার মধ্যে পুরুষের কখন ২ গর্ব্ব রূপ দংষ্ট্রা ভগ্ন হয় এবং দুর্জ্জন রূপ সর্প তাহাকে নিদ্রা যাইতে দেয় না, অতএব হৃদয় ব্যথিত হওয়াতে নিরন্তর তাহার বিজ্ঞান ক্ষয় হইতে থাকে, সুতরাং অজ্ঞানান্ধ হইয়া অন্ধবৎ অন্ধকূপে পতিত হয় ॥ ২০ ॥

অপর “কখন ২ পুরুষ ক্ষুদ্র রসের অন্বেষণ করিতে গিয়া তাহার মক্ষিকার নিকট অবজ্ঞাত হওয়াতে সাতিশয় ব্যথিত হয়” ইত্যাদি বাক্যের অভিপ্রায় এই যে, সংসার মধ্যে কাম সকল মধু কণার তুল্য, পুরুষ কখন ২ ঐ কাম অন্বেষণ করিয়া বেড়ায় । কিন্তু যখন পরদার ও পর ধনের উপর আক্রমণ করে তখন স্বামী অথবা রাজা কর্ত্তৃক নিহত হইয়া অপার নরকে পতিত হয় ॥ ২১ ॥

অতএব পণ্ডিতেরা কহেন প্রবৃত্তি মার্গে আপনার কর্ম্মই ইহলোকে ও পরলোকে সংসারের জন্ম ক্ষেত্র ॥ ২২ ॥

“ক্ষুদ্র রস যদি লাভ করিতে পারে তাহা হইলে অন্য ব্যক্তি আসিয়া বল পূর্ব্বক কাড়িয়া লয়” ইত্যাদি যাহা বলিয়াছি তাহার অর্থ এই, পরদারাদি যদি এক জনের আক্রমণ হইতে মুক্ত হয়, তবে অন্য ব্যক্তি দেবদত্ত তাহা হইতে বল দ্বারা হরণ করিয়া লয় । তাহার নিকট হইতে আবার আর এক জন বিষ্ণুমিত্র কাড়িয়া লয়, এই রূপ ধারাবাহিক হইতে থাকে, সুতরাং তাহাতে অনবস্থা হইয়া

কচিচ্চ শীতবাতাদ্যনেকাধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিকীয়ানাং দশানাং প্রতি নিবারণেঽকল্পো দুরন্ত চিন্তয়া বিষণ্ণ আস্তে ॥ ২৪ ॥

কচিন্মিথোব্যবহরন্ যৎ কিঞ্চিদ্ধনমন্যেভ্যো বা কাকিণিকা মাত্রমপ্যপহরন্ যৎকিঞ্চিদ্বা বিদ্বেষ মেতি বিত্তশাঠ্যাৎ ॥ ॥ ২৫ ॥

অধ্বন্যমুষ্মিন্নিম উপসর্গা স্তথা সুখ দুঃখ রাগ দ্বেষ ভয়াভিমান প্রমাদোন্মাদশোক মোহ লোভ মাৎসর্য্যের্ষ্যাবমান ক্ষুৎ পিপাসাধি ব্যাধি জন্ম জরা মরণাদয়ঃ ॥ ২৬ ॥

কাপি দেবমায়য়া স্ত্রিয়া ভুজলতোপগূঢ়ঃ প্রস্কন্ন বিবেক বিজ্ঞান স্তদ্বিহার গৃহারম্ভাকুল হৃদয়

শ্রীধরস্বামী।

পান্যঃ নম্নগৌ ভোক্তুং লভত ইত্যর্থঃ ॥ ২৩॥

কচিচ্চ শীতাতপেত্যেতদ্ব্যাচষ্টে কচিচ্চেতি। শীতাদয়ো ঽনেকা আধিদৈবিক্যাদ্যা যা দশা দুঃখাবস্থা স্তাসাং ॥ ২৪ ॥

কচিন্মিথ ইত্যেতদ্ব্যাচষ্টে কচিন্মিথো যৎ কিঞ্চিদ্ধনং ব্যবহরন্ কাকিণিকা মাত্রং বিংশতিবরাটক মাত্রং ততোপি ন্যূনং বা যৎ কিঞ্চিদপহরন্ বিদ্বেষমেতি ॥ ২৫ ॥

অধ্বন্যমুষ্মিন্ উক্ত কৃচ্ছ্র বিত্তবাধোপসর্গৈরিত্যুক্তানুপসর্গান্ প্রপঞ্চয়তি অধ্বন্যমুষ্মিন্ ইমে উক্ত কৃচ্ছ্র বিত্তবাধাদয় স্তথা সুখ দুঃখাদয়শ্চ ॥ ২৬ ॥

বৃংৎক্রমৈঃ পুনরুক্তৈশ্চ নানা পাঠৈ বতঃ পবং। দুর্গমোপি ভবাধ্বা যং সংপ্রদায়েন তীর্য্যতে। তত্র প্রসজ্জতি কাপীত্যাদিনা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভোক্তুং লভতে ॥ ২৩ ॥

কচিচ্চ শীতাতপেত্যেতদ্ব্যাচষ্টে কচিচ্চ শীতেতি দশানাং দুঃখাবস্থানাং ॥ ২৪ ॥

কচিন্মিথ ইত্যেতদ্ব্যাচষ্টে কচিন্মিথ ইতি। যৎকিঞ্চিদপি ধনং মিথো বাণিজ্যাদৌ ব্যবহরন্ বা কাকিণিকা বিংশতি কপর্দ্দিকা ওমাত্রং যৎকিঞ্চিত্ততোপি ন্যূনং চ অন্যেভ্যোঽপহরন্ বা বিদ্বেষমেতি ॥ ২৫ ॥

অধ্বন্যমুষ্মিন্ন কৃচ্ছ্রেতি ব্যাচষ্টে অধ্বন্যমুষ্মিন্নিম ইতি ॥ ২৬ ॥

প্রসজ্জতি কাপীতি ব্যাচষ্টে কাপীতি দেবমায়া রূপয়া স্ত্রিয়া কর্ত্র্যা ভুজলতাভ্যামুপগূঢ়ঃ সন্ লুপ্ত বিবেক বিজ্ঞানো ভবতি।

উঠে ॥ ২৩ ॥

হে রাজন্! কোন২ স্থানে কোন ২ লোক শীত, গ্রীষ্ম, বায়ু, বর্ষা ইত্যাদির প্রতীকার করিতে না পারিয়া বসিয়া থাকে” ইত্যাদি উক্তির তাৎপর্য্য এই যে, সংসার মধ্যে শীত, গ্রীষ্মাদি অনেকানেক আধিদৈবিক, আধিভৌতিক ও আধ্যাত্মিক দুর্দ্দশা নিবারণ করিতে অসমর্থ হইয়া দুরন্ত চিন্তায় বিষণ্ণ হইয়া থাকে ॥ ২৪ ॥

কোন কোন স্থানে পরস্পর ধন ব্যবহার করিয়া অন্যের নিকট হইতে যৎকিঞ্চিৎ অর্থাৎ কাকিণী মাত্র (বিংশতি সংখ্যক বরাটক) অথবা তদপেক্ষা ন্যূন কিঞ্চিৎ অপহরণ পূর্ব্বক বিত্ত শাঠ্য করিয়া বিদ্বেষ প্রাপ্ত হয় ॥ ২৫ ॥

মহারাজ! এই সংসার বর্ত্মে ধন কষ্টাদি বিবিধ উপসর্গ ত নিত্যই বর্ত্তমান, তদ্ব্যতীত সুখ, দুঃখ, রাগ, দ্বেষ, অভিমান, প্রমাদ, উন্মাদ, শোক, মোহ, লোভ, মাৎসর্য্য, ঈর্ষা, অবমান, ক্ষুধা, পিপাসা, আধি, ব্যাধি, জন্ম, জরা, মৃত্যু, ইত্যাদিও সুমহৎ উপসর্গ ॥ ২৬ ॥

হে রাজন্! “কোথাও কোন ২ ব্যক্তি লতা শাখা আশ্রয় করে” ইত্যাদি যাহা বলিয়াছি, তাহার তাৎ

স্তদাশ্রয়াবসক্ত সুত দুহিতৃ কলত্র ভাষিতাবলোক বিচেষ্টিতাপহৃতহৃদয় আত্মানমজিতাত্মাঽ পারেঽন্ধে তমসি প্রহিণোতি ॥ ২৭ ॥

কদাচিদীশ্বরস্য ভগবতো বিষ্ণোশ্চক্রাৎ পরমাণ্বাদি দ্বিপরার্দ্ধাপবর্গোপলক্ষণাৎ পরিবর্ত্তিতেন বয়সা রংহসা হরত আব্রহ্ম তৃণ স্তম্বাদীনাং ভূতানামনিমিষতো মিষতাং বিত্রস্ত হৃদয়স্তমেবেশ্বরং কালচক্র নিজায়ুধং সাক্ষাদ্ভগবন্তং যজ্ঞপুরুষমনাদৃত্য পাষণ্ডদেবতাঃ কঙ্ক গৃধ্র

শ্রীধরস্বামী।

সিংহাবলোক ন্যায়েন উক্তমর্থমপকৃষ্য ক্রমেণ ব্যাচষ্টে কাপি দেবমায়য়েতি প্রচ্ছন্নং অপগতং বিবেক বিজ্ঞানং যস্য তস্যাঃ স্ত্রিয়া বিহারগৃহং ক্রীড়াগৃহং তদারম্ভে আকুলং হৃদয়ং যস্য অনেন প্রসজ্জতীতি ব্যাখ্যাতং। তদাশ্রয়াদি ব্যাচষ্টে তস্যা আশ্রয়েঽব সক্তাঃ সংলগ্নাঃ সুতা দুহিতরশ্চ কলত্রঞ্চ সৈব স্ত্রী তেষাং ভাষিতাদিভি রপহৃতং হৃদয়ং যস্য প্রহিণোতি প্রক্ষিপতি ॥ ২৭ ॥

কচিৎ কদাচিৎ হরিচক্রতস্ত্রসন্নিত্যোতদ্ব্যাচষ্টে কদাচিদীশ্বরস্যেতি পরমাণুরাদিঃ দ্বিপরার্দ্ধোঽপবর্গোঽন্তঃ তদেবোপলক্ষণং যস্য তস্মাৎ কালোপলক্ষণাদিতি পৃথক্ পদত্বেন পাঠে কাল স্বরূপাদিত্যর্থঃ রংহসা শীঘ্রেণ পরিবর্ত্তিতেন পরিভ্রমণেন বয়সা বাল্যাদি ক্রমেণ ব্রহ্মাণমভিব্যাপ্য তৃণস্তম্বাদীনি ভূতানি হরতঃ সংহরতঃ চক্রতঃ সকাশাৎ বিত্রস্তহৃদয়ঃ সন্ পাষণ্ডদেবানাভিমুখ্যেন ধত্তে ইত্যন্বয়ঃ। অনিমিষতঃ নিমেষমকুর্ব্বতঃ অপ্রমত্তাদিত্যর্থঃ। মিষতাং প্রতিকর্ত্তুমশক্তানামিত্যর্থঃ। কর্ম্মণি ষষ্ঠ্যাঃ কালচক্রং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্যা স্ত্রিয়াঃ কেলিগৃহারম্ভে আকুলহৃদয়ো ভবেত্তস্যা এব আশ্রয়েঽবসক্তাঃ সংলগ্নাঃ সুতা দুহিতরশ্চ কলত্রং তৎ সুতবধূঃ সাচ তেষাং ভাষিতাদিভিরপহৃতং হৃদয়ং যস্য সঃ ॥ ২৭ ॥

কচিৎ কদাচিদ্ধরিচক্রতস্ত্রসন্নিত্যোতদ্ব্যাচষ্টে কদাচিদীশ্বরস্যেতি চক্রাৎ পরিত্রস্ত হৃদয়ঃ পাষণ্ডদেবতাঃ সাঙ্কেত্যেন কল্পিতেন পাষণ্ডাগমেন অভিধত্তে উপাস্তে তস্য ব্যাচষ্ট ইত্যন্বয়ঃ পরমাণুরাদি র্দ্বিপরার্দ্ধোপবর্গোঽন্তো যস্য তেন কালেনৈব উপ আধিক্যেন লক্ষণং যস্য তস্মাৎ দ্বিপরার্দ্ধাপবর্গাৎ কালোপলক্ষণাদিতি পাঠে কাল স্বরূপাদিত্যর্থঃ। কীদৃশাৎ পরিবর্ত্তিতেন বয়সা বাল্যাদিনা রংহসা অতিশৈঘ্রেণ ব্রহ্মাদীনামপ্যনিমিষতাং অপশ্যতাং ব্যবহারে প্রমত্তানাং ভূতানামিতি কর্ম্মণি ষষ্ঠ্যঃ ভূতানি হরত ইত্যর্থঃ। যদ্বা আয়ুরিত্যধ্যাহার্য্যং তেষাং আয়ু র্হরত অনিমিষতঃ নিমেষমপ্যকুর্ব্বতঃ অপ্রমত্তাদিত্যর্থঃ। আর্য্য সময় পরিহৃতাঃ শিষ্টাচার-

পর্য্য শুন, সংসার মধ্যে কোথাও দেবমায়া রূপ স্ত্রীর ভুজলতায় আলিঙ্গিত হইয়া পুরুষ বিবেক ও জ্ঞানে বিরত হওয়াতে সেই স্ত্রীর ক্রীড়াগৃহ আরম্ভার্থ তাহার হৃদয় ব্যাকুল হয় অতএব তাহার আশ্রয়ে যে সকল পুত্র কলত্র ইত্যাদি থাকে তাহাদের বাক্য শ্রবণ এবং চেষ্টা অবলোকনে হৃত হৃদয় হইয়া আত্মাকে অপার ঘোরান্ধকারে প্রক্ষিপ্ত করে ॥ ২৭ ॥

অপর "কোথাও কখন২ হরিচক্র হইতে ভীত হইয়া কঙ্কগৃধ্রাদির সহিত সখ্য বিধান করে" ইত্যাদি যাহা উল্লিখিত হইয়াছে, তাহার ভাব এই, হরিচক্রের অর্থ ভগবান্ বিষ্ণুর চক্র, তাহা পরমাণু অবধি দ্বিপরার্দ্ধ পর্য্যন্ত যে কাল তৎস্বরূপ, সেই চক্র নিরন্তর পরিবর্ত্তিত হইয়া অর্থাৎ ভ্রমণ করিয়া বাল্যাদি ক্রমে ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত সমস্ত ভূতকে বেগে হরণ করিতেছে। কিন্তু কোন ব্যক্তি তাহার কিছুমাত্র প্রতীকার করিতে সমর্থ হইতেছে না। যে হেতু ঐ চক্র সর্ব্বতোভাবে অপ্রমত্ত অর্থাৎ অতিশয় সতর্ক, অতএব পুরুষ, কাল স্বরূপ ঐ হরিচক্র হইতে ভীত হইয়া, ঐ কালচক্রই যাঁহার নিজ অস্ত্র, সেই ঈশ্বর যে সাক্ষাদ্ভগবান্ যজ্ঞপুরুষ তাঁহার অনাদর করত যে সকল পাষণ্ডদেব কঙ্ক, গৃধ্র, বক ও

বক করট প্রায়া আর্য্যসময় পরিহৃতাঃ সাঙ্কেত্যেনাভিধত্তে ॥ ২৮ ॥

যদাতু পাষণ্ডিভিরাত্মবঞ্চিতৈ স্তৈরুরুবঞ্চিতো ব্রহ্মকুলং সমাবসং স্তেষাং শীলমুপনয়নাদি শ্রৌতস্মার্ত্ত কর্ম্মানুষ্ঠানেন ভগবতো যজ্ঞপুরুষস্য আরাধনমেব তদরোচয়ন্ শূদ্রকুলং ভজতে নিগমাচারে ঽশুদ্ধিতো যস্য মিথুনীভাবঃ কুটুম্বভরণং যথা বানরজাতেঃ ॥ ২৯ ॥

তত্রাপি নিরবরোধঃ, স্বৈরেণ বিহরন্নতিকৃপণ বুদ্ধিরন্যোন্য মুখনিরীক্ষণাদিনা গ্রাম্য কর্ম্মণৈব বিস্মৃতকালাবধিঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী ।

নিজমায়ুধং যস্য সাঙ্কেত্যেন মূল প্রমাণ শূন্যেন পাষণ্ডাগমেন ॥ ২৮ ॥

তৈর্ব্বঞ্চিত ইত্যেতদ্ব্যাচষ্টে যদাত্বিতি আত্মনা বঞ্চিতৈঃ উরু অধিকং বঞ্চিতঃ সন্ তেষাং ব্রাহ্মণানাং যচ্ছীলমুপনয়নাদি তদ রোচয়ন্ শূদ্র বদ্বর্ত্ততে নিগমোক্তাচারে অশুদ্ধিতঃ তস্য শুদ্ধ্যভাবাৎ। যস্ত শূদ্রস্ত কেবলং মিথুনীভাবঃ কুটুম্বভরণঞ্চ ব্যাপারঃ নাগ্নিহোত্রাদি ॥ ২৯ ॥

তজ্জাতি রাসেনেত্যাদি ব্যাচষ্টে। তত্রাপি নিরবরোধঃ প্রতিবন্ধ রহিতঃ স্বৈরেণ স্বেচ্ছয়া ক্রীড়ন্ বিস্মৃত মৃত্যুকালঃ সন্ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিগমাচারে যা শুদ্ধিস্তদকরণাদিত্যর্থঃ ॥ ২৯ । ৩০ । ৩১ ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রহিতাঃ ॥ ২৮ ॥

তৈর্ব্বঞ্চিত ইত্যেতদ্ব্যাচষ্টে যদাত্বিতি। আত্মনৈব বঞ্চিতৈঃ স্বকল্পিত কুপথগামিত্বাৎ তৈরুরুবঞ্চিতঃ কল্পিত কিঞ্চিন্মাত্রা-পরাধমিষেণ ধনাদ্যপহৃতা স্বগণান্নিঃ সারিতঃ। নিগমোক্তাচারমধ্যে যা অশুদ্ধিরুচ্যতে তত্রৈব যস্ত মিথুনীভাবঃ বিধবায়াস্ত্যক্ত ধবায়া বা মূল্যাদি প্রদানেন পরিণয়ঃ ॥ ২৯ ॥

তজ্জাতি রাসেনেত্যেতদ্ব্যাচষ্টে। তত্রাপি নিরবরোধঃ ধর্ম্মমর্য্যাদাভিরনবরুধ্যমানঃ বিস্মৃত মৃত্যুকালঃ সন্ বিহরন্ ভবতি ॥৩০

করট তুল্য অতএব আর্য্যজনের আচারে বর্জিত, তাহাদিগকেই পাষণ্ড শাস্ত্রানুসারে আশ্রয় করে ॥ ২৮

কিন্তু "তাহাদের নিকট বঞ্চিত হয়" এই যাহা বলিয়াছি তাহার অর্থ এই, ঐ সকল পাষণ্ড দেবতা আত্ম বিষয়ে বঞ্চিত, অতএব ঐ পুরুষ যখন তাহাদিগের নিকট অতিশয় রূপে বঞ্চিত হয়, তখন ব্রাহ্মণ কুলে গিয়া বাস করে। পরন্তু তদবস্থায় ব্রাহ্মণদিগের যে আচার ব্যবহার এবং শ্রৌত স্মার্ত্ত কর্ম্মা-নুষ্ঠান দ্বারা ভগবান্ যজ্ঞ পুরুষের আরাধনা রূপ যে কর্ম্ম, সে সকল তাহার রুচিকর বোধ হয় না, নিগমোক্ত আচার অশুদ্ধি বহুল এ প্রযুক্ত সে ব্যক্তি তাহাতেই অনুরক্ত হইয়া শূদ্র তুল্য হয়। শূদ্রের নিগমোক্ত কর্ম্মে অধিকার নাই, বানর জাতির তুল্য কেবল স্ত্রীসঙ্গ ও কুটুম্ব ভরণ মাত্র কর্ম্ম ॥ ২৯ ॥

রাজন্! "বানর জাতির ক্রীড়া দ্বারা আপনার ইন্দ্রিয় সকলকে চরিতার্থ করে" ইত্যাদি যাহা উল্লি-খিত হইয়াছে তাহার তাৎপর্য্য এই, ঐ সকল ব্যক্তি শূদ্রতুল্য হওয়াতে প্রতিবন্ধক রহিত হইয়া স্বেচ্ছানুসারে বিহার করিয়া বেড়ায়। তাহার বুদ্ধি অতিশয় মন্দ, ইহাতে পরস্পর মুখ সন্দর্শনাদি রূপ গ্রাম্য কর্ম্মে এবম্প্রকার অনুরাগী হইয়া থাকে যে তাহাতে আপনার মৃত্যুকাল পর্য্যন্তও বিস্মৃত হয় ॥ ৩০ ॥

কচিদ্ধ্রুবদৈহিকার্থেষু গৃহেষু রংস্যন্ যথা বানরঃ সুতদারবৎসলো ব্যবায়ক্ষণঃ ॥ ৩১ ॥

এবমধ্বন্যবরুন্ধানো মৃত্যুগজভয়াত্তমসি গিরিকন্দরপ্রায়ে ॥ ৩২ ॥

কচিচ্ছীতবাতাদ্যনেকদৈবিকভৌতিকাত্মীয়ানাং দুঃখানাং প্রতিনিবারণেঽকল্পো দুরন্তবিষয়-ধিষণয়া বিষণ্ণ আস্তে ॥ ৩৩ ॥

কচিন্মিথো ব্যবহরন্ যৎকিঞ্চিদ্ধনমুপযাতি বিত্তশাঠ্যেন বৈরং গচ্ছতি ॥ ৩৪ ॥

কচিৎ কচিৎ ক্ষীণধনঃ শয্যাসনাদ্যুপভোগবিহীনো যাদবপ্রতিলব্ধ মনোরথোপগতাদানে

শ্রীধরস্বামী।

ক্রমেষু রংস্যন্নিত্যেতদ্ব্যাচষ্টে কচিদ্ধ্রুবমিতি। ব্যবায়ক্ষণঃ মৈথুনোৎসবো ভবতি ॥ ৩১ ॥

কচিৎ প্রমাদাদিত্যেতদ্ব্যাচষ্টে এবমধ্বনি সুখ দুঃখাদ্যবরুন্ধানো গিরিকন্দরপ্রায়ে তমসি রোগাদ্যাপদি পততীতি শেষঃ ॥৩২

কচিৎ শীতবাতেত্যাদি পূর্ব্বস্মাৎ অধিকোক্তিঃ। রোগাদ্যাপদি পতিতঃ সন্ শীতাদিভিঃ ক্লিশ্যন্নাস্তে ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

তদেবং সিংহাবলোক ন্যায়েন উক্তমর্থং যথা স্থানমপকৃষ্য ব্যাখ্যায় ক্রমস্থমনুবর্ত্তয়িতুং পূর্ব্বোক্তমেবানুবদতি কচিন্মিথ ইতি। বিত্তশাঠ্যেন কদাচিৎ যৎকিঞ্চিৎ ধনমুপযাতি ॥ ৩৪ ॥

কচিৎ কচিৎ ক্ষীণ ধন ইতি ব্যাচষ্টে কচিৎ কচিৎ ক্ষীণ ধন ইতি অপ্রতি লব্ধং যৎ মনোরথেন উপগতং বাঞ্ছিতং তত্তাদানে

ক্রমসন্দর্ভঃ।

গিরিকন্দর প্রায়ে তমসি রোগাদ্যা যদি অপতন্ মৃত্যুগজভয়াদ্বল্লীতুল্য প্রাচীন কর্ম্মাবলম্ব্য স্থিতো ভবতীতি শেষঃ। ৩২। । ৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রমেষু রংস্যন্নিতি ব্যাচষ্টে কচিৎ ক্রমেতি রংস্যন্ রমমাণঃ ব্যবায় ক্ষণঃ স্ত্রীসঙ্গলক্ষোৎসবঃ ॥ ৩১ ॥

কচিৎ প্রমাদাদিত্যেতদ্ব্যাচষ্টে। এবমধ্বনীতি মৃত্যুভয়াত্তমসি মহারোগাদ্যুপশমার্থং কুকর্ম্মণি অবরুন্ধানঃ আত্মানমবরুন্ধন্ ॥ ৩২ ॥

কচিচ্চ শীতাতপেত্যেতদ্ব্যাচষ্টে কচিচ্ছীতবাতেতি ॥ ৩৩ ॥

কচিন্মিথ ইতি ব্যাচষ্টে কচিন্মিথ ইতি ॥ ৩৪ ॥

কচিৎ কচিৎ ক্ষীণধন ইত্যেতদ্ব্যাচষ্টে কচিৎ কচিৎ ক্ষীণধন ইতি যন্মনোরথেনোপগতং বাঞ্ছিতং ধনাদি তত্তাদানে স্বীকারে

অপর "কোথাও কোন ২ ব্যক্তি পুত্র কলত্রের প্রতি বাৎসল্য হেতু বৃক্ষ সকলে গিয়া রমণ করে" ইত্যাদির অভিপ্রায় এই, যেমন বানরেরা বৃক্ষ সকলে ক্রীড়া করে তাহার ন্যায় গৃহাদি ঐহিক বিষয়ে ক্রীড়ার্থ অনুরাগী হইয়া পুত্র কলত্রাদির প্রতিই প্রীতিমান্ হয় এবং মৈথুন ক্রিয়াকেই পরম উৎসব করিয়া মানে ॥ ৩১ ॥

হে রাজন্! "কোথাও কোন২ ব্যক্তি গিরিগহ্বরে পতিত হইয়া তত্রস্থ হস্তি ভয়ে লতা অবলম্বন পূর্ব্বক অবস্থিতি করে" ইত্যাদি বাক্যের অভিপ্রায় এই, পুরুষ সংসার মার্গে অবরুদ্ধ হওয়াতে মৃত্যুরূপ হস্তির ভয়ে ভীত হওত কখন২ গিরিগহ্বর তুল্য ঘোর অন্ধকারে অর্থাৎ রোগ শোকাদি আপদে আপতিত হয় ॥ ৩২ ॥

কখন বা শীত বাত প্রভৃতি আধিদৈবিক আধিভৌতিক ও আধ্যাত্মিক বিবিধ দুঃখ নিবারণে অসমর্থ হইয়া ক্লেশ পায় এবং দুরন্ত বিষয় বাসনায় বিষণ্ণ হইয়া থাকে ॥ ৩৩ ॥

কখন২ পরস্পর ব্যবহার করিতে২ বিত্ত শাঠ্য করিয়া যৎকিঞ্চিৎ ধন সঞ্চয় করে কিন্তু তাহাতে সুখী না হইয়া বিদ্বেষ প্রাপ্ত হয় ॥ ৩৪ ॥

কখন২ ক্ষীণধন হওয়াতে শয্যা, আসন, ইত্যাদি উপভোগেতে বঞ্চিত হয়, সুতরাং মনোরথের

ত্ববসিতমতিস্তত্তস্ততোঽবমানাদীনি জনাদভিলভতে ॥ ৩৫ ॥

এবং বিত্ত ব্যতিষঙ্গ বিবৃদ্ধ বৈরানুবন্ধোপি পূর্ব্ববাসনয়া মিথ উদ্বহত্যথাপবহতি ॥ ৩৬ ॥

এতস্মিন্ সংসারাধ্বনি নানাক্লেশোপসর্গবাধিত আপন্ন বিপন্নো যত্রযস্তমু হ বা বেতরস্তত্র বিসৃজ্য জাতং জাতমুপাদায় শোচন্ মুহ্যন্ বিভ্যদ্বিবদন্ বিবহন্ সংহৃষ্যন্ গায়ন্ নহ্যমানঃ সাধুবর্জিতোনৈবাবর্ত্ততেঽদ্যাপি যত আরব্ধ এষ নরলোকসার্থ স্তমধ্বনঃ পারমুপদিশন্তি ॥ ৩৭ ॥

যদিদং যোগানুশাসনং ন বা এতদবরুন্ধতে। যন্ন্যস্তদণ্ডা মুনয় উপশম শীলা উপরতাত্মানঃ সমবগচ্ছন্তি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

স্বীকারে নিশ্চিতমতিঃ সন্ ॥ ৩৫ ॥

অন্যোন্য বিত্তব্যতিষঙ্গেত্যেতদ্ব্যাচষ্টে এবং বিত্তব্যতিষঙ্গেতি। অপবহতি ত্যজতি ॥ ৩৬ ॥

অধ্বন্যমুষ্মিন্নিত্যাদি ব্যাচষ্টে এতস্মিন্নিতি। আপন্নঃ আপদং প্রাপ্তঃ। বিপন্নো নষ্টো বা যস্তমিতর স্তত্রৈব বিসৃজ্য নহ্যমানঃ বধ্যমানঃ সাধুবর্জিতঃ সাধুব্যতিরিক্তঃ ॥ ৩৭ ॥

অনাবৃত্তৌ হেতুমাহ যদিদমিতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিশ্চিন্ত মতিঃ সন্ ॥ ৩৫ ॥

অন্যোন্য বিত্তব্যতিষঙ্গেত্যেতদ্ব্যাচষ্টে এবমিতি অথাপবহতি পুনরুদ্বাহং ত্যজতি চ ॥ ৩৬ ॥

অধ্বন্যমুষ্মিন্নিত্যাদি ব্যাচষ্টে। এতস্মিন্নিতি আপন্ন আপদং প্রাপ্তঃ বিপন্নোমৃতঃ। সাধুবর্জ্জিত ইতি ব্যাচষ্টে বৈষ্ণব সঙ্গে সতি তরতীতি ভাবঃ যতশ্চ পরমেশ্বরাৎ তমেব পরমেশ্বরং পারং পারপ্রাপকং তত্র সাধুসঙ্গ এব হেতুরিত্যর্থঃ ॥ ৩৭ ॥

অনাবৃত্তৌ হেতুমাহ যদিদমিতি সমবগচ্ছন্তি প্রাপ্নুবন্তি ॥ ৩৮ ॥

দ্বারা যাহা বাঞ্ছিত, সদুপায়ে তাহা প্রাপ্ত না হওয়াতে অসদুপায় দ্বারা লাভ করিতে মনস্থ করে, তাহাতে লোকের নিকট অপমানাদি প্রাপ্ত হয় ॥ ৩৫ ॥

পরন্তু আশ্চর্য্যের বিষয় এই যে এই প্রকার অর্থাসক্তি দ্বারা পরস্পরের বৈর বর্দ্ধিত হওয়ার সম্ভাবনা থাকিলেও প্রাক্তন বাসনায় পরস্পর ধন অপহরণ করিতে অনুরাগী হয় ॥ ৩৬ ॥

মহারাজ! ঐ রূপ সংসার মার্গে নানা ক্লেশ ও নানা উপসর্গ দ্বারা বাধিত হইয়া যে ব্যক্তি আপদ গ্রস্ত অথবা মৃত্যু প্রাপ্ত হয়, ইতর লোকে তাহাকে সেই স্থানে পরিত্যাগ করিয়া নূতন২ উৎপন্ন ব্যক্তিকে গ্রহণ করত কখন শোক করে, কখন মুগ্ধ হয়, কখন ভয় পায়, কখন চীৎকার শব্দ করে, কখন বিবাহ করে, কখন হৃষ্ট হয়, কখন২ বা গান করে। এই প্রকারে সংসার মধ্যে ক্রমশঃ আবদ্ধ হইয়া পড়ে, সাধু পুরুষদিগের অনুগ্রহ ব্যতিরেকে কেহ অদ্যাবধি ঐ সংসার বর্ত্মের পার উত্তীর্ণ হইতে পারিল না। সে যাহা হউক, যে বর্ত্মে এই নরলোক সকল আবদ্ধ আছে পণ্ডিতেরা সেই বর্ত্মের পার হইবার নিমিত্ত সর্ব্বদাই সদুপদেশ প্রদান করিয়া থাকেন ॥ ৩৭ ॥

হে রাজন্! সাধু পুরুষ ব্যতীত অন্য ব্যক্তির এই সংসার বর্ত্ম হইতে আবৃত্ত না হইবার কারণ এই, এ বর্ত্ম যোগানুষ্ঠান দ্বারাও অবরুদ্ধ করিতে পারাযায় না, উপশমশীল, প্রশান্তাত্মা যে সকল মুনি দণ্ড পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছেন তাঁহারাও ইহা অবগত আছেন। ফলত তাঁহাদের মধ্যেও অনেকে ঐ বর্ত্ম নিরোধে অসমর্থ হইয়াছেন ॥ ৩৮ ॥

যদপি দিগিভজয়িনো যজ্বিনো যে বৈ রাজর্ষয়ঃ কিন্তু পরং মৃধে শয়ীরন্ তস্যামেব মমেয়মিতি কৃতবৈরানুবন্ধায়াং বিসৃজ্য স্বয়মুপসংহৃতাঃ ॥ ৩৯ ॥

কর্ম্মবল্লীমবলম্ব্য তত আপদঃ কথঞ্চিন্নরকাদ্বিমুক্তঃ পুনরপ্যেবং সংসারাধ্বনি বর্ত্তমানো নরলোকসার্থমুপযাতি এবমুপরিগতোপি ॥ ৪০ ॥

তস্যেদমুপগায়ন্তি ॥

আর্ষভস্যেহ রাজর্ষে র্মনসাপি মহাত্মনঃ। নানুবর্ত্মার্হতি নৃপো মক্ষিকেব গরুত্মতঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

মনস্বিন ইতি ব্যাচষ্টে যদপীতি। যে বৈ রাজর্ষয়স্তেপি নাবরুন্ধতে কিন্তু পরং কেবলং মৃধে শয়ীরন্ ॥ ৩৯ ॥

প্রসঙ্গতীত্যাদি গিরিকন্দর ইত্যন্তমপকৃষ্য ব্যাখ্যাতং গ্রন্থমতিক্রম্য বল্লীং গৃহীত্বা ইত্যাদি গ্রন্থং ব্যাচষ্টে কর্ম্মবল্লীমিতি এবমুপরি স্বর্গগতোপি নরলোকসার্থমেব উপযাতি ॥ ৪০ ॥

তদেবং ভরতোক্তং ব্যাখ্যায় এতচ্চরিত সংগ্রহশ্লোকানাহ তস্যেদং কর্ম্ম শ্লোকৈরুপগায়ন্তি আর্ষভস্য ঋষভপুত্রস্য অন্যো নৃপঃ অনুবর্ত্ম নার্হতি বর্ত্মানুগন্তুং ন শক্নোতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনস্বিন ইতি এতদ্ব্যাচষ্টে যদপি যদ্যপি তদপি অস্যাং পৃথিব্যাং শয়ীরন্ কীদৃশ্যাং মমেয়মিতি কৃতোবৈরানুবন্ধো যস্যাং তস্যাং ইমাং বিসৃজ্য স্বয়মেব সংহৃতাঃ মৃতাঃ ॥ ৩৯ ॥

বল্লীং গৃহীত্বেত্যাদি অবশিষ্টং গ্রন্থং ব্যাচষ্টে। কর্ম্মবল্লীমবলম্ব্যেতি। এবমুপরিগতোপি স্বর্গী জনোপি সংসারাধ্বনি বর্ত্তমানঃ ॥ ৪০ ॥

ভরতোপাখ্যানমুপসংহৃত্য তন্মহিমানি প্রাচাং সম্মতিমাহ তস্য ইদং কর্ম্ম ॥

আর্ষভস্য ঋষভপুত্রস্য অনুবর্ত্ম বর্ত্মানুগন্তুং নার্হতি যোগ্যতাভাবাদিতি ভাবঃ। মনসা মনোরথেনাপি কিমুত কর্ম্মণা ॥ ৪১ ॥

অপর যে সকল রাজর্ষি দিগ্বিজয়ী, সর্ব্বদা যাগ যজ্ঞ করেন, তাঁহারও ঐ মার্গ অবরুদ্ধ করিতে সর্ব্বতো ভাবে সমর্থ হন না, তাঁহারা কেবল রণ ভূমিতেই শয়ন করেন, যে হেতু ঐ রাজর্ষিগণ 'আমার এই ভূমি' ইত্যাকার অভিমানে বৈরানুবন্ধ করত সমরাঙ্গনে আপনাদিগকে শয়ন করাইয়া স্বয়ং শমন সদনের পান্থ হইয়া থাকেন ॥ ৩৯ ॥

কোন২ লোক আপনার কর্ম্মসূত্র অবলম্বন করিয়া নরক রূপ আপদ্ হইতে কথঞ্চিৎ মুক্ত হয়, কিন্তু পুনর্ব্বার সংসার বর্ত্ম প্রাপ্ত হওয়াতে নরলোক সমূহের নিকট আসিয়া উপস্থিত হয়, স্বর্গগত লোকদেরও এই প্রকার গতি হইয়া থাকে ॥ ৪০ ॥

যোগিবর শুকদেব উক্ত প্রকারে ভরত বর্ণিত ভবাটবীর প্রকৃতার্থ ব্যাখ্যা করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, মহারাজ! সেই রাজর্ষি ভরতের পবিত্র চরিত্র এই প্রকারে সংক্ষেপে সংগ্রহ করিয়া পণ্ডিতগণ সর্ব্বদা গান করিয়া থাকেন। যদ্রূপ মক্ষিকা সকল গরুড়ের বর্ত্মানুসরণ করিতে পারে না তাহার ন্যায়, অন্য কোন রাজা সেই ঋষভতনয় রাজর্ষি ভরতের বর্ত্মানুবর্ত্তী হইতে সমর্থ হইবেন না ॥ ৪১ ॥

যোদুস্ত্যজান্ দার সুতান্ সুহৃদ্রাজ্যং হৃদিস্পৃশঃ। জহৌ যুবৈব মলবদুত্তমঃশ্লোকলালসঃ॥ ৪২
যোদুস্ত্যজান্ ক্ষিতি সুত স্বজনার্থদারান্ প্রার্থ্যাং শ্রিয়ং সুরবরৈঃ সদায়বলোকাং।
নৈচ্ছন্নৃপস্তদুচিতং মহতাং মধুদ্বিট্ সেবানুরক্তমনসামভবো হপি ফল্গুঃ॥ ৪৩॥
যজ্ঞায় ধর্ম্মপতয়ে বিধিনৈপুণায় যোগায় সাংখ্যশিরসে প্রকৃতীশ্বরায়।

শ্রীধরস্বামী।

অত্র হেতুমাহ য ইতি। সুহৃদ্রাজ্যয়োর্দ্বৈন্দ্বক্যং যোদুস্ত্যজান্ দারাদীন্ বিষ্ঠামিব জহৌ তস্যার্ষভস্যেতি সম্বন্ধঃ। দুস্ত্যজত্বে হেতুঃ হৃদিস্পৃশঃ মনোজ্ঞান্ ত্যাগে হেতুঃ উত্তমঃ শ্লোকে লালসা লম্পটত্বং যস্য॥ ৪২॥

তস্যৈবং বিষয় ত্যাগো ন চিত্রমিত্যাহ। য এবং ভূতোহসৌ নৃপঃ স ক্ষিত্যাদীন্ নৈচ্ছদিতি যৎ তদুচিতং সদয়াবলোকাং ভরতস্য দয়া যথা ভবতি এবমবলোকো যস্যা ইতি পরিজনাবলোকঃ শ্রিয়ামুপচর্য্যন্তে যতো মধুদ্বিষঃ সেবায়ামনুরক্তং মনো-যেষাং তেষাং মহতাং অভবো মোক্ষোপি ফল্গু তুচ্ছ এব॥ ৪৩॥

সেবানুরাগমেবাহ। যজ্ঞায়েতি যজ্ঞরূপায় ধর্ম্মপতয়ে যজ্ঞাদি ফলদাত্রে বিধৌ নৈপুণ্যং যস্য তস্মৈ ধর্ম্মানুষ্ঠাত্রে যোগোহষ্টাঙ্গস্তস্মৈ সাংখ্যং জ্ঞানং তচ্ছিরঃ প্রধানং ফলং যস্য তস্মৈ যোগায় প্রকৃতীশ্বরায় মায়ানিয়ন্ত্রে অতএব নারং জীবসমূহঃ অয়নমাশ্রয়ো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্য প্রেমানুভাবমাহ য ইত্যস্যোত্তরবাক্যগতত্বাৎ তৎ পদাপেক্ষা মীলিতং যদভিরামতাধিক ইতি বদ্দুস্ত্যজত্বে হেতুঃ। হৃদিস্পৃশঃ মনোহরান্ সুহৃদ্রাজ্যয়োর্দ্বৈন্দ্বক্যং যুবৈবেতি বার্দ্ধক্যে ত্যাগিভ্যঃ প্রিয়ব্রতাদিভ্যোপ্যুৎকর্ষঃ। মলবদিতি যথা মলস্য ত্যাগ এব নির্বৃতিঃ ত্যাগাভাবে কষ্টং ত্যক্তস্য তস্য স্মরণেপি নিষ্ঠীবনোদ্গমস্তথৈবেতি ত্যাগেপ্যন্যেভ্যোবৈলক্ষণ্যাদুৎকর্ষঃ। তত্র হেতুঃ উত্তমঃ সর্ব্বোৎকৃষ্টঃ। রূপ গুণ লীলামাধুর্য্যৈশ্বর্য্যস্য সম্বন্ধী শ্লোকোযশো যস্য তস্মিন্ লালসঃ দর্শনাদ্যৌৎসুক্যং যস্য সঃ। তেন ভগবৎসৌন্দর্য্যাদ্যনাবিষ্ট সর্ব্বেন্দ্রিয়াণাং বিরক্তানাং দারাদয়ো ন মলতুল্যা ভবন্তীতি ভরতস্যোত্তম ভক্তত্বং ধ্বনিতং॥ ৪২॥

উক্তমেবার্থমুল্লাসেন পুনরপি স্পষ্টী কৃত্যাহ। য ইতি সদয়াবলোকাং ভরতস্য দয়া যথা ভবত্যেবমবলোকো যস্যা ইতি পরিজনাবলোকঃ শ্রিয়ামুপচর্য্যত ইতি শ্রীস্বামিচরণাঃ। যদ্বা ভরতো বৈরাগ্যোত্থং শারীরকষ্টং মাস্মী করোতু ময়া লাল্যমানো গৃহ এব তিষ্ঠত্বিতি সদয়োহবলোকো যস্যা স্তাং অভবোমোক্ষোপি ফল্গুস্তুচ্ছস্তত্রাপি বিরজ্যন্তীত্যর্থঃ॥ ৪৩॥

যজ্ঞায়েতি ত্রিভিঃ পাদৈঃ ক্রমেণ কর্ম্মজ্ঞান ভক্তিমার্গাণাং যথোত্তরমুৎকর্ষো ব্যঞ্জিতঃ। বিধের্যজ্ঞবিধে নৈপুণ্যং যস্মাত্তস্মৈ।

সেই মহানুভাব ভরত উত্তমঃশ্লোক ভগবানের প্রতি আত্যন্তিকী ভক্তি বশতঃ যৌবন কালেই পুত্র, কলত্র, সুহৃৎ, রাজ্য ইত্যাদি বিষয় সকল মনোজ্ঞত্ব প্রযুক্ত দুস্ত্যজ হইলেও মলবৎ পরিত্যাগ করিয়া ছিলেন॥ ৪২॥

ফলতঃ তাঁহার চিত্ত ভগবদ্ভক্তি নিমিত্ত সততই ব্যাকুল থাকিত, ইহাতে তিনি যে দুস্ত্যজ রাজ্য ও পুত্র কলত্র ধন জন ইত্যাদিতে এবং অমরোত্তমদিগের প্রার্থনীয়া কমলা, যিনি দয়া ভাজন হইবার নিমিত্ত তাঁহার প্রতি দীন ভাবে অবলোকন করিতেন, তাঁহাতেও অনিচ্ছা প্রকাশ করেন, ইহা তাঁহার উচিত কর্ম্ম বটে, কারণ যে সকল মহৎ পুরুষের চিত্ত, ভগবান্ মধুরিপুর সেবাতে অনুরক্ত, তাঁহাদের নিকট পরম পুরুষার্থ মুক্তিও অতি অকিঞ্চিৎকর হয়॥ ৪৩॥

মহারাজ! ঐ রাজর্ষি ভরত মৃগদেহ পরিত্যাগ করিবার সময় "যে ভগবান্ যজ্ঞ রূপ, যজ্ঞাদি ফলদাতা, ধর্ম্মানুষ্ঠান কর্ত্তা, অষ্টাঙ্গ যোগরূপী, জ্ঞানই যাঁহার প্রধান ফল, তাদৃশ যোগমূর্ত্তি, মায়ানিয়ন্তা অতএব নার (জীব সমূহ) যাঁহার অয়ন (আশ্রয়) অর্থাৎ যিনি সর্ব্বজীবের নিয়ন্তা, সেই ভগবান্

নারায়ণায় হরয়ে নম ইত্যুদারং হাস্যন্ মৃগত্বমপি যঃ সমুদাজহার ॥ ৪৪ ॥

ইদং ভাগবত সভাজিতাবদাত গুণ কর্ম্মণো রাজর্ষে ভরতস্যানুচরিতং স্বস্ত্যয়নমায়ুষ্যং ধন্যং যশস্যং স্বর্গ্যমাপবর্গ্যং চানুশৃণোত্যাখ্যাত্যভিনন্দতি চ সর্ব্বাহ্যেবাশিষ আত্মন আশাস্তে ন কাঞ্চন পরত ইতি ॥ ৪৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভরতোপাখ্যানং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ভরতস্যাত্মজঃ সুমতির্নামাভিহিতো যমুহ বাব কেচিৎ পাষণ্ডিন ঋষভপদবীমনুবর্ত্তমানঞ্চানার্য্যা

শ্রীধরস্বামী ।

যস্তু তস্মৈ সর্ব্বজীব নিযন্ত্রে। এবং কর্ম্ম জ্ঞান দেবতা কাণ্ডৈঃ প্রতিপাদিতায় হরয়ে নম ইত্যুদারং উচ্চৈঃ সমাগুচ্চরিতবান্ মৃগত্বং মৃগদেহমপি হাস্যন্ ত্যজন্ য এবং ভূতঃ তস্য তদুচিতমিতি বা তস্যানুবর্ত্ম নার্হতীতি বা সম্বন্ধঃ ॥ ৪৪ ॥

ভরত চরিত্র শ্রবণাদি ফলমাহ ইদমিতি ভাগবতৈঃ সভাজিতা অবদাতাঃ শুদ্ধাঃ গুণাঃ কর্ম্মাণি চ যস্য তস্য ভরতস্যানুচরিতং যোঽনুশৃণোতি স আত্মন এব সকাশাৎ সর্ব্বা আশিষ আশাস্তে স্বতএব প্রাপ্নোতি নতু কাঞ্চিদপি পরস্মাদপেক্ষত ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্দ্দশঃ ॥ * ॥

এবমষ্টভিরধ্যায়ৈ ভরতস্যোক্তমীহিতং। ততঃ পঞ্চদশে তস্য কীর্ত্ত্যন্তে বংশজা নৃপাঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যজ্ঞায়েতি। ধর্ম্মরূপায় তৎ পালকায় তৎ প্রবর্ত্তকায় জ্ঞানসাধনরূপায় জ্ঞানরূপায় মায়ানিযন্ত্রে সর্ব্বজগদাশ্রয়ায় ততোপি পরায় হরয়ে মনোহরায় দাস্যেনাত্মানং সমর্পয়ামীত্যর্থঃ ॥ ৪৪ ॥ ৪৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

হাস্যন্ ত্যজন্ তেন মরণকালেন উদাজহার তথা সতি জহদিত্যুচ্যতে। ভগবতৈব স্বভক্ত্যুদ্রেকার্থং পুনর্জ্জন্মিষ্যমাণত্বাদিতি ভাবঃ ॥ ৪৪ ॥

ভাগবতৈঃ শ্রীভাগবতেঽস্মিন্ শাস্ত্রে বা সভাজিতাঃ স্তুতা অবদাতাঃ শুদ্ধাগুণাঃ কর্ম্মাণি যস্য। আত্মন এবেতি সর্ব্ব বাঞ্ছিতানি তস্যানায়াসেনৈব স্বতঃ প্রাপ্তানি ভবন্তীত্যর্থঃ ॥ ৪৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অথ পঞ্চদশে রাজ্ঞোগয়স্য মহিমোচ্যতে। যঃ প্রিয়ব্রতবংশ্যানামন্ত্যোঽস্য বিরজস্য চ ॥ ০ ॥

হরিকে নমস্কার করি” এই বাক্য উচ্চৈঃস্বরে উচ্চারণ করিয়া ছিলেন, তাঁহার বর্ত্মানুবর্ত্তন করিতে কোন্ ব্যক্তি যোগ্য হইবেন ? ॥ ৪৪ ॥

মহারাজ ! রাজর্ষি ভরতের গুণ ও কর্ম্ম অতিশয় পবিত্র ভগবদ্ভক্ত ব্যক্তি মাত্রে ঐ দুইয়ের আদর করিয়া থাকেন, অতএব ঐ মহাত্মার এই চরিত্র পরম মঙ্গল জনক, পরমায়ু বর্দ্ধক, ধন্য, যশস্য এবং স্বর্গ মোক্ষের সাধক। যে মানব ভক্তি পূর্ব্বক এই চরিত্র শ্রবণ অথবা পাঠ করিবেন কিম্বা যিনি ইহাতে আমোদ করিবেন, তিনি আপনা হইতেই সমস্ত মঙ্গল প্রাপ্ত হইবেন, অন্যের নিকট হইতে তাঁহার কল্যাণ লাভের অপেক্ষা থাকিবে না ॥ ৪৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশাধ্যায়ে ভরতবংশজাত নৃপতিদিগের বর্ণন ॥ ০ ॥

অবেদসমাম্নাতাং দেবতাং স্বমনীষয়া পাপীয়স্যা কলৌ কল্পয়িষ্যন্তি। তস্মাদ্বৃদ্ধসেনায়াং দেবতাজিন্নামাপুত্রোঽভবৎ ॥ ১ ॥

অথাসুর্য্যাং তত্তনয়ো দেবদ্যুম্নস্ততো ধেনুমত্যাং সুতঃ পরমেষ্ঠী তস্য সুবর্চ্চলায়াং প্রতীহ উপজাতঃ ॥ ২ ॥

য আত্মবিদ্যামাখ্যায় স্বয়ং সংশুদ্ধো মহাপুরুষমনুসস্মার ॥ ৩ ॥

প্রতীহাৎ সুবর্চ্চলায়াং প্রতিহর্ত্রাদয় স্ত্রয় আসন্নিজ্যাকোবিদাঃ সূনবঃ ॥ ৪ ॥

প্রতিহর্ত্তুস্তুত্যামজভূমানাবজনিষাতাং। ভূম্ন ঋষিকুল্যায়ামুদ্গীথস্ততঃ প্রস্তাবো

শ্রীধরস্বামী।

ঋষভস্য পদবীং জীবন্মুক্তমার্গ মনুবর্ত্তমানং যং দৃষ্ট্বেতি শেষঃ। যদ্বা যং সুমতিং অবেদ সমাম্নাতাং দেবতাং কল্পয়িষ্যন্তি বুদ্ধোঽয়ং সাক্ষাদবতীর্ণ ইতি মংস্যন্ত ইত্যর্থঃ ॥ ১ ॥

তত্তনয়ঃ দেবতাজিতঃ পুত্রঃ ॥ ২ ॥

আত্মবিদ্যাং বহুভ্য আখ্যায় ব্যাখ্যানেনৈব স্বয়ং সংশুদ্ধোঽনুসস্মার অপরোক্ষ তয়া অনুভূতবান্ ॥ ৩ ॥

প্রতিহর্ত্তা প্রস্তোতা উদ্গাতেতি ত্রয়ো যজ্ঞনিপুণাঃ সূনব আসন্ ॥ ৪ ॥

অজনিষাতাং জাতৌ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ

কল্পয়িষ্যন্তি। আমর্ষ এব লৃট্ নতু ভবিষ্যতি। তস্য কলেভূর্তত্বাৎ। তথা চ সূত্রং অনবকপ্তামর্ষয়োরকিং বৃত্তেপীতি। ১। । ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

